A

BRIET SURVEY

от ли#

ENGLISH CONSTITUTION,

IN THREE PARTS.

BŸ

RAJKUMAR SARBADHIKARI

CAN

Mevised by

BABOO RAMAPRASAD ROY.

रेश्न एउत्र भामन-अनानी।

প্রথম, দ্বিতীয়, ও তৃতীয় ভাগ!

এরাজকুমান সর্বাধিকারি প্রণীত 🛚

শ্রীযুত বারু রমাপ্রসাদ রায় 🕬

Calcutta:

THE PRESIDENCY

1862.

Appointed by the Senate

OF THE

CALCUITA UNIVERSITY

HUH

THE EXAMINATIONS

 θT

1863

art I. For Entrance.

Tart II. For First Examination in Arts.

For B. A. Examination.

উরিলিয়ম্, এস্, সিটন্ কার্ সাহেব মহোদয় সমী:পেষু

সাদরসম্ভাদণম্

রাজপুরষণণের মধ্যে আপনি বঙ্গভাষায় স্থপ
শ্বিত। বঙ্গভাষার উন্নতিকপে এবং বঙ্গদেশুনাসিগণের জীরন্ধিসাধনে, আপনি একান্ত । ত্রু আকান্তর্জন।
ও চেকী করিয়।খাকেন। অতএন আপনার উদ্দেশেই
এই ক্ষুদ্র এন্থ খানি উৎসর্গীকৃত হইল। ভারতবর্ষ
বাসাদিগের জগদাশ্বরের : কটে স্বিনয়ে প্রার্থনা
এই যেন আপনার মত সকল বাজপুরুষেরাই এ
দেশের আচার, ব্যবহার, বীতি, নাতি ও বিদ্যা
বুদ্ধির পরিচয় পাইয়া, ভারতভূমির মঙ্গল বিধানে
সঙ্কপ্য করেন।

প্রায় এক শতান্দী অতীত ইইল ইংরেজেরা ভারতবর্ষে আধিপত্য স্থাপন করিয়াছেন : কিছু আশ্চর্যোর বিষয় এই যে, আজি পর্যান্ত এদেশস্থ অনেকেই
ইংলণ্ডের বল, বীয়া, সাহস,পরাক্রম,সমৃদ্ধি, মাহাস্থ ও শাসন-প্রণালা প্রভৃতি বিষয়ে কিছু মাত্র স্থান না ; অধিক কি ইংবেজেরা কোন স্থান হইছে সিয়াছেন, ইহাও অনেকে বিদিত নহেন । প্রথাত না থাকায় মধ্যে মধ্যে নানা অন্থ পাকে । এই সকল বিষয়ের বিন্দু বিসর্গ না জানিয়াই.
বিদ্যোহীদিগের এতাদৃশ প্রাদুর্ভাব হইং ছিল। তাহারা সিদ্ধান্ত করিয়া রাখিয়াছিল . হ, ভারত্রর্মস্থ
ইংরেজদিগকে দূর করিয়া দিলেই তাতারা কৃতকায়া
হইবে । তাহাদের এই রূপ লম না থাকিলে কত
শত বিপদ্হইতে উদ্ধার পাইবাব সম্ভাবন। ছিল।

আমাদের দেশেব অক্সানান্ধ লোকদিগের ভ্রম সংশোধন করিয়া দিবার নিমিত্তই এই ক্ষুদ্র গ্রন্থ খানি নঙ্কিপিত হইযাছে। ক্রমে ক্রমে ইংলপ্তের শাসন-প্রণার্লা ঘটিত অন্যানা বিষয় প্রচারিত হইবে।

আমার পরমাত্মীয় খ্রীযুত রাজকুমার সর্বাধিকারী আমার পরামশারুসারে এই গ্রন্থ থানি প্রণয়ন করি-য়াছেন। তিনি এই পুস্তক থানি সঙ্কলন করিবার নিমিক্ত যণোচিত পরিশ্রম করিয়াছেন। এক্ষণে গ্রন্থ খানি সর্ব্য আদৃত ও প্রচারিত ছইলে, এবং ইহাতে সাধারণের উপকার দর্শিলে, আমাদের মনোর্থ সিদ্ধ হয়।

কলিকাতা, ২০শে জুন, ১৮৬১। } জীরমাপ্রসাদ রায়।

শুদ্ধিপত্র।

অ শ্বন	শুক
পীড়িত।	পীড়িত
ইহার	ইহাবা
'বিবান	'বিবান'
कू हे न्य् (वक्ष्	कूरेम् तिक्ष् ଓ
নামক	কমন্ প্লিস্ নামক
অ পরাধে	অপরাধ
জননী; কজন	जनक, जननी;
স্ব দ্যাতকের	স্ব হয় তে
সেই সমুদায়ের	সেই সমুদায় স্বত্ব
	বিষয়ক অপকা রের
প্রকাশ	প্রচার
হানি হয়, ও	হানি হয়, অথবা
	হানি হইবাঁর,কিংবা
	পীড়িত। हेडाর বিবান কুইন্ত্বপ্ নামক অপরাধে জননী; কজন স্মুদারের প্রকাশ

১৪৭।১৫ করিলে কর. করিলে. এবং খর তাহাতে বাস্তবিক কোন হানি না हर्गल. अहमा ३६ । पश्ट তাহাকে ১৫৯। ১৪ নিহ্ববাপশাব নিহ্রবাপহার ১৬৪। ১২ কমন প্লিস্ कूटेन (वशः ২৭৪।৭ সেই খানে সুতানটী রক্ষিত করিবার নিমিত্ত সেণ্ট পিটর্সবর্গ ১৭৪। ১১ কলিকাভার ভিন্ন কলিকাতার 21 265 ব্ৰুক করুক

प्रश्लेश

-इंश्नरखत्र मामन-अंशानी।



শিবা।—আর্যা! ছর্জয় ইংরেজ জাতি ক্রমের্করের
সমুদায় পৃথিবী জয় করিতেছে। শুনিয়াছি,
পৃথিবীর এমন স্থানই নাই যেখানে ইংরেজদের
নাম কর্ণগোচর হয় না। পৃথিবীস্থ সকল
জাতিই ইহাদিগকে ভয় করিয়া চলে। ইহাদের
প্রতাপ ভারতবর্ষের সকল স্থানেই ব্যাপিয়াছে।
আপনিই আমাকে এক দিন বলিয়াছিলেন, যে
পৃথিবীর আদি অবধি আজি পর্যান্ত জনেক
জাতিই আপনাদের দেশকে অগ্রগণ্য করিয়াছিল,
কিন্তু কেহই ইংরেজদের নাায় বিজ্ঞা প্রকাশ
করিতে পারে নাই। ইহারা কে কোণা হইতে
আসিয়াছে : কিরপে ইহাদের এক সমৃত্রি হইক

ইহাদের স্থদেশের শাসন-প্রণালী কিবাপ । এই সকল কথা বিশেব করিয়া জানিতে আমার অভ্যন্ত ইচ্ছা হর। মহাশয় অনুগ্রহ করিয়া আমার মানস পূর্ণ করুন।

গুড়া—ইংরেজনের নেশের বিবরণ ও শাসন-প্রাক্তি প্রভৃতি বিষয় জানিতে ভূমি অতায় উৎ**সু**ক হইয়াছ। কত শতবার তুমি আমার নিকটে তোমার কৌতুহল প্রকাশ করিয়াছ: কিন্তু নানা কাৰ্য্যে নিতান্ত ব্যস্ত ছিলাম বলিয়া তোমার সে ইচ্ছা পূর্ণ করিতে পারি নাই। একণে ভোমার কৌতুক নিরুত্তি করিতে সঙ্গপ করি-য়াছি। অগ্নিতে মৃত প্রদান করিলে তাহা নির্দ্ধা:-িপিত না হইয়। বরং অধিকতর প্রজ্বলিত হইয়। উঠে, সেই ৰূপ তোমার জিজ্ঞাস্য বিষয়ে আনার নিকট হইতে যাহা কিছু শুনিবে, তাহাতে তোমার কৌতুক শান্ত হইবে না, বরং অধিক রূদ্ধি প্রাপ্ত হইবে। মে যাহা হউক, তোমার কি কি জানিতে ইচ্ছা হয়, এক এক করিয়া জিজ্ঞাস। কর।

শিষ্য।—ইংরেজার। কে । কোথা হইতে। সামিয়াছে । ইহা প্রথমে বলুন। শুর ।—তোমার বিদিত আছে, পৃথিবীর স্থানতাগ পাঁচ মহাথণ্ডে বিভক্ত। তথাপ্তে ইউজ্জাপ এক মহাথণ্ড। তুমি ইহাও জান মে ঐ মহাথণ্ড ভারতবর্ষ হইতে বহদুরে উত্তর পশ্চমদিকে স্থিত; এবং তাহাতে নিমুলিখিত করেকটা দেশ আছে!

ভেন্সার্ক, যাহাকে এনেশে ভিনামারের দেশ বলে। বেল্জিয়ম্। হলও, বাহাকে এনেশে ওলন্দাজের দেশ বলে। প্রশিরা। স্থেন্ ও পোর্টুগেল। ক্রান্স, বাহাকে এনেশে করাসীমনের দেশ কহে।

সূইট্সল্ও, এখানে অনেক পর্বত; ই-হাকে পর্বতের দেশ বলিলেই হয়। জর্মানি, যাহাকে সামান্ত জ্পানদেশ বলে। অভিনা। রুসিয়া। ইটেলী, এদেশেই রুম নগর। তুরুক্ষ। গ্রীস।

ইহাদের মধ্যে রুসিয়া, জুলে, অফ্রিয়া এবং প্রশিয়া এই চারিটা সকলের প্রধান। ইউরোপের পরিমানফুল ৪০ লক্ষ বর্গ মাইল, অধিবাসীর সংখ্যা ২৫ কোটি। ইহার মধ্যে রুসিয়া সর্বা-পেক্ষা বড়; রুসিয়া ইউরোপের অর্দ্ধেক অপে-ক্ষাও অধিক স্থান ব্যাপিয়া রহিয়াছে।

िनिया ।—करे, रेशंत मध्य रेश्ना खंत नाम कतित्वन ना ?

শুরু ।— যদিও ইংলও ইউরোপের দেশ বলিয়া পরিগণিত, তথাপি ইউরোপের সহিত ইহার কোন সংস্রব নাই, এ কথা বলিলে বলা বায়। এক সমুদ্র শাখা তাহাকে বিভিন্ন করিয়া রাখিয়াছে। ইউরোপের উত্তর-পশ্চিম কোণে আট্লাণ্টিক মহাসাগরের গর্বে ব্রিটিস্ দ্বীপপুঞ্জ নামে কাঁতকগুলি দ্বীপ আছে। সেই সমুদার দ্বীপ এক রাজার অধিকারভুক্ত। সেই রাজার

বাজাকে গ্রেট্ডিটন্ ও সায়ল ভের সংযুক্ত রাজ, এথবা স কোপে তিটিস সামাজ। কাছে, এ রাজ;কেই আমাদের দেশের লোকেরা সচরাচব থিলাত থিলায় থাকে।

একটা সমুদ্র শাখা আয়ল ওকে ত্রিটন দ্বীপ হুহতে নিজিল্ল ববিয়াছে। ব্রিটন ধাপটা শ্ব**র্হোক্ত** ममून य दील जालका हुइद। दिव्हेन दिन-ध्यान जोर्ग दिउङ्--१९ल ७, कडेंग७ ७ ५८त्रन्**म** । श्रात मर्ग कर्ष्त्व अर्रहायत । अवेनरक्ष्य সকল হানের ভুমি এক ৰাগ নতে, ডালাদেব থাকারের অনেক তেন আছে। এই নিমিন্ত স্কলন্ত চুফ প্রধান ভাগে বিভক্ত, উন্নছ ও নিমু অঞ্চল। মধ্য ভাগ, পশ্চিম ভাগ, এবং উদ্ভব-্শিচম ভ'গকে উন্নত অঞ্চল কছে। উন্নত অঞ্চ-'লের ভূনি অতিশয় বন্ধর এবং পর্বতময়। বক দেশের লোক এবং রজপুত প্রভৃতি ভারতবর্ষের উত্তর পশ্চিম ए লোক, ইহাদের যেরপ প্রভেদ, ঋট্লভেব উন্নত অঞ্লের লোক এবং নিমু অঞ্চ-্সের লোকু, 'ভাগদের'ও সেই রূপ প্রভেদ। কনি-সাতায় স্কট্লও দেশীয় যে সকল সৈন্য দেখিয়াছ

देश्वटख्त मामन-धनाशी । याशांदक मामाना ভाषाय त्व छो। शन् छेन वतन ভাহার। এই অঞ্লের লোক। স্কট্লণ্ডে অসম্বা হুদ আছে। তাহার মধ্যে কতকগুলি দেখিতে অতি রমণীয়। স্কট্লণ্ডের ভূমি অধিক উ**র্ব**র নয়। কিন্তু সেখানকার ক্লবকের। ক্লবি কর্ম্মে অতিশয় নিপুণ। পরন্ত ভূমি অধিক উর্মারা নয় বলিয়া তাহাদের সেই নৈপুণ্যে অধিক কল দেখে मा। **कोन** ए हेश्न ७ व्यापका भीड व्यक्ति। हेश्तुराज्या त्यमन मर्च विषया निश्चन, ऋरणेता रेश्न ध्वामीतन्त्र जारभका किहूरे कम नग्न। भूई-কালে ইংরেজদের ও ফটদের অতিশর বিরোধ ছিল, ইহাদের পরম্পর বতন্ত্র বতন্ত্র রাজ্য ছিল। मार्थ ७ म्बेल यमन, कर्षे ७ देशतरक मह ৰূপ ভাব ছিল। উত্তয় পক্ষে কন্ত শত রক্তময় সংগ্রাম হইয়া গিয়াছে। এখন কিন্তু ইংলগু ও कर्नटखत वर महान । वर्ष कम्मनारम कर्न-ণ্ডের এক জন রাজ। মাতৃকুল সম্পর্কে ইংলণ্ডের রাজা পাইয়া ছিলেন। তাঁহার প্রপৌতী মহারাণী ग्रान् यिछरीटछेत जटमत २००१ वर्गत श्रदत

ইংলপ্ত ও কট্লপ্ত মিলিত করেন। সেই অবধি

এখানে আর স্বতন্ত্র রাজানাই। কিন্তু রাজা স্বতন্ত্র নয় বলিয়া তুমি ইয়া মনে করিয়া রাখিও না, যে ইংলণ্ডের ও স্কট্লণ্ডের আইন এক। স্কট্লণ্ডের অনেক আইন ইংণ্ডের আইন হইতে তিন্ন। স্কট্লণ্ডের পূর্ব রাজাদের রাজ-ধানী এতিন্বরা নগরে ছিল।

कर्निएउत मिकर्ग रेशन छ। रेशनए ७ वर्ष-वानी मिशक्बर देश्दत्रक वटन, এवः देशनटख्य পশ্চিমে ওয়েল্ন। ইংলও, কট্লও ও ওয়েল্স এই তিনের মধ্যে ইংলগু সর্বাপেকা বড়, স্কট্লণ্ড ইংলণ্ড অপেকা ছোট, ওয়েল্ম আবার क्रिन्छ अर्थका ছোট। ইःन ७ ७ ७ छात्रन्म् ইংলও নামেই পরিচিত। তাহাদের পরস্পর অধিক প্রভেদ নাই। ইংলও ও স্কট্লও অপূর্ব স্থানে স্থাপিত। চতুর্দ্ধিকে সমুদ্র, মধাস্থলে ইংলও ও স্কট্লও। ইংলওের সমুদ্রতীরস্থ ভূমি, করাতের ধারের ন্যায় আঁকা বাঁকা বা দন্তর। এই সকল স্থানে অসন্থ্য বন্দর নির্মিত হুইয়াছে। ইংলত্তের পরিমাণ কল ৫৮,০০০ বর্গ মাইল। অধিবাসীর সংখ্যা প্রায় ১,৮০,০০,০০০।

ইংলণ্ডের অবস্থান দেখিয়া বিবেচনা করিলে হঠাৎ বোধ হয়, যে এখানে শীভাতপ অতিশয় প্রবল। কিন্তু চতুর্দ্দিকে সমুদ্র বেষ্টিত বলিয়া এখানে শীত, অথবা গ্রীয়া অধিক নয়। কিন্তু ভারতবর্ষ অপেকা এখানে শীতের অতিশয় প্রাত্নভর্ব।

ইংলত্তের নিমুতল ভূমি অতিশয় উর্ব্রা। আবাদ করিলে তাহাতে বিবিধ শস্য উৎপন্ন হই-বার সন্তাবনা; কিন্তু গো মেব প্রভৃতি গ্রাম্য জন্তু চরিবে বলিয়া ইংলণ্ডের প্রার অর্দ্ধেক জমিতে চাৰ করা হয় না। তোট্ ত্রিটন, ইংলও কট্লও ও ওয়েল্স এই তিন প্রধান ভাগে বিভক্ত। এই তিন ভাগ আবার অনেক কুদ্র কুদ্র ভাগে বিভক্ত। সেই সমুদর ক্ষুত্রভাগকে এক এক কডিণ্টি বা শায়র কহে। যাহাকে এদেশে জিলা, পরগণা ব। কিশমত বলিয়া থাকে, সায়র তাহারই প্রতিক্প हुश्लक इल्लिम, अरत्नम बात, अवर ऋष्ट्रेलक তেত্রিশ শায়রে বিভক্ত।

শিষ্য।—ইংলও, স্কট্লওও ওয়েশ্স দেশের বিবরণ শুনিলাম। আয়লভির উল্লেখ মাত্র করি- য়াছেন। কই আয়লভের কথা কিছু বলিলেন

ভর্ন।—তোমাকে পূর্বেই বলিয়াছি, এক সমুদ্র শাখা আয়র্লভিকে গ্রেটব্রিটন হইতে বিভিন্ন করিতেছে। আয়র্লভের ভূমি অভিশয় উর্বেরা। এখানে অপর্য্যাপ্ত শস্য জন্ম। কিন্তু এখানে কৃষিকর্মের তাদৃশ শৃত্যলা নাই ে ইং-রেজদের আহার ব্যবহার ও পরিচ্ছদ যে কপ্ ইহাদেরও সেই কপ।

পূর্বে আয়র্লও এক স্বতন্ত্র রাজ্য ছিল, কিন্তু
এখন পরাজিত হইয়া ইংলওের সহিত এক
হইয়া গিয়াছে। এখানকার রাজা ও ইংলওের
রাজা ছই ভিন্ন নয়। আয়র্লওে লার্ড লেফ্টনেন্ট নামে ইংলওেখরীর একজন প্রতিনিধি
অবস্থিতি করেন।

আমাদের দেশে অন্ন থেৰাপ প্রধান ভক্ষা দ্রব্য আয়র্লণ্ডে আলু সেই ৰূপ। আয়র্লণ্ড দেশের লোককে আইরিশ বলে। আইরিশেরা ভাত অথবা কুটি নাখাইয়া আলু খায়।

আয়লতের রাজধানী ডব্লিন্।

শিষ্য।—মহাশয় কট্লভের পূর্ব রাজধানী এডিম্বরা, এবং আয়র্লভের রাজধানী ডব্লিন্ বলিলেন। ইংলভের রাজধানীর কথা বলেন নাই। ইংলভের রাজধানীর নাম কি

গুরু।—লওন ইংলপ্তের রাজধানী। যেনন কলিকাত। তাগীরথীতীরে অবস্থিত, লওন সেই রূপ টেম্স নামক নদীর উত্য় তীরে স্থাপিত। লওন প্রকাণ্ড সহর।

লগুন দীর্ঘে প্রায় আট মাইল ও প্রস্থে ছয়।
পরিমাণ ফল প্রায় ৩৫ বর্গ মাইল। ইহাতে
১৪ হাজার জুট্ বা বড় বড় রাজপথ আছে।
২৫ লক্ষ লোক লগুনে বাস করে। লগুন
ভিন্ন ইংলণ্ডে নিম্-লিখিত করেকটা প্রধান নগর
আছে। লিবরপুল, ব্রিফল, ম্যানচেইর, বর্মিঙ্হাম, লীড্স, প্রিমথ, নরউইচ্, সেফিল্ড
নটিঙহাম, ইরর্ক, পোর্টস্মথ্। ইহার মধ্যে কোন
নগরেই ৫০ হাজার অপেক্ষা কম লোকের বাস
নাই।

মান্তেইরে সমুদয় তুলার কর্দ্ম হর: লীড্সে পশুমের কাজ হয়; বর্মিংহামে লৌহাদি নির্দ্মিত

ममुन्य जवा श्रञ्ज रवः (मिकन्र प्रती की ही প্রভৃতি প্রস্তুত হয়; নটিংহামে জরি প্রভৃতির কাঞ্চ হয়; নরউইচে তুলা পশ্ম আদি মিশ্রিত বস্তাদি প্রস্তুত হয়; লিবরপুল এবং ত্রিফীল ইহারা প্রকাণ্ড প্রকাও বন্দর। প্রিমণ্ড পোর্টকাথ এই ছুই হানে প্রায় সমুদয় জাহাজ থাকে।

শিব্য।—মহাশ্য বাহা বাহা বলিলেন-আমি সমুদয় মনোযোগ করিয়া শুনিয়াছি, ওবিষয়ে আমার কৌতৃক নিরুত্তি হইয়াছে। এখন এই কথা জানিতে ইচ্ছা হইতেছে। আমি প্রতি-দিন গঙ্গাতে অসংখ্য জাহাজ দেখিতে পাই। শুনিয়াছি ইহার মধ্যে অনেক বাণিজ্য জাহাক। ইংরেজদের বাণিজ্য কি অতিশয় বিস্তৃত 🖟

গুৰু।—শিশ্প ও বাণিজ্য কাৰ্য্যে কেহই ইংরে-জদিগকে পরাভূত করিতে পারে নাই। পৃথিবীর এমন স্থানই নাই, যেখানে ইংরেজ বণিক্দের গতিবিধি নাই। সমুদ্রের সর্ব স্থানেই ইহা-দের বাণিজ্য জাহাজ দৃষ্টিগোচর হয়। ইহাদের বহিৰাণিজ্য : যেৰূপ বহু বিস্তৃত, অন্তৰ্যাণিজ্যও সেই ৰূপ। বাণিজ্যে ইহাদের কিৰূপ সমূদ্ধি

হইয়াছে শুনিলে একেবারে বিশ্বিত হইতে হয়। বৎসরে বৎসরে ইহাদের দেশে প্রায় ১৮৭ কোটি টাকার সামগ্রী আমদানি, এবং ১২২ কোটি টাকার সামগ্রী রপ্তানি হয়। কমবেশ ৩৭,৮০০ বাণিজ্যপোত ইহাদের আজ্ঞাবহ হইয়া রহিয়াছে এবং অন্যুন ২,৮৮,০০০ জন লোক জাহাজে मियु अ थाटि। कवन वानिका श्रेटकरे रेश्त्रक-দের এত সমৃদ্ধি একথা বলিলে নিতান্ত অসঙ্গত হয় না !

শवा।—महागन्न, हेहारनंत्र वानिरङातं कथाः ওনিয়া আমি বিশায়াপন হইয়াছি। ইহারা যেৰূপ বলশালী, সেইৰূপ কৰ্মদক। ইহাদের অসাধ্য किছूरे नारे। जाशनि याश विलालन, जाश শুনিয়া আমার বোধ হইতেছে, যে পৃথিবীর কোন জাতি কোন কালেই ইহাদের অপেকা व्यक्षिक वानिका-श्रिप्त रहा नारे, এবং वानिका হ্ইতেই আপনাদের এরপ ঐশ্বর্যা করিয়া তুলে नारे। ভারতবর্ষবাসিদিগের তে। কথাই নাই। আমাদিগের পিতামহেরা আমাদিগকে সমুক্রয়াত্রা-স্বীকার নিষেধ করিয়া গিয়াছেন। বুলিতে পারি

না, ইহাতে ভাঁহাদের কি অভিপ্রায় ছিল। ইং-রেজেরাই "বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ" এই শ্লোক-থণ্ডের মুথার্থ তাংপর্যাগ্রহ করিয়াছেন। হায়! কত কালে আমরা উহাদের মত বাণিজ্যপ্রিয় হইব, এবং সর্বা কর্ম্মে নিপুণ হইয়া উহাদের মত আপনাদের দেশকে প্রধান বলিয়া গণ্য করিব।

আর্য্য ! উহাদের কথা যত শুনিতেছি; তর্তই আমার কৌতুক রূদ্ধি হইতেছে। উহাদের দেশে বিদ্যাচর্চ্চা কি ৰূপ, জানিতে অত্যন্ত ইক্ষা হয় :

গুরু।—ভারতবর্ষে যেরপে বিদ্যা শিক্ষা হয়
এবং ইংলণ্ডে যেরপ বিদ্যা শিক্ষা হয়, এই তুই
তুলনা করিয়া দেখিলে শরীরে আর জ্ঞান থাকে
না। ইংলণ্ডে অধিকাংশ লোকেই বিদ্যার স্থাদ
গ্রহণ করিয়াছে, আমাদের দেশে অধিকাংশ
লোকেই মূর্য হইয়া রহিয়াছে। ইংলণ্ডে অধিকাংশ লোক আপনাদের পুত্রগণকে বিদ্যা শিক্ষা
করাইবার জন্য সমধিক য়ল্ল পায়, আমাদের
দেশে অনেকেই বিদ্যাকে বছমূল্য জ্ঞান করেন
না, এবং সেই নিমিন্ত আপনাদের সন্তানগণকে
বিদ্যা শিক্ষা করাইবার জন্য চেক্টা পান না।

ইংলত্ত্রের লোকের। গবর্ণমেন্টের নিকট হইতে কিছু মাত্র সাহায্য না লইয়া অসপ্তা বিদ্যালয় সংস্থাপন করিয়: আপনাদের এইদ্ধি করিয়াছে; আমাদের দেশে বিদ্যা শিক্ষা বিষয়ে যাহা কিছু আছে সকলি প্রায় গবর্ণমেন্টের। দূর কর, ওকথায় আর কাজ নাই, ওসব কথা মনে করিলে কেবল আপনার মনে আপনি কফী দেওয়া হয়।

रेश्लाए कि धनवान कि मतिज, कि मधा वन्न, সকলেরই বিদ্যা শিকার উপায় আছে। দেশের লোকদিগকে বিদ্যা দান করিবার নিমিত্ত গ্রণ-মেণ্ট যত চেষ্টা পান, দেশের লোকেরা তাহা অপেক্ষা অধিক যত্ন পায়। ইংলগু, ক্ষুদ্র কুদ্র বিদ্যালয়ে পরিপূর্ন। প্রতি পল্লীতেই এক একটী বিদ্যালয় আছে, একথা বলিলে নিতান্ত অ-সঙ্গত হয় না !

ইংলণ্ডে বিদ্যালয় সমূহের এবং ছাত্রবর্গের সখ্যা শুনিলে ভুমি একেবারে চকিত হইবে। শুদ্ধ ইংলণ্ডে বিশ্ববিদ্যালয় সমূহের অন্তর্গত कारलब मकल वाक किरलंड, १२,२०३ विकासलंब দৃষ্টি গোচর হয়; এবং ম্যুমাধিক > কোটি ৮০

লক্ষ অধিবাসীর মধ্য হইতে ৪৬ লক্ষ বাক্তি ঐ সমস্ত পাঠশালার পাঠাভ্যাস করে। ইংলগু कर्ल- अ आयर्न ७ जनमाना भाषि अधान বিশ্ববিদ্যালয় আছে। এখানে যাঁহারা অধ্যয়ন করিয়াছেন, পৃথিবীর সর্বা স্থানের লোকেরাই তাঁহাদের গেীরব করিয়া থাকে। ইংলতে বড় বড় পণ্ডিত আছেন। বিজ্ঞানশান্ত্রের এমন শাখা প্রশাখাই নাই, যাহাতে ইংরেজ পণ্ডিতেরা হস্তক্ষেপ করেন নাই। তাঁহার। আপনাদের গ্রন্থাকারে যে সকল কীর্তিস্তম্ভ রাথিয়া গিরা-ছেন, যত দিন চন্দ্র সূর্য্য থাকিবে, তত দিন ভাহারাও থাকিবে।

শিষ্য ৷—আর্য্য ! এখানে আপনাকে আর এক কথা জিজ্ঞাসা করিতে ইচ্ছা হইতেছে। 'আপনি বলিয়াছেন, ইংলও কট্লও ও আয়ল্ও এই তিন লইয়া ব্রিটন সাম্রাজ্য। এই তিনের কি স্বতন্ত্র স্বতন্ত্র ভাষা আছে, না তিনেরই এক ভাষা - এই তিনেরই ভাষাকে কি ইংরেজী ভাষা वैत्ल, ना किवल इंश्वरखत जावाक हे हैर्द्र की ক্হে:

্ গুরু।—ইংলগু দেশের ভাষাকেই ইংরেজী करहः; এবং ব্রিটন সাম্রাজ্যের সমুদয় পুস্তক ইংরেজী ভাষায় লিখিত। কিন্তু কটলও, আয়-র্ল ও ওয়েল্সের অনেকেই সচরাচর যে ভাষায় কথাকভা৷ কহে, তাহা প্রচলিত ইংরেজী ভাষা নহে, তাহাদিগকে এক এক স্বতন্ত্ৰ ভাষ বলিকে বলা যায়। যদিও সেই সব ভাষা ইংরাজী হইতে অধিক বিভিন্ন নয়, তথাপি এই তিন দেশবাসী কোন ব্যক্তি কথা কহিলে সে কোন্ দেশের লোক ইহা তৎক্ষণাৎ স্পষ্ট বুঝা যায়।

শিষ্য।—আর্য্য । যাহা আগনার মুখ হইতে নির্গত হইয়াছে, অতিশয় আগ্রহ সহকারে সেই সমুদয় ध्वर। করিয়াছি, এবং তাহাদিগকে কণ্ঠস্থ করিয়া রাখিতে সমধিক প্রয়াস পাইয়াছি। এখন ইংরেজদের স্বদেশের শাসন-প্রণালী জানিতে অত্যন্ত উৎসুক হইয়াছি। মহাশয় অনুগ্রহ করিয়া আমার অভিলাঘ পূর্ণ করুর।

खुक ।-- हेश्लटखुत भाजन-श्रेगांनी खानिएक গেলে, ইংল্ণের পূর্বগত রুপ্তান্ত সকলও জানা ছাতান্ত আবশ্যক। কিন্তু সেই সকল বলিতে গেলে অনেক সময় লাগিবে, অতএব ইংলপ্তের ইতিহাস ঘটিত তুই চারিটা সাব কথা বলিয়া मिव ।

প্রথমে সেল্ট নামে এক জাতি ইংলওে বাস করে। রিশুগ্রীফের জন্মের ৫৫ বৎসর পূবের দিগ্রিজয়ী রুম দেশের প্রধান সেনাপতি হুলিগুস্ সিজর রুম দেশের সেনাগুণ দমভি-व्याहारत हे १ ल छ जाकमन करतन। धर ममरत् ইংলও দেশবাসীর অতিশয় অসভ্য ছিল। তথন ইহার। উলঙ্গ থাকিত; কেহ বা পশুচর্ম পরিধান করিত, এবং সকলেই সর্বদ। আপনাদের অঙ্গ প্রত্যঙ্গ চিত্রিত করিত। তথন ইচার। লাঠা বর্ষা প্রভৃতি লইয়া যুদ্ধ করিত। ইংলণ্ডে তখন পৌতলিকত। অতিশয় প্রবল ছিল। ইংলণ্ডের অনেক স্থান জয় করিয়া য়িশুর্থীট জন্মের ৪১৮ বৎসর পরে (ব। সঞ্জেদপে ৪৪৮ খ্রীঅব্দে) রুম দেশীয়ের। ইংলগু পরিত্যাগ করিয়া যায়। রুম দেশীয়েরা প্রস্থান করিলে পর:জর্দান দেশের উত্তর হইতে স্যাক্সন নামে এক জাতি আসিয়া, ক্রমে ক্রমে সমুদয় ইংলও

জর করিয়া সাভটা কুদ্র রাজ্য ইহাতে স্থাপন করিল। কালক মে স্যাক্সন অবিপতি এগ্বট ৮২৮ খ্রীঅবেদ সেই সাহটা র'জাকে সংযুক্ত করিয়া ই লণ্ডে একাধিপতা স্থাপন করিলেন। স্যাক্সন রাজ্যের জরা উপস্থিত হইলে, দিন্-মারেবা ই॰লণ্ডে আসিয়া অনেক সংগ্রাম জয় করিয়া বভকটে ইংলণ্ডের সি॰হাসন অনিকার করিল। কিন্তু স্যাক্সনের। দিনামারদিগকে তাড়াইয়া দিয়, পুনর্বার আপনারা রাজ দ করিতে लाजिल। २०७७ श्री अप शर्या छ मार्मनिक्तित রাজত্ব ছিল। ঐ বংসর ক্রান্স দেশের অন্তর্গত নরমেণ্ডী দেশের অধিপতি, 'বিজেতা' উপাধি ধারী উইলিরম হেটিংস ক্ষেত্রের যুদ্ধে স্যাকসন দিগকে পরাভূত করিয়া ইংলণ্ডের রাজা হন। এবং কিছু কাল পরে তাঁহার মৃত্যু হইলে ষ্ঠাচার পুত্র সিংহাসনে অধিরোহণ করেন। এক্ষণে যে সব ইংরেজ দেখিতে পাও তাহাদের শরীরে পূর্বকথিত স্যাক্সন, দিনামার, এবং নর-মান্দিগের রক্ত প্রবাহিত হইতেছে ৷ বাস্তবিক 'এক্ষণকার ইংরেজ জাতি এবং রোমীয়দিগের

অধিকার সময়ের ই'বেজ জাতি এক নছে।
এক্ষণকার ই'রেজ জাতি এক বিমিশ্র জাতি।
সাাক্সন, দিনামার এবং নরমানের। মিশ্রিত
হইয়া এই জাতি উৎপন্ন করিয়াছে।

ইংলও বিজয়ের পর নিমু লিখিত শাসন-প্রণালী ঘটিত ক্ষেক্টা প্রধান প্রধান ঘটন: হইয়াছিল। ১२ ০০ গ্রী শতাব্দীর প্রারুটে ই**ংল**ও দেশে উলিয়ম রাজার বংশোদ্ভব উইলিয়ম হইতে সপ্তম রাজা জন নামে এক জন অতি তুরস্ত ভূপতি হন। তিনি অতিশয় প্রজ। পীড়ন করিতেন। তাঁহার ধর্মাধর্ম জ্ঞান ছিল না। তাঁহার মাহা ংস্বচ্ছা হইত তিনি তাহাই করিছেন। ভাঁচার অধিকার সময়ে প্রজাদিগের ধন প্রাণ মান কিছুই রকা হইত না। প্রজারা ভাঁহার আচরণে অতান্ত অসম্ভর্ষ হইয়াছিল। এই দৌরাক্সা নিবারণের নিমিপ্ত ইংলও দেশের সমুদয় সম্ভ্রান্ত ভূস্বামিগণ ভাঁহার বিপক্ষে এক বড়্যন্ত্র করিল, এবং রণিমিড্ নামক স্থানে 5> > १ थी चारकत > २ व जून जातिय जन्दक ধরিয়া মাগ্রাচ'ট। নামক এক সনন্দ পত্রে

জানের স্বাদ্দর করিয়া লইল। সেই অবধি জান ও তাঁহার পর যে সকল রাজা হইয়াছেন, তাঁহারা স্বেচ্ছাচারী হইয়া রাজত্ব করিতে পারেন না। এই মহাসনন্দ পত্র খানি ইংরেজদের স্বাধীনতার মূল স্বৰূপ। ইংরেজেরা ইহাকে त्रात्व कतिरव जानरम शमाम इत।

-শিকা।--মহাশয়, আমি আপনার কথা স্পষ্ট বুবিতে পারিলাম না। জনু দেশের রাজা ছিলেন। তিনি যাহা ইচ্ছা করিতে পারিতেন। আপনি যে সনন্দ পত্রের কথা উল্লেখ করিলেন. তাহাতে বোধ হয় তাঁহার ওতাঁহার উত্তরাধি-কারিগণের মানের লাঘব হইয়াছিল। তাহা হইলে, তিনি প্রজাদের কথায় সম্মত হইলেন কেন. এবং কেনই বা আপনার লাঘব স্বীকার করিয়া ঐ পত্তে স্বাক্ষর করিলেন।

গুরু।—বছকাল অবধি ইংরেজদের দেশে এই প্রথা প্রচলিত আছে, যে প্রজাদের সম্মতি না হইলে, রাজা প্রজার উপর কর নির্দ্ধারণ করিতে পারিবেন না। রাজাযত কেন ছদান্ত হউন না—্যত কেন দৌরাত্মা করুন না—তিনি

কুখনই এই রীতি অতিক্রম করিতে পারেন না—সুতরাং অন্ততঃ কর আদারের সময়, বা টাকার প্রয়োজন হইলে, রাজাকে প্রজাগণের প্রতিনিধিগণকে আহ্বান করিতে হইত, এবং তাহাদের অনুমতি লইয়া রাজস্ব আদায় করিতে •হইত। জানের টাকার বড় প্রয়োজন ছিল তিনি অতিশয় বাসনাসক্ত ছিলেন, এবং মিছা সংগ্রামে লিপ্ত হইতেন, সুতরাং টাকা না হইলে তাঁহার কোন মতেই চলিত না। তিনি যত কেন উপদ্ৰ কৰুন না, প্ৰজাগণের সাহায্য না লইয়া তাঁহার এক পা চলিবার ক্ষমতা ছিল না কিন্তু প্রজাগণ তাঁহার দৌরাল্মে অতিশয় পীড়িত। ও বিরক্ত হইয়াছিল, স্বতরাং তাহারা প্রতিজ্ঞ। कतिल (य, यनि जन् शृक्षकिष माश्नागर्ध। নামক মহাসন্দ পত্তে স্বাহ্নর না করেন, তাহারা কোন নতে তাঁহার রাজকোষ পূর্ণ করিরে না। जन् जातक को मान कतित्वन, ठाइाता किছू रिक् সমত হইল না। অধিকন্তু প্রজার। আবার সমরের উদ্যোগ করিতে লাগিল। জন্ চতুর্দ্দিক অন্ধাকার দেখিলেন, ও তখন অন্য কোন উপায় না দেখিয়। তাছাদের কথার সম্মত না হইয়া আর কি করেন। অগত্যা নত শির হইয়া ম্যাগ্না-চাটাতে দন্তথত করিলেন।

বংস! তোমার মুখভঙ্গী দেখিয়া আমার বোধ হইতেছে, যে আমি যাহা বলিলাম তাহা বুরিতে পারিয়াছ। এখন ইংরেজদের ইহা দারা কি লিভি ইইল তাহা বলি শুন।

জন্মাগ্নাচাটায় স্বাক্ষর করিলেন, এবং রাজভাণ্ডার ধনে পরিপূর্ণ করিলেন। কিন্তু ম'গ্লাচাট। অনুসারে কাষ্য করিতে তিনি ও তাহার উত্তরাধিকারিগণ কোনমতেই সন্মত নন। উপায পাইলে তাঁহারা ম্যাগাটার নিয়ম সকল ভঙ্গ করিতে কোন মতেই ক্রটি' করিতেন না। পরে অনেক বিবাদ বিসয়াদের পর ব্রীটনসাম্রাজ্যবাসী লোকেরা নিমু লিখিত ক্ষমত। প্রাপ্ত হইয়াছে ; এবং ইংরেজদের পূর্বপুরুষেরা আপনাদিগেরধন প্রাণ উৎসর্গ করিয়া যে স্বাধীনতা উপার্জন করিয়াছিলেন, অদ্যাপি তাঁহাদের পুত্রেরা নি-বিঘে ও নিরুদেগে তালা পুতা পৌতাদি কনে ভোগ করিয়া আসিতেছে।

ত্রীটন সামাজ্যের সমুদার প্রজা যে দিন অবধি ভূমিষ্ঠ হইয়াছে, সেই দিন অবধিই স্বাধীন। কি রাজ্বা কি প্রজা কেহই তাহাকে গোলামের ন্যায় বিক্রয় করিতে পারিবেন না। আইন অনুসারে বিচার না করিয়া ক্রেহই তাহার জীবন নাশ করিতে পারিবেন না। কেইই তাহাকে দেশবহিষ্কত করিতে পারিবেন না, বাসস্থান পরিতাপে করাইতে পারিবেন না, কারাফুদ্ধ क्रिंटिंग श्रीतिरवन ना। श्राप्तिन मर्था य श्राप्त ইচ্ছা হয় সেই খানেই প্রজারা বাস করিতে পারিবে, এবং যথন ইচ্ছ। বদেশ পরিত্যাগ করিয়া যাইতে পারিবে। বিচারালয়ের আজ্ঞানা হইলে কেহই অন্য ব্যক্তির স্থাবর অস্থাবরাদি বিষয়ে হস্তক্ষেপকরিতে পারিবে না। যখন ইচ্ছা প্রজারা রাজাকে, ও যেখানে আইন সমুদার প্রস্তুত হয় পার্লেমেণ্ট নামক সেই মহাসভাতে যে বিষয়ের ইচ্ছা হয় সেই বিষয়ের দরখান্ত করিতে পারিবে। প্রজাষত কুদ্র হউক না কেন ভাষার কোন স্ন্যায় বোধ হইলে, এবং সেই স্বন্যায় নিরাকরণের নিমিত্ত প্রার্থনা করিলে, বিচারপতিদিগ্রেণ্ডাহার বিচার করিতেই হইবে। ইংলগুদেশে হেবিয়স্
কর্পস্নামে এক আইন্ প্রচারিত আছে। তাহার
মর্মা এই যে, কোন ব্যক্তিই এমন কি রাজাও
কাহাকেও বিচার না করিয়া কারাগারে রুদ্ধ
রাখিতে পারিবেন না। নির্দ্ধারিত সময়ের মধ্যে
তাহার বিচার করিতেই হইবে। ইংলণ্ডে এই
এক নিয়ম আছে, যে কোন প্রজা কোন দোষ
করিলে তাহার বিচার করিবে।

বিল্ অব্ রাই ট্স্ বা "অধিকার পত্র" নামে আর এক আইন প্রচারিত হয়, তাহাতে প্রজ্ঞানের ও পার্লেমেন্ট মহাসভার কি কি ক্ষমতা ভাহা নির্দ্ধারিত হইরাছে। তাহার মর্ম্ম এই যে, পার্লেমেন্টের অনুমতি না হইলে রাজা আপন স্বেছার প্রচলিত কোন আইনের কার্য্য রোধাকরিতে পারিবেন না। পার্লেমেন্টের সম্মতি না হইলে, রাজা প্রজাগণের নিকট হইতে কর আদার করিতে পারিবেন না; এবং মৃত্য দিন ও যেকপে পার্লেমেন্ট কর আদার করিতে বলিবে, তত্ত দিন ও সেই কপে কর আদার করিবেন, ইহার অধিক, আর পারিবেন না।

প্রজানণের বিশেষ ক্ষমতা আতে বে,যে বিষয়ে ইছে। রাজার নিকটে দবগান্ত করিতে পারিবে । এই রূপ আবেদন করিয়াছে বলিয়া কেহ প্রজাকে কোন কথা বলিতে পারিবেন না। এই রূপ আবেদনের জন্যে প্রজাকে কারা দ্বা ব তাহার তাহানা করিলে আইন বিক্রু কাজ করা হাইবে।

পার্লেনেণ্টের সম্মতি না হইলে, শাস্তির সময়ে, রাজা স্থাদশে যুদ্ধ সময়ের মত সৈন্য রাথিতে পারিবেন না।

প্রজারা থালাকে ইচ্ছা তালাকে প্রতিনিধি স্বৰূপে গার্লেনেন্টে পাঠাইয়া দিবে, কেইই তলাতে আপত্তি করিতে পারিবেন না।

পার্লেমেন্টগৃতে বিচারের সময় কেছ কাছার কুৎসা করিলে অনা বিচারালয়ে ভাছার বিচার হুইবে না।

বিচারপতি কোন ব্যক্তির নিকট হইতে যেৰপ ইচ্ছ। জামিন চাহিতে পারিবেন না; কাহারও অপরিমিত জরিমানা করিতে পারিবেন না; এবং কাহাকেও যে ৰূপ ইচ্ছা নিষ্ঠুব দণ্ড দিতে পারি-বেন না। যেরপ আইন সেই অনুসারে জুরিদিগকে আহ্বান করিতে হইবে, এবং আইন অনুসারে তাহাদের বিদায় দিতে হইবে। রাজদোহের জন্যে দণ্ড করিতে হইলে, পৈতৃক ভূসামী বা আয়ুমাদারদিগকে 'ক্লুরি 'হইতে হইবে।

কোন ব্যক্তির দোষ সপ্রমাণ হইবার পূর্বে রাজা তাহার বিষয় কাড়িয়া লইতে পারিবেন না। আইন প্রস্তুত করিবার নিমিন্ত, এবং প্রচলিত আইন সকলের যে যে অংশ পরি-বর্ত্তিত করিতে হইবে, তাহার পরিবর্তনের জন্যে রাজা পার্লেমেন্ট আহ্বান করিতে বিলম্ব করিতে পারিবেন না।

বিল্ অব্ রাইট্ন্ অনুসারে প্রজারা এই এই এবং অন্যান্য ।অধিকার প্রাপ্ত হয়। মাগ্রা-চার্টা, হেবিয়স্ করপস্ এবং বিল্ অব্ রাইট্ন্ এই তিনটী ইংরেজদের স্বাধীনতার মূল স্কুপ।

প্রজাগণের আরও কতকগুলি বছ মূল্য স্বস্থ আছে।

বে কোন ব্যক্তি যে ধর্ম ইচ্ছা নেই ধর্মই শোশ্রম করিতে পারিবে। সমাদ পত্রপ্রচারকেরা আপন আপন সমাদ পত্রে সকল বিষয়ের কথাই উল্লেপ করিয়ঃ ভাহার দোবাদোব বিবেচনা করিতে পারিবে। ভাহাতে গ্রব্মেণ্ট কোন কথাই বলিতে পারি-বেন না। কিন্তু সমাদ পত্র প্রচারকেরা কাহারও মিথ্যাপ্রাদ করিতে পারিবেন না। ভাহা করিলে আইন অনুসারে মিথ্যাপ্রাদকের দেও হউবে।

শিষ্য ।—মহাশয় যাহা বলিলেন সমুদয় অবধান পূর্বক শুনিয়ছি। কিন্তু আমার অনেক
সংশয় উপস্থিত হইতেছে। বার বার মহাশয়
পার্লেমেন্টের কথা উল্লেখ করিয়াছেন। পার্লেমেন্ট কি: তাহা আমি কিছুই জানি না। মহাশয়ের
কথা শুনিয়া বােধ হইল, পালেনেন্টের অসাধারণ
ক্ষমতা। পার্লেমেন্টই যেন দেশের রাজা।
প্রক্রত রাজার কথা কই কিছুই বলিলেন না।
রাজার বিষয় ও পার্লেমেন্টের বিষয় শুনিছে
আমার অত্যক্ত ইচ্ছা হইতেছে। শাসন-প্রণালীর
কথাও কিন্তু বলেন নাই: এই সকল কথা
বলিয়া আমার মানস পূর্ণ কয়ন।

শুক ।— জনে কমে সমুদর বলিতেছি।
ইংরেজদের শাসন-প্রণালী অতি চনৎকার।
একথা মিথাা নয়, যে এখানে রাজারও ক্রমতা
নাই, প্রজারও ক্রমতা নাই, রাজারও ক্রমতা
আছে, প্রজারও ক্রমতা আছে। আপাততঃ
এই ছই বাক্য পরস্পর বিকল্প বলিয়া বোধ
কর, কিন্তু এ অতি যথার্থ কথা।

শিষা ৷—আর্যা ! আপনার কথা আমি কিছুই বুঝিতে পারিলাম না। রাজ্যে রাজার কমতা নাই, সে আঝার কি ? রাজার রাজ্যে প্রজার ক্ষত। আছে, তাই বা আবার কি : রাজাকে লইয়াই রাজ্য। তিনি পিতা স্বৰূপ, প্রজাগণ তাঁহার পুত্রস্বরূপ। পিতার পুত্রের উপর সম্পূর্ণ অধিকার। পিতা সর্বদাই পুত্রের মঙ্গল চেষ্ট। করিয়া থাকেন; পুত্রের ভাহাতে কোন কথা বলিবার অধিকার নাই। পিতা যাহ। বলি-বেন পুত্র তাহাই করিবে ৷ পিতা যদি ছরম হন, তাহা হইলেও পুত্রের কিছু করিবার ক্ষমতা নাই। তিনি যাহা বলিবেনতাহা অন্যায় হইলেও তাহাঞে ভাছাই করিতে হইবে; তাহা না করিলে পুজের

কর্ত্তব্য কর্ম করা 🖏 ন।। মহাশর! আমি শুনি-য়াছি, পরশুরাম পিতৃ আজ্ঞায় নাতার মন্তক ছেদন ্করিয়াছিলেন। শাস্ত্কারেরা রাজাকে উল্লেখ করিয়া বলিয়াছেন, "মহতী দেবতা গ্রেষা নর্বপেণ ভিষ্ঠতি"; রাজা দেবতা, ইনি মনুবা আকার ধারণ করিয়া মহীতলে অবস্থিতি কুরিতে-ছেন। ইংরেজেরা সেই রাজার মান্য করে হা কোন দেশেই তোঁ এই ৰূপ নাই। সুসলমান বাদ-সাহের যাহা ইচ্ছা,তিনি তাহাই করিতে পারিতেন। ভিনিমনে করিলে কাহাকেও অতুল ঐশ্বর্যাশালী করিয়া দিতে পারিতেন, মনে করিলে কাহাকেও বা দীন দরিদ্র করিতে পারিতেন। আমার সং স্কার আছে, রাজাই দেশের হর্তা কর্তা বিধাতা। তাঁহার রাজ্যে অন্য কাহারও অধিকার নাই। •কই, চিনের দেশেও তো এই ৰূপ নাই। হিচ্ছ রাজাদের সময়ে তো তারতবর্ধেও এরূপ ছিল না। এক্ষণেও ভারতবর্ষে যে সকল স্বদেশীয় রাজা আছেন, তাঁহাদের রাজ্যেও তো এই ৰূপ মাই। ইংরেজদের দেশে এক নূতন ধারা দেখিতে পাই। বাধ হয় উহাদের দেশ বড় অরাজক। শুরু।—অত উতলা হই । আমি যাহা বলি, মনোযোগ করিয়া শ্রবণ কর, তাহা হইলেই তোমার ভ্রম দূর হইবে। আদ্যোপান্ত ,সমুদ্র শুনিয়া যদি কিছু সংশয় থাকে বলিও, বুঝাইয়া দিব।

ইংলণ্ডে রাজা, প্রজা ও সন্ত্যান্ত ভূষামিগণ অকবাক্য হইয়া আইন প্রস্তুত করেন। এক-বাক্য না হইলে কোন বিষয়েরই নিষ্পত্তি হয় না।

রাজা ও পার্লেমেন্টের কথা এক এক করিয়া বলিতেছি শ্রবণ কর। তাহা হইলে ইংরেজনের শাসন-প্রণালী কি রূপ অদ্ভূত, তাহা বুঝিতে পারিবে।

ইংলগু দেশে রাজপদ পুরুষানুক্রমিক, অর্থাৎ
সিংহাসনত্থ রাজার মৃত্যু হইলে রাজার উত্তরাধিকারিগণ তাঁহার সিংহাসন গ্রহণ করেন। কিন্তু
রাজার পুত্র ও কন্যা ছই থাকিলে, কন্যা রাজ্য
না পাইয়া পুত্র রাজ্য পাইবেন, এবং একাধিক
পুত্র থাকিলে জ্যেষ্ঠ পুত্র সিংহাসন অধিকার
করেন। জ্যেষ্ঠ ভ্রান্ডা অপত্যশূন্য হইয়া লোকাহরু গমন করিলে ভাঁহার কনিষ্ঠ, রাজ্য পাঁইবেন।

ভাতা বর্ত্তমান থাকিতে ভগিনীরা রাজত্ব পাইবেন না। জ্যেষ্ঠ কন্যার কনিষ্ঠ অপেক্ষা সিংহাসনে অধিক স্বত্ব। সিংহাসনস্থ কোন রাজার মৃত্যু হইলে, তাঁহার খুড়া, ভাইপো, ভাই, প্রভৃতি বর্ত্ত-মান থাকিলেও তাঁহার পুত্র না থাকিলে, কন্যাই রাজত্ব পাইবেন। এক্ষণে মহারাণী বিষ্টোরিয়া নামে এক জন স্ত্রী রাজত্ব করিতেছেন। ইনি ইহাঁর পিতৃব্যের সিংহাসন পাইয়াছেন। ইহাঁর পিতৃব্যের পুত্র কন্যা প্রভৃতি ইহাঁ অপেক্ষা অধিক স্বত্বযুক্ত উত্তরাধিকারী ছিলেন না। সেই নিমিত্তেই ইনি রাজত্ব পাইয়াছেন।

মহারাণী ও তাঁহার মন্ত্রিগিণ আইন অনুসারে কার্য্য হইল কিনা, তাহারই সর্বদা তত্ত্বাবধারণ করিয়া থাকেন। কিন্তু আইন প্রস্তুত করিবার ক্ষমতা তাঁহাদের নাই। ইংলণ্ডে পার্লেমেন্ট নামে এক মহা সভা আছে, সেই থানেই সমুদ্র আইন প্রস্তুত হয়। পার্লেমেন্টের কথা পরে বলিতেছি, ইংলণ্ডে রাজার কি কি ক্ষমতা তাহা

তোমার বিদিত আছে, খ্রীফীনধর্ম ছুই প্রধান

সম্পুদারেবিভক্ত। রোমান্ কাথলিক্ ও প্রটেষ্টাণ্ট্। হিচ্ছধর্মের শৈব ও বৈষ্ণব প্রভৃতি যে ৰূপ সম্পুদার আছে, খ্রীষ্টান ধর্মেও সেই ৰূপ। ইংলণ্ডের রাজাকে প্রটেষ্টাণ্ট্ ধর্মাবলম্বী হইতেই হইবে।

যদি রাজা অথবা মহারাণী, অথবা তাঁহাদের পরে য়িনি রাজা পাইবেন, সেই যুবরাজ রাজ-কুমার, বা রাজকুমারী, রোমান্ কাথলিক্ ধর্মাব-লম্বী কাহাকেও বিবাহ করেন, তাহা হইলে সেই দিন অবধি তাঁহার সিংহাসনে স্বস্থু রহিত হইল।

সিংহাসনস্থ রাজার কতকগুলি বছমূল্য সত্ত্ব
আছে। সিংহাসনস্থ রাজা বা মহারাণীর শরীর
পবিত্র ও অলজ্যা, কেহই তাঁহাকে লজ্যন করিতে
পারিবেন না। যদি স্পষ্ট করিয়ালেখা না থাকে,
তাহা হইলে পর্লেমেণ্টের কোন আইনই তাঁহাকে
স্পর্শিবে না। তিনি যে কোন কার্য্য করিবেন;
কাহারও নিকটে তাহার নিমিন্ত দায়ী হইবেন
না। রাজ্যস্থ কোন বিচারালয়ই সিংহাসনস্থ
রাজার বিচার করিয়া দও করিতে পারিবে না।
তিনি সকল দণ্ডার্ছ দোষী ব্যক্তিকে দণ্ডমুক্ত ও

তিনি যাহাকে ইচ্ছা সম্ভান্ত পদবী দিতে পারেন। তিনি গুনের পুরস্কারকর্তা। তাঁহার অনুমতি না হইলে, তাঁহার রাজ্যন্ত কোন প্রজা বিদেশন্ত রাজার দত্ত উপাধি বা পুরস্কার ধারণ করিতে পারে না। সেনাপতির প্রভৃতির সনন্দ তিনিই দান করিতে পারেন। পার্লেস্টে সভার আহ্বান করা অথবা তাহার ভঙ্গ করা ভাঁহারই ক্ষমতা। তিনি রাজ্যের উত্তমাঙ্গ স্বরূপ। তিনি সৈন্য সামদেরও কর্তা, যুদ্ধতরী সকলেরও কর্তা। তিনিই বিদেশস্থ রাজনুতদিগকে গ্রহণ করেন; ও স্বদেশস্ত দূতগণকে অন্য রাজ্যে প্রেরণ क्रत्रन । विरम्भञ्च ताजामिर्णत मस्ठि युक्त क्रत्रन, তাহাদিগের সহিত সন্ধিবিধানে এবং খদেশে শান্তি দানে তাঁহারই ক্ষমতা। টাঁক্শাল স্থাপন ফরিয়া প্রজাগণের জন্যে টাকা প্রস্তুত করিবার অধিকার ভাঁহারই আছে। পার্লেমেণ্টের ছুই নিমু লিখিত সমাজে আইন বলিয়া যাহা নিদ্ধারিত হইয়াছে, তাহাতে তিনি স্মৃতি দান না করিলে তীহা আইন বলিয়া গণা হইবে না। কিন্তু কোন विषय आहेन विलय निवक स्ट्रेंट कि मा, हेरान বিচার যথন পার্লেমেনেট উপস্থিত হয়, তাঁহার মন্ত্রিগণ তাঁহার পক্ষে যাত্রা কিছু বলিতে হয়, বলিয়া থাকেন।

এই গুলি এবং অন্য অন্য কতকগুলি বিঘয়ে রাজার বিশেষ অধিকার আছে! ইণ্লণ্ডের শাসন-প্রনা অনুসারে, রাজা স্বরং কোন কার্য্য করিতে পারেন না। ভাঁহার মন্ত্রিগণ সমুদর রাজ-কার্য্য করেন। মন্ত্রিগণ রাজার রাজাসংক্রান্ত সমু-দর কার্য্যের দায়ী: পার্লেমেন্টের নিকটে ভাঁহা দিশকে ভাহার জবাবদিহি করিতে হয়। রাজা মন্ত্রিগণের বিনা প্রামর্শে কোন কার্য্য করিতে পারেন না। পালেমেণ্ট বিপক্ষ হইলে মন্ত্রীরা এক পা চলিতে পারেন না। মন্ত্রিগণের স্বন্তা পার্লেমেন্টের উপর নির্ভর করে। রাজা আপ-নার মক্তিগণকে মনোনীত করিয়া নিযুক্ত করিতে পারেন, কিন্তু পালেমেণ্টের নিমু লিখিত দিতীয় ममारकत महिल खेका ও को नल ना ताथितन মন্ত্রীরা মন্ত্রিপদ রাখিতে পারেননা। কিন্তু রাজার যে যে বিশেষ ক্ষমতা আছে, তাহাতে যদি कार्ट्सार्य वा मित्रुशन इस्टर्केश करतन, ठाहा

হইলে রাজা তৎক্ষণাৎ মন্ত্রিগণকে পদচ্যত ও উপস্থিত পার্লেমেণ্ট সভা ভঙ্গ করিয়া আর এক পার্লেফেন্ট আহ্বান করিতে পারেন। যদি রাজ। ও রাজমন্ত্রিগণ দেশের মঞ্চলের উদ্দেশে কোন কার্য্য করিতে উদ্যত হন, এবং পার্লেমেন্ট তাহাতে ুবিপক্ষতাচরণ করে, তাহা হইলে রাজা পার্লমে-ক্টের উপস্থিত সভাদিগকে বিদায় দিয়া দেশ**ঃ** লোক সকলকে আদেশ করিতে পারেন, যে তাহারা অন্যান্য ব্যক্তিদিগকে তাহাদের প্রতি-নিধি পদে বরণ করে। তাহাতেও পার্লেমেন্টের এই প্রকার ত্তন আহৃত সভ্য সকল রাজার मत्मानी मा इहेल जिनि जना शार्लाम के আহ্বান করিতে পারেন; কিন্তু তিনি স্বয়ং কাছাকে পার্লেমেন্টের সভ্য নিযুক্ত করিছে পারেন না। मुख्ताः शार्त्वरम् अवादर्शत अविनिधिशन সর্বুদা বর্ত্তমান থাকে। যদি ভূপতি ও তাঁহার অমাত্যগণ ভাহাদের বিপক্ষতাচরণ করেন, তাহা হইলে তাহারা রাজ্যে টাকা আদি যাহা কিছু সরবরাহ ক্রিতে হয় সমুদয় বন্ধ করিয়া দিয়া কু-মন্ত্রীদিগকে কর্মচ্যুত করিতে পারে। এইবংপ রাজার ও প্রজাগণের মধ্য কেহই অন্যের স্বত্ন গ্রহণ করিতে পারে না। সেই জন্যই ইংরেজেরা পৃথিবীর সমুদর জাতি অপেক্ষা শ্রেষ্ঠ ও স্থাধীন হইয়া স্বচ্ছন্দে কালাতিবাহন করিতেছে; এবং এই জন্মই ইংরেজদের এত বীর্ষ্য, এত প্রতাপ, এত আদর-এবং এত গৌরব।

'রাজ্যে থে সকল কর আদার হয় তাহা রাজ-ভাণ্ডারে জনা হয়, যে থানে যে খরচ হয় রাজা তাহা থরচ করেন। রাজা নিজ্পরচের জন্য ৩৮ লক্ষ্য হোজার টাকা পান।

দেশের রাজার নামে বিচারপতি প্রভৃতি রাজকর্মচারীরা নিযুক্ত হয়। মন্ত্রিগণ উপযুক্ত ব্যক্তিদিগের নিমিত্ত রাজার নিকটে অনুরোধ করিলে রাজা তাহাদের অনুরোধ গ্রাহ্য করেন।

রাজার যে যে ক্ষমতা তাহা তোমাকে বলিঃ লাম। এক্ষণে রাজপরিবারের কথা কিছু বলিব।

রাজার সহধর্মিণী অথবা মহারাণীর স্বামীর রাজ্যের শাসন বিষয়ে কোন ফমতা নাই। অন্য অন্য লোক যে রূপ প্রজা, তিনিও বসই কর্প: অন্য অন্য লোক যেরূপ রাজকর্মচারিপদে নিযুক্ত হইতে পারে, তিনিও সেই ন্ধ রাজ-বন্ম করিতে পারেন। কিন্তু সিংহাসনম্ব বাজার মহিবীর কিছু বিশেষ ক্ষমতা আছে।

ই°লণ্ড দেশে বিবাহিত সধন। জ্রীলোক কাহারও নামে নালিশ করিতে পারে না, এবং অনা
কেহও তাহার নামে নালিশ কবিতে পাবে না ।
কিই অবিবাহিত কুমারীগান আপনারা অন্যের
নামে নালিশ করিতে পারে, এবং অনা লোকেও
তাহাদের নামে নালিশ কবিতে পারে রাজ
মহিষীর এই এক বিশেষ ক্ষমতা আছে, যে তিনি
অবিবাহিত জ্রীর ন্যায় অন্যেধ নামে নালিশ
কবিতে গাবেন, এবং অনা লোকেও তাহার স্বতন্ত্র
মালিশ কবিতে পারে। এই জন্য তাহার স্বতন্ত্র
উকীল আছে।

ই°লণ্ডে বিবাহিত সধবা স্ত্রী ভূমির দান ক্রয় বিক্রয় করিতে পারে না। কিন্তু তিনি তাহা পারেন। তিনি আপনার বিষয়ের উইল করিতে পারেন, এবং তাঁহার স্বামীর নিক্ট হইতে স্থাবর শ্রহাবরাদি কোন বিষয় লেখা পড়া করিয়া লইতে পারেন; আর কোন বিবাহিত সধবা স্ত্রী তাহা পারে মা। বাজার নায় তাহার শ্রীবও অল হা। তাহার পরিব স্থা লোক স্বতন্ত্র এবং তাহার সমুদ্য স্বতন্ত্র কমাচারী আছে।

ন জ র কোষ্ঠপুত্র র জার অব্যবহিত উচ্চ থিক বী ঘুৰবাজ; তাহাকে "প্রিন্স অব্ ওমেন্স"
বলে।, তাহাব ও তাহার সহধামিনীর শরীবকেও
কোহলজ্ঞন করিতে প বে না। যদি জোষ্ঠ পুত্রেব
মৃত্যু হয় তহা হইলে ভাষাব কনিষ "প্রিন্ধ অব্
ওমেন্স" বলিষ খ্যাত হন।

রাজার জ্যেষ্ঠ ক্না। প্রধান রাজকুমারী তা হাব শবীরকেও কেল জ্জন করিছে পাবে না। ভাষার ভ শাগণেব ও ভালাদের উত্তবাধিক রি-গণের অবস্থিমানে তিনিই মহ বাণী নামে খ্যাই হন।

নাজপবিবারের অন্য ক'হারও কিছু বিশেষ ক্ষমতা নাই। রাজ্যের অন্যান্য সম্ভ্রান্তগণ অ-পেক্ষা রাজ্যাব পুশ্রগণের মান অধিক।

''রাজপরিবারের বিবাহ আইন" নামে যে এক আইন প্রচারিত হয় তাহার মন্ম এই যে, রার্ক নোহর ও দন্তথৎ যুক্ত রাজার সন্মতিপত্র না পাইলে রাজপরিষারের কেইই বিকাহ করিছে পাবিবে না। কিন্তু যাহাদের বয়স পঁটিশ বংসারের অথক. তাহারা ফলি পার্লেমেন্ট কর্তৃক নিবারিত না হন, তবে রাজা অথবা পালেমেন্টর অনুসতি না লইযাও বিবাহ করিতে গাবিবেন যদি পালেমেন্টের অনভিমতে রাজপরিবারের কোন বাজি বিবাহ করেন. তাহা হইলে যাহানের প্যান্ত দিও হইবে। যে সকল রাজ কন্যার বিদেশন্ত রাজ পরিবারে বিবাহ হইয়াতে, তাহাদের সন্তানানার সহিত এ আইনের সন্পার্ক নাই।

শিষা।—রাজার কি কি বিশেষ ক্ষমতা তাঙা শুনিলাম। কিন্তু রাজ। আইন প্রস্তুত কবিতে পারেন না। পার্লেমেন্ট নামক মহাসভায় আইন সমুদায প্রস্তুত হয়: রাজা কেবল আইন সনুসারে ক'য়ু হইল কি না তাহারই তত্ত্বাবধাবন করেন: এই সকল কথা আমি ভাল করিয়া বুঝিতে পারিতেছি না। রাজার অসাধারণ ক্ষমতা এই শে অমান সংস্কার ছিল, তাহার সমুদায়ই বিপ-রীত দেনিতে পাই। ইংলণ্ডে রাজা আবার স্থাং कान कार्या कति एवं भारतन ना ; मिल्रितारे ममूम्य त्राक्रकार्या करत । उत्व मिल्रिक तोका ना विलया श्रद्धक तोकारक तोका विलया श्रद्धक व्याक्षन कि, रेश तूबा बामात तृष्कित व्यमाया । मि याहा रुके, व्यद्धा बार्माशास श्रद्धत व्यमाया । एन याहा व्यामात वक्षता बार्म्स विलय । महामया । এখন श्राद्धक विषय बामारक बन्धर श्रद्धक तुवारेया किन ।

গুরু।—আমি তোমাকে পূর্বেই বলিয়াছি, যে
পার্লেমেণ্ট নামক মহাসভায় সমুদায় আইন প্রস্তুত
হয়। পার্লেমেণ্ট ছুই সমাজে বিভক্ত। সম্ভ্রাস্তসমাজ ও প্রাক্ত-সমাজ। শেবোক্ত সমাজের
কথা পরে বলিব, এখন সম্ভ্রান্ত-সমাজের কথা
কিছু বলি।

শ্বরণ করিয়া দেখ, আমি তোমাকে পূর্বে বলিরাছি যে, কট্লও ও আরল্ডের এখন আর শ্বতন্ত্র পবর্গনেন্ট নাই; কট্লও ও আরল্ড ইংলওের সহিত সংযুক্ত হইয়া গিয়াছে। পার্লে-মেন্ট নামক মহাসতা এখন কট্লও, আর্ল্ড ও ইংলও এই তিনের জন্যেই আইন প্রস্তুত করে। সদ্রান্ত-সমাজে ও প্রাকৃত-সমাজে এই তিন দে-শৈর প্রতিনিধিগণ উপবেশন করেন। উক্ত দেশ এর সংযুক্ত হইবার পূর্বে আরল্পতে ও ফট্লণ্ডে এক এক যুক্ত হারার পূর্বে আরল্পতে ও ফট্লণ্ডে এক এক যুক্ত হারার পালেমেন্ট ছিল, এখন আর হাহা নাই। ভাষাদের সদ্রান্ত ভুষামীরা ইংলণ্ডে পালেমেন্টে সম্ভান্ত সভার উপবেশন করে, এবং সামান্য লোকদিগের প্রতিনিধিগণ প্রাকৃত্ত সভার উপবেশন করে।

তোমাকে পূর্কেই বলিয়াছি, যে কানাকেও
সন্ত্রান্ত পদবী দিতে রাজারই ক্ষমতা: আর কানার'ও নাই। তিনি মনে করিলে, যালাকে ইচ্ছা
তাহাকেই সন্ত্রান্ত করিতে পারেন। ইণ্লণ্ডে
তিনি অসন্থ্য সন্ত্রান্ত ক্রতে পারেন;
ফট্লণ্ডেও আয়লণ্ডে কিন্তু সেরপ নহে।

এ হলে ভোমার একটা ভ্রম সংশোধন করির।
দি। ইংলতে যাহালের টাকা আছে, তাহারাই
সম্ভান্ত নয়। রাজা যাহাকে সম্ভান্ত করিবেন,
তিনিই সম্ভান্ত। আমাদের দেশেও যেমন টাকা
থাকিলেই 'রাজা' পদবী পায় না, সেই রূপ্
ইংলতেও টাকা থাকিলেই সম্ভান্ত হয় না।

পার্লেমেন্টের সম্রান্ত-সমাজে ইংলত্তের সমস্ত মন্ত্রান্ত ভূসামিগণ, ও প্রধান প্রধান সন্ত্রান্ত যাজক-গণ এবং ফটলও ও আয়লও প্রেরিত কতিপয় সম্ভান্ত ভূসামী ও যাজকগণ আসন গ্রহণ করেন। ৩০ জন সম্ভান্ত যাজক এবং ৪০৭ জন সম্ভান্ত ভূসামী সমুদায়ে ৪৩৭ জন সম্ভ্রান্ত এই সভার সভা। ইংরাজীতে এ সমাজকে "হাউস্ অব্ লর্ডস্" বলে। এই সমাজের সভাপতিকে ইংরে-জীতে,ইহার ''স্পিকর'' কহে। ''লর্ড চ্যান্সলর্'' অর্থাৎ রাজ্যের প্রধান মোহর রক্ষক ও আইন সংক্রান্ত বিষয়ে রাজার প্রধান অমাত্য,এই সভার সভাপতি বা স্পিকর্। এই সমাজে সকলেই স্ব স্থ প্রধান। কোন বিবয়ে কোন বিবাদ উপস্থিত হইলে সকলে মিলিয়া তাহার নিষ্পত্তি করেন।

কোন বিষয়ে সন্মতি বা অসম্মতি দান করিতে হইলে সম্ভান্তগণ হয় স্বয়ং আসিয়া সন্মতি দেন; তাহা না হইলে আপন আপন সন্মতি বা অস-ন্মতি স্থাক্ত পত্র পাঠাইরা দেন।

এই অবসরে তোমাকে সম্ভ্রাস্থ ভূসামিগর ঘটিত ছুই চারিটা কথা বলিয়াদি।

সম্রান্তগণ যথন ইচ্ছা দেশের রাজার সহিত শাক্ষাং করিতে পারেন: এবং আপনার বক্তব্য বিষয় বলিতে পারেন। যে সকল আইন কেবল সম্ভান্ত ভুস্বামীদিগকে স্পর্মে, তাহার নিষ্পত্তি সম্ভ্রান্ত সভাতেই হয় আর কোথাও হয় না। সম্ভ্রান্তদিগের উপাধি ঘটিত কোন বিবাদ উপ-স্থিত হইলে. রাজা সম্ভান্ত-সমাজের সভাদ্বিগকে. তাহার নিষ্পাত্তির ভার দেন। খাণের জন্য কেই সজ্রান্তদিগকে কারাবদ্ধ করিতে পারে না। কোন এক জন সম্রান্ত ভূস্বামী রাজফ্রোহ ও উৎকট অপরাধ প্রভৃতি কোন গহিত কর্ম ক-রিলে এই সমাজেই তাহার দও হয়। তাবং মকদমার শেৰ আপিল্ এই সম্ভ্ৰান্ত সমাজেই इस ।

সম্রান্ত-সমাজের কথা বলিলাম। এখন প্রাক্তত-সমাজের কথা বলি শুন। প্রাকৃত সমাজকে इंश्त्राकीटक "हाउँम् जत् कमन्य तत्न। এह সমাজে ইংলও, ফটলও ও আয়লতের সম্ভান্ত ভুস্বামী ও যাজক ভিন্ন অন্যান্য প্রজাগণের প্রতিনিধির। উপবেশন করেন। প্রাক্রত সমাজ ই

রাজ্যের প্রধান অঙ্গ। এই সমাজের অসাধারণ ক্ষমতা। রাজস্ব ঘটিত যত কিছু আইন এই সমাজে প্রস্তুত হয়। প্রজাগণের উপর কর-নির্দারণ ইহারা না করিলে আর কেহুই করিতে পারে না। যদি এই সভা রাজার মুখস্বৰূপ মন্ত্রিগণের রাজকার্য্য ঘটিত আচরণে অসম্ভর্ষ্ট হয় . তাহা হইলে তৎকণাৎ ইহারা রাজ্যে টাক। আদি याहा किंदू मत् वताह कतिएक हम मभूमस वस्त করিরা দিতে পারে। রাজা, রাজমন্ত্রিগণ, ও স-खां छ ज्यामिश्र ममुमय़ (करें देशाम्ब छत कतिया চলিতে হয়। ইংলণ্ডের প্রেরিত ৫০০, স্কট্লণ্ডের প্রেরিত ৫৩, এবং আয়র্লণ্ডের প্রেরিত ১০৫ मञ्जनरा ७०৮ जन প্রজাগণের প্রতিনিধি, এই সমাজের সভা। প্রতিনিধি মনোনীত করিবার সময় নির্দ্ধারিত আছে। সেই সেই সময়ে পূৰ্ব্বোক্ত প্ৰত্যেক কাউণ্টি বা শানের এবং গ্রাম বা নগর নিবাসী লোকেরা আপনাদিগের প্রতিনিধি বাছিয়া লয়। সকল প্রজারই কিন্তু প্রতিমিধি বাছিয়া লেইবার ক্ষমতা নাই। ঘাহাদের নির্দারিত স্থাবর অস্তাবরাদি বিষয় আছে, তাহা-

রাই প্রতিনিধি মনোনীত করিবার সময়ে আপনা দের সম্প্রতি প্রকাশ করিতে পারে। পূর্বে পূর্বে পূর্বে প্রতিনিধি বাছিবার সময় মহা গোলযোগ হইত; এবং যে যে স্থানের প্রতিনিধি লাবশাক, সে বিষয়েও অনেক গোল ছিল। ১৮ ২২ সালে 'রিকর্ম্বিল্' অর্থাৎ সংকারপত্র নামে এক আইন প্রচারিত ইইয়া অনেক গোল কর্মিয়া গিয়াছে।

আমি ভোমাকে এই মাত্র-বলিয়াছি যে, সকল লোক প্রতিনিধি বাছিয়া লইতে পারে না। যাহাদের বংসরে অন্তঃ ২০০ টাকা উপস্বত্বের গৈতৃক ভূমি আছে, তাহারা অন্য অন্য লোকদি-গকে প্রতিনিধিত্বে বরণ করিতে পারে। যাঁহার। বিশ্বিদ্যালয়ের এম্ এ নামক বিশেষ উপাধি পাইয়াছেন, তাঁহাদের কিছু মাত্র বিষয় না থাকি-লেও তাঁহারা বরুণ করিতে পারেন। ইহা ভিন্ন ও আরও কাহার কাহারও প্রতিনিধি বাছিয়া লইবার ক্ষমতা আছে। কিন্তু উপরি উক্ত গুণ থাকিলেও নিম লিখিত ব্যক্তিগণ বর্ষিতা (খাঁহারা প্রতিনিধি বাছিয়া লন) হইছে পারেন না 1

মাহার বয়স পঁচিশ বৎসর হইতে কম, তিনি বর রিডা হইতে পারেন না। যিনি মিথ্যা শপর্থ करतन, अमान इरेतारह, यिनि विरम्भी, यिनि শুলক বা মাসুল আদি আদায়ের জন্য গ্রন্মেন্ট কর্ত্তক নিযুক্ত আছেন, যিনি ডাক্যরের অথবা পুলিশ সংক্রান্ত কর্মচারী, যিনি সম্ভ্রান্ত ভূসামি পদें इं, এবং विनि घून लन প্রমাণ হইয়াছে, তাঁহার। বরয়িত। হইতে পারেন না।

সকল ব্যক্তিই প্ৰতিনিধি ৰূপে মনোনীত হইতে পারেন। কিন্তু নিমু লিখিত কয়েকটা দোবের মধ্যে একটা দোৰ থাকিলেও কোন ব্যক্তিই প্ৰতি-निधिएव मदनानी इंटर शादा ना। विरम्भी, পঁচিশ বংসরের ভান বয়ক্ষ, যাজক বা পাদরী, উৎকট को जनाति मक कमात्र वाभवाधी, ताजविक्षक चाहत्रकाती, पूर्णदेशत, य ममछ ताजकर्यहाति-গণের উপর প্রতিনিধিদিগকে পার্লেমেণ্টে পাঠা-ইয়া দিবার ভার আছে, যাহারা রাজস্ব আদায় করে, যাহারা রাজ সরকারে পেন্সন পায়, এবং যাহারা গবর্ণমেন্টে রুসদ যোগার, এই সকল লোক প্রতিনিধি হইতে পারে না

রাজা পার্লেমেণ্ট আহ্বান করিবেন, স্থির হইলে "লর্ড চ্যান্সলর্" অর্থাৎ প্রধান রাজ মোহর রক্ষক ও প্রধান রাজকর্মচারী, প্রতিনিধি সমাবেশ করিবার নিমিন্ত পরওয়ানা বাহির ক-রেন। সেই পরওয়ানা পূর্ব্বোক্ত কাউণ্টির শরিক অর্থাৎ কাউণ্টিস্থ প্রধান কর্মচারীর নিকটে যায়, এবং শরিক অন্যান্য রাজ কর্মচারিগরের নিকটে পাঠাইরা দেন। শরিক যেখানে কাউ-ন্টির প্রতিনিধিগণ মনোনীত হইবে সেই খানে গিয়া স্বয়ং উপস্থিত থাকেন। প্রতিনিধি মনো-নীত হইবার সময়ে নির্কারিত স্থান হইতে সমুদয় সৈনা বহিষ্কৃত হইবে। ঘুশ প্রভৃতি দিয়া প্রতি-নিধি মনোনীত হইবার উপায় নাই। প্রতিনিধি মনোনীত হইলে শরিক তাহাদিগকে পার্লেমেন্টে পাঠাইয়া দেন।

সাত বংসরের মধ্যে রাজা যদি পার্লেমেন্ট মহাসভা ভঙ্গ না করেন, তাহা হইলে সভ্যেরা সাত বংসর পর্যান্ত আপানাদের সভাপদ রাখিতে পারেন। ইহা অপেক্ষা অধিক আর পারেন না।

কাহার! সম্রান্ত প্রাক্ত সভার সভ্য ভাহা বলিয়াছি। একণে কিৰূপে আইন প্ৰস্তুত হয় ভাহা বলি শুন।

তোমাকে বলিয়াছি সম্ভ্রান্ত সভায় এক জন সভাপতি আছেন। প্রাক্ষত সভাতেও সেই ৰূপ সভাপতি আছেন। প্রাক্ত সভার সভোরা অংশ্যাদের মধ্যহইতে আপনাদের সভাপতি বাছিয়া লয়, এবং রাজা তাহাতে সম্মতি দেন। সম্ভ্রান্ত সভার সভাপতি, কোন বিবাদ উপস্থিত হইলে আপনার সম্মতি বা অসম্মতি প্রকাশ ক-রিতে পারেন: প্রাকৃত সভার সভাপতি তাহা পারেন না; কেবল যে সময়ে কোন বিবাদ উপ-স্থিত হয়, এবং সভাস্থ সমুদয় লোক ছুই ভাগে বিভক্ত হইয়া আপনাদের সম্বতি বা অসম্বতি প্রকাশ করে, এবং দুই দলের লোক সমান হয়, মেই সময়েই কেবল তিনি আপনাকে সম্মতিদাতা বা অসন্মতি দাতা বলিতে পারেন।

প্রতি সমাকেই বিবেচা বিষয়ে সভাদিগের সম্বতি গ্রহণ করা হয়; এবং সম্মতি দাডাদের অপেকা অসমতি দাতাদের সম্ঞা অধিক হইলে ্সে বিষয়ের কথা আর উত্থাপিত হয় না। কিন্তু যদি অসম্যতি দাতাদের সন্থ্যা কম হয়, তাহা হইলে. তাহা আইন হইবে বলিয়া স্থিরীক্বত হয়। কোন আইন প্রস্তুত হইবার পূর্ব্বে তাহার পাণ্ডু-লেখ্য প্রস্তুত হয়। যদি প্রাকৃত সমাজের কোন সভ্য সেই পাণ্ডুলেখ্য প্রস্তুত করেন, তাহা•হইলে প্রাক্ত সমাজে তাহা প্রথম বার সকলের সমকে পঠীত হয়। যদি সন্ত্রান্ত সভার কোন সভ্য সেই পাওুলেখ্য প্রস্তুত করেন, তাহা হইলে তাহা সম্ভ্রান্ত সমাজে প্রথমবার পঠিত হয়। প্রথম বার পাঠ হইবার পর যদি অধিকাংশ লোক তাহাতে অসম্যতি দেন, তাহা হইলে আর তাহার কথা উত্থাপিত হয় না। তাহা না হইলে আবার দিতীয় বার পঠিত হয়, সেবারও যদি তাহাতে অধিকাংশ লোকের সম্মতি হয়, তাহা হইলে এক কমিটী नियुक्त इस, এবং তাছাতে সেই বিবেচা বিষয়ের আন্দোলন হয়। কমিটিস্থ অধিকাংশ লোক তাহাতে সম্মতি দিলে সর্ব-সমক্ষে তাহা তৃতীয় বার পঠিত হয়। সে বার যদি অধিকাংশ লোকের তাহাতে মত হয়, তাহ। হইলে সে সমাজে তাহা

আইন হইবে বলিয়া স্থিরীকৃত হইল। পরে
তাহা অপর সমাজে প্রেরিত হয়। সেখানেও
আবার ঐ ৰূপ সমুদ্য হয়। তাহাতে সভার
মত হইলে, ঐ পাণ্ডুলেখ্য রাজার সম্মতির
নিমিত্ত প্রেরিত হয়। রাজা সম্মতি দান করিলে,
তাহা আইন বলিয়া প্রচারিত হয়।

শ জিক পার্লেমেণ্ট সাত বংসরের উর্দ্ধ আর অধিক দিন থাকিতে পারে না। একপ মনে করিও মা, মে এই সাত বংসর কাল বরাবর পার্লেমেণ্ট সভাগৃহে অবস্থিতি করে। মধ্যে মধ্যে সভা ভঙ্গ হয়। আবার কতক দিন পরে সেই পার্লেমেণ্টর সভ্যেরা ভূপতিকর্ভ্ক আহূত হইয়া একতে উপবেশন করেন।

তোমাকে বলিতে ভুলিয়া গিয়াছি, যে রাজা সম্ভ্রান্তদিগের সভায় আসন গ্রহণ করেন এবং উপস্থিত পার্লেমেন্টসভা ভঙ্গের এবং অন্য পার্লেমেন্টসভাগণের একত্রীকরণের ভার ভাঁহার উপর অর্পিত আছে।

রাজ্যের এই তিন প্রধান অঙ্গ; সন্তান্ত সভা, প্রাক্ত সভা ও রাজা। তোমার মনে দৃঢ় রূপে অঙ্কিত করিয়া দিবার জন্য আমি পুনর্স্থার বলি-তেছি, যে এই তিন একবাক্য না হইলে কোন বিষয়েরই নিষ্পত্তি হয় না।

শিষ্য ৷ — আর্য্য ! আমি আদ্যোপান্ত শুনি-রাছি; ইংলণ্ডের শাসন-প্রণালী যে কিৰূপ চমৎ-কার ভাহা এক্ষণে বুঝিতে পারিয়াছি। .রাজ-শাসনের প্রধান উদ্দেশ্য প্রজার মঙ্গল ৷ স্পাইন প্রস্তুত করণের ভার এবং আইন অনুসারে কার্য্য হইল কি না, তাহার তত্ত্বাবধারণ, এই ছুই ভার এক জনের উপর থাকিলে সেই উদ্দেশ্য সাধ-নের অনেক ব্যাঘাত সম্ভাবনা; কারণ যে ব্যক্তির উপর এই ছুই ভার আছে, তিনি যদি অতি নিষ্ঠুর হন, তাহা হইলে তিনি নিষ্ঠুর আইন প্রস্তুত করিবেন, প্রজার মঙ্গলের উপর কিছু মাত্র দৃষ্টিক্ষেপ করিবেন না, এবং তাহাদের ভাল হউক বা মন্দ হউক সেই সকল আইন षानुगात कार्या कतिए कार्षि कतिर्वन ना ; किन्त ইংলপ্তে আর সেরপ হইবার সন্তাবনা নাই; প্রজার। অনুমতি না দিলে কোন আইনই প্রচা-রিছ হয় না।

ফলে তিন প্রকার শাসন-প্রণালী সম্ভব। রাজতন্ত্র, সাধারণতন্ত্র, এবং সম্ভান্ততন্ত্র। রাজ-তন্ত্রে রাজা যথেষ্টাচার হইয়া কার্য্য করিতে পারেন, কেহই তাঁহাকে বারণ করিতে পারে না। সাধারণতন্ত্রে প্রজাগণ একত্র হইয়া আপনাদের मक्रल, विधान करतः । তाहारमत এक जन निर्फिष्ठे প্রক্রেন নাই, সকলেই স্ব স্থ প্রধান, এবং সম্ভান্ত-তত্ত্বে সম্ভান্তগণ একত হইয়া রাজ্যশাসন করেন। এই তিন শাসন প্রণালীতে অনেক দোবও আছে, অনেক গুণ্ড আছে। উল্লিখিত প্রত্যেক তন্ত্রের লোকের৷ কেবল আপনাদিগের পক্ষ টানিতে পারে, এবং অন্য সকলকে উৎসন্ন দিতে পারে। रेश्नाए किस प्रकाश रहेवात मसावना नारे, रेश-লণ্ডে তিনই আছে, তিনই নাই। এখানে উপরি উক্ত তিন শাসন-প্রণালীর যে সকল গুণ আছে. তাহা রক্ষিত হইয়াছে, এবং দোব সকলের খণ্ডন হইয়াছে। কারণ তিনের ঐকমত্য না হইলে কোন কার্যোরই নিষ্পত্তি হয় না। আর ইংলত্তে রাজা যেমন হউন না কেন, তাহাতে ,কোন ক্ষতি নাই; তিনি যদি অতি বিচক্ষণ ও দয়ালু হন, তাহা

इहेरल भव्त अकारत मञ्चल, जुताजा इहेरल कान ক্ষতি নাই, যেহেতু তাহার কোন ক্ষতাই নাই। সকল লোকেরই স্বভাবতঃ রাজাকে ভক্তি করিতে ইচ্ছা করে, ইংলণ্ডে তাহাও স্বচ্ছনে হইতে পারে। ইংলওে রাজার ক্ষমতা নাই একথাও वना गाय ना, त्याह्य जिनि चाहेन मेकर्नत রক্ষক; এ কিছু সামান্য ভার নর। মহাশর! ইংলণ্ডের শাসন-প্রণালী যে অতি অদ্ভূত ইহা আমার এত কণে উপলব্ধি হইয়াছে। মহাশ্য়। এক্ষণে আমার একটা কথার স্মরণ হইতেছে। রাজমন্ত্রিগণের যে যে কথা বলিয়াছেন, তাহাতে আমার এই সংস্কার হইয়াছে, যে তাঁহাদের অসা-ধারণ ক্ষত।। মন্ত্রী কর জন আছেন। এক জন कि क्र रे जन

গুরু।—মন্ত্রী এক জন নহে। মন্ত্রী অনেক; রাজ্যের ভিন্ন ভিন্ন শাধায় ভিন্ন ভিন্ন অমাত্য নিযুক্ত আছেন। সকলেই আপন আপন কর্মে বাস্ত থাকেন; অন্যের কর্মে হস্তক্ষেপ করেন না। মন্ত্রিগণখথাসাধ্য রাজ্ঞার উপকার করিবেন এই শপথ করিয়া আপনাদের পদ গ্রহণ করেন।

রাজার 'ভিবি কে সিল" নামে আপনার এক সভাআছে। রাজা যত ইচ্ছা তাহার মেশ্বর বা সভ্য নিযুক্ত করিতে পারেন, এবং যত দিন ইচ্ছা ভাহাদিগকে পদচ্যুত করিতে পারেন। রাজার রাজকার্য্য ঘটিত আচরণের জবাবদিহি মন্ত্রিগণ-क পार्लिमल्डेत निकंडे कतिए इस । ভात्रज्वर्य প্রভৃতি ইংলণ্ডের যে সকল বিদেশস্থ অধিকার আছে তাহার আপীল এই কৌন্সিনে হয়। প্রিবি কৌন্সিলের সভ্যদিগের রাইট্ অনরেবল এই এক উপাধি আছে। এক্ষণে ইংলওস্থ ভারতবর্ষের প্রধান কর্মচারীরা এই কৌলিল ভুক্ত। সন্ত্রিগণ তিন বৎসর কাল রাজ দরবারে থাকিলে, ভাঁহারা যত দিন জীবিত থাকিবেন তত দিন ২০,০০০ হাজার টাকা পেন্সন পাইবেন।

ইংলপ্তে মন্ত্রিগণের অসাধারণ ক্ষমতা। তাঁহা-দিগকে দেশের রাজা বলিলেই হয়। তাঁহার। विर्मिष छेशयुक्त ७ कर्यामक ना इरेस्न कथन ব্রাজকার্য্য করিতে পারেন না। ইংলণ্ডে মন্ত্রিগণ অপেক। বিচক্ষণ লোক পাওয়া অতি ছ্র্পত। ব্রু বড় নীতিবিশারদ কার্যাধুরপানরর। মস্ত্রিপদ

পান। তাহাদের কি ৰূপ বিদ্যা বুদ্ধি তাহা পার্লেমেন্টে প্রকাশ পায়। তাঁহারা মধ্যে মধ্যে পার্লেমেন্টে যে সকল বক্ততা করেন, তাহাতে তাঁহাদের অসাধারণ ক্ষমতা টের পাওয়া সায়। মন্ত্রিগণ বিচক্ষণ লোক না হইলে এক দণ্ড রাজ্য **ह**्ल ना।

শিষ্য।—মন্ত্রিগণের কথা শুনিলাম। প্র-তোক কাউণ্টিতে আইন অনুসারে কি ৰূপে কার্যা হয় তাহা শুনিতে অত্যন্ত ইচ্ছা হই-(তচে

ঞ্জ ।—আইন অনুসারে কার্য্য করিবার নিমিত্ত প্রত্যেক কাউণ্টিতে এক জন লেফ্টনেন্ট, এক জন শরিক এই ছই জন নিযুক্ত আছেন। जन्मत्था लक्षेत्रको मार्ट्य युक्त विषत्क याहा কিছু তাহারই তত্ত্বাবধারণ করেন। তাঁহাদিগকে সাহাত্য করিবার নিমিত্ত আর আর রাজকর্ম-চারীও নিযুক্ত আছে। প্রত্যেক কাউন্টিবাসী লোকদের উপর, আইন অনুসারে আপন আপন শাসন করিবার ভার অর্পিত আছে। তাহার। ষ্মাপনার। রাজকর্মচারীদিগকে বাছিয়া লয়, এবং ভাঁহাদিগকে নিযুক্ত করিবার নিমিত রাজার সম্মতি চাহিয়া পাঠায়।

ইংলণ্ডে এক সুন্দর আইন আছে, দহিদ্রগণ যাহাতে প্রতিপালিত হয় একপ এক উপায় করা আছে।

শিব্য ।—মহাশয় ! ইংলত্তে কত টাকা কর আদায় হয় :

শুরু।—ইংলতে ৬০ কোটি ১২ লক্ষ টাকা রাজস্ব আদায় হয়। তাহার ছই তৃতীয়াংশ প্রায় সামগ্রীর মাসুল হইতে আদায় হয়। অব-শিষ্ট টাকা স্ট্যাম্প, ডাক্ষর, ইন্কম্ট্যাক্স প্রভৃতি নানাবিধ টাাক্স হইতে উৎপন্ন হয়।

শিষ্য।—ভারতবর্ষের গবর্ণমেন্টের যেরূপ ঋণ আছে ইংলণ্ডেও কি সেই রূপ আছে ?

গুরু।—ইংলেণ্ডের যত ঋণ এত আর কোন দেশের নাই। ইংলণ্ডে ৮০০ কোটি টাকা ঋণ আছে। কিন্তু ইংরেজেরা উহার নিমিত্ত কিছুমাত্র ছংথিত নয়। তাহারা বলে, যে এত ঋণ হইয়াছে বলিয়াই আমাদের এত সমৃদ্ধি। আমাদের যে সকল প্রকাপ্ত প্রকাপ্ত সংগ্রাম করিতে হইয়াছে, টাকা না ধার করিলে আমরা কোন মতেই দেই সকল সংগ্রাম চালাইতে পারিতাম না। অতএব আমাদের যে ঋণ আছে তাহা শক্র নর, তাহা মিত্র। তারতবর্ষে যে রূপ গবর্ণমেন্টের কাগজ আছে, যাহাকে সচরাচর কোম্পানীর কাগজ বলিয়া থাকে, সেই রূপ ইংলণ্ডেও কন্সল্ নামে কাগজ আছে।

শিষ্য ৷— আর্য্য ! ইংলত্তে গ্রব্নেটের কত টাকা খ্রচ হয় :

গুরু।—কত টাকা রাজার নিজ খরচের জন্য দিতে হয়, তাহা বলিয়াছি। ইংলণ্ডের যে ধার আছে তাহার সুদ প্রায় ২৮ কোটি ৪০ লক্ষ টাকা দিতে হয়; ইহার অধিক হইবেক মূান নয়। যুদ্ধ জাহাজ, স্থল দৈন্য, বারুদ, গোলা গুলী, বিদ্যা-লয়, বিজ্ঞান শাস্ত্রের উন্নতি প্রভৃতি নানা বিষয়ে অনেক টাকা বায় হয়। বিচারালয়, পেসান, রাজকর্মাচারীদিগের বেতন প্রভৃতি বিষয়ে কিছু অধিক টাকা বায় হয় না।

শিষ্য। ইংরেজদের স্থদেশ ও বিদেশ রক্ষার্থ কত দৈন্য আছে।

গুরু।—তোমার বিদিত অচেছ—আমার বলা भूनक्रियांज-एय रेश्टबट्डा एयमन वलवान्, সাহসী ও তেজস্বী, তেমনি পরিশ্রমদক্ষ অধ্য-বসায় পূর্ণ, বুদ্ধিমান্, কার্যানিপুণ ও সংগ্রাম পণ্ডিত। ইহাদের যেৰপ সৈন্য, পৃথিবীতে অভি অম্প জাতির এরপ সাহসী সৈন্য আছে। च्हेश्यक्ष अरमरम ७ विरमरम २ नक २० हाकात्र স্থলদৈন্য আছে, তাহাদের জন্যে ১১ কোটা १९ लक होका वाय हता। हेल्ला ८८० युक्त জাহাজ আছে, ভাহাতে ৪৪ হাজার ৩৮০ জন क्निरा कार्या करत, अवर अहे ममुनरा रु কোটি ১৪ লক্ষ টাকা বায় হয়।

বৎস! এই সব দেখিয়া শুনিয়া ইংল্ভের কত প্রতাপ ও কত ক্ষমতা তাহা বুঝিয়া রাখ।

শিষ্য।—আমাদের দেশাধিপতিদের দেশে কৈ ৰূপে শাসন-কাৰ্য্য নিৰ্দ্বাহ হয়, তাহা সবিশেষ শ্রবণ করিলাম। আর্য্য! ইহাঁদের শাসন-প্রণালীগত অনুপম সৌন্দর্য্য নিরীক্ষণ করিয়া, আমি অনিব্র-চনীয় প্রীতি অনুভব করিতেছি। মনের মালিন্য দূর হইতেছে, এবং চিত্তব্বিত কুসংস্কার সমূহ **मिशत्क छेक्क**ठ, ठशलम्बि, छ्त्राठात, नृभःम, হিতাহিত্তান-খুনা মনে করিতাম। ইহারা যে এত বৃদ্ধি ধরে, ইহা আমি এক বার স্বপ্নেও মনে করি নাই। ভাবিতাম, ইহাদের স্বদেশে সৌরা-জোর নাম মাত্র নাই। মনে হইত, ইহার। চিরন্তন নীতিমার্গের অনুসরণ করে না 🕨 ইইরি। य ভাত्তिकरम् युक्तिरम्बीत श्खरमाग्न करत ना, ইহা আমি কখন স্বপ্নেও ভাবিতাম না। সত্য बढ़ि, जामि जात्रकत निकटि इहाँ एमत श्रमा वाम शुनियाष्ट्रिनाम । अपन्तरक वाष्ट्रारणात्ज, वाष्ट्रानकटि ও ष्यमाना वह्नविध यटक हेहाँ एमत অসম্ভারণ বুদ্ধি কৌশল নিরীক্ষণ করিয়া বিস্ময় পরিপূর্ণ হইতেন, এবং আদর ও বিস্ময়-বিস্ফা-রিত নেত্রে ইহাঁদের গুণানুবাদ করিতেন'। কিন্তু আমি ভাঁহাদের কথায় বিশ্বাস করিতাম না। তাঁহাদিপকে নিতান্ত ভ্রমান্ত জ্ঞান করিতাম। আমি মনে করিতাম যে, ইংরেজেরা করাসী প্রভৃতি সূর্বলোক্যাননীয় ইয়ুরোপলেশহ অন্যান্য পরাক্রমশালী জাতিদের নিকট হইতে এই সকল যন্ত্র ভিক্ষা করিয়া আনিয়াছে; এবং এই যন্ত্র সকল আপনাদের বলিয়া পরিচয় দিয়া আমাদি-গকে কেবল প্রভারিত করিতেছে। ক্রিন্তু মহা-শয়ের প্রসাদে ইহাদের রাজ্যরচনা বীক্ষণ করিয়া আর সে জ্ঞান নাই। এখন মনে হইতেছে ইহাদের সকলি সম্ভব।

উঃ। ইহাঁদের তন্ত্রসংস্থা কি অন্তুত। বোধ दश, विश्वतारकात पूर्त्वाथ निर्म्मानरकोमन, এवः সেই অপরিমেয় জ্ঞানরাশি জগদিধাতার সৃষ্টি রচনা নিরীক্ষণ করিয়া ইহাঁরা আপনাদের রাজ্য রচনাতে ভাগার অনুকরণ করিতে চেষ্টা করি-রাছেন। বিশ্বরাজ্যে যে দিকে নেত্রপাত করি. সেই দিকেই সামঞ্জন্য দেখিতে পাই; সকল পদা-র্থেরি স্বাতন্ত্র্য বিহিত হইয়াছে; কেহ কাহারও অধীন নহে, সকলেই স্ব স্থ প্রধান। আপাততঃ বিবেচনা করিলে কেফ কাহারও উপর নির্ভব করিতেছে না বোধ হয় বটে, কিন্তু সকল পদা-র্থেরি আম্বীর পরস্পরের সহিত পরস্পরের নিত্য সম্বন্ধ অহৈ। ইহার মধ্যে একটিকেও শ্বন্থান करूं क्या, व्यानि विश्वमः छ। विल्लाज़िक इटेरव

এবং সমুদয় জগতী-পদার্থ বিশ্বংসিত হইবে। र्रेश्टब्रक्रामत त्राकामश्विष्ठ मारे बाल। त्राका, প্রকৃতির্গ, এবং সম্ভান্ত ভূমামিগণ, ইহাদের কথন প্রস্পরের মহিত প্রস্পরের সঞ্চট্টন হয় না: ইহারা পরস্পর পরস্পরের সাপেক নহে, অথচ কেমন সুন্দর ৰূপে একজান হইয়৷ পরস্পর পরস্পরের মঙ্গলবিধান করে, রাজ্যে শীর্হন্ধি সম্পাদন করে, এবং পৃথিবীস্থ অন্যান্য জাভিদের চকে ধূলিপ্রদান করিয়া আপনাদের মাহান্ত্য বিস্তার করে। বিশ্বরাজ্যে মানুষ অবধি অভি কীটাণুকীট পর্যান্ত কেহই নিরাশ্রন্থ নহে। সর্ব-নিয়ন্তা জগৎ-পাতা সকলকেই সমান চকে দেখেন, সকলের প্রতিই ভাঁছার সমান অনুগ্রহ। ইংরেজ-দের রাজ্যেও সেইৰূপ দেখিতে পাই। আপনি विनशास्त्रम्, देश्नस्थ क्षेत्रशामानी, मरमास्त्रमृष्टि, পূর্ণযৌবন, এবং দিদিগন্তকীর্ত্তি সম্ভাতনাধেরও বৈৰপ বাভৱা আছে; জীৰ্বজ্ঞ, শীৰ্ণকলেবয়, জরাঞ্জ, গলিতযৌগন, এক জন পরিজের দেইৰপ সভস্তা আছে। কোন ব্যক্তিই অনেত্ৰ व्यथिकात शक्त केतिएक शास्त्र मा। अने कर कर केन

প্রাণী, ও এক জন অতুলসম্পত্তিশালী মহামান্য ব ক্তি, দেশপ্রচলিত বিধি সকলের নিকটে ইহারা क्रू करनर्वे नमान । वाः ! हेः द्वरक्षतार्थे घथार्थ জন্মগ্রহণ করিয়াছিল, ইহারাই যথার্থ স্থ্যী, ইহারাই সার্থকজন্ম।। আর্য্য। আপনাকে সা-ষ্টাঙ্গে প্রণিপাত করিতে ইচ্ছা হইতেছে। মহা-শরের অনুগ্রহে সমুদ্য অন্ধকার দূর হইয়াছে: কেবল মহাশয়ের প্রসাদে আমার জ্ঞাননেত্র উন্মী-লিত হুইয়াছে। আপনার নিকটে ক্লদয়ের সহিত কুচজ্ঞত। প্রকাশ করিতেছি। অ'মি অতঃপর মহাশয়ের সাহায্য লইয়া ইহাদের শাসন-প্রণালী স্থুক্ষানুস্থ্য ৰূপে জানিব, নানা পুত্তক পাঠ করিব, আমাদের দেশের অক্কতমসারত লোক-मिट्रांत ज्ञम সংশোধন করিয়া দিব, ইহাদের বিদ্যা दुक्तित পরিচয় দিব, এবং ইহাদের কিৰূপ সমৃদ্ধি, কি ৰূপ প্রাক্রম কিব্রুপ সাহস, ও কিব্রুপ জ্ঞান, ভাষা বুঝাইয়া দিব। কিন্তু আর্য্য! আমাদের ক্রেণিপ্রথম এখনি শেষ করিতে ইচ্ছা হই-ভেছে না। রমণীয় বস্তুকে যত সতৃক নয়নে 'रमथा यात्र, ७७ जात्र अ मिथिए हेक्ट्रा इत्र:

যত দেখা যার কিছুতেই আর তৃপ্তি হয় না। অংকাদৰিমোহিত হইখা আমি যে প্ৰগল্ভতা প্রকাশ করিলাম, মহাশয় তাহাতে ক্রোধ করিবেন ন।। আপনাকে আরু আমি অধিক কফ দিব না। আর একটা মাত্র কথা জিজাসা করিব। পালে-মেণ্টে কিন্তপে আইন সমুদয় প্রস্তুত হয়,, তাহা শুনিয়াছি। কিন্তু কি প্রণালী অবলমূন করিয়। ই লত্তে সুবিচার দান করা হয়, তাহার কিছুই বলেন নাই। যদি আমার পৃষ্টভায় বিরক্ত হইয়া ना थाटकन यनि कर्छ ना इय़, তবে আমার এই কৌতুহলটা শান্তি করিয়া কুতার্থ করুন। আমি আপনার ক্লত উপকার কোন কালেই বিশ্বতহইব ন। আপনি আমাকে এক নৃতন দকু দিয়াছেন।

গুরু ।—বংশ! আন তোমার বাকা শুনিয়া
অতিশন্ত সম্ভূষ্ট হই রাছি। তোমার যে ইংরেজদের রাজ্যরচনাগত নৈপুণা বিলক্ষণ ক্ষমসম
হইয়াছে, ইহা অপেকা আহ্মাদের বিষয় আর
কি আছে। তোমার বালকতারুলত হর্ দেখিয়া
আমি যার পর নাই আহ্মাদিত হই রাছি। সঙ্কী
চিত্তে তুমি যে কথা জিক্সাস। করিয়াছ, তাহার

উত্তর দিতে প্রস্তুত আছি। কিন্তু তুমি যে বিষয় জানিতে ইচ্ছ। করিয়াছ, সংক্ষেপে তাহা বুঝাইয়া দেওয়া নিতাম্ভ সহজ কমা নয়৷ স্কুজ স-হত্র অগাববুদ্ধি, ব,বহারশাস্ত্রবিশারদ, পণ্ডিতের। দ্যুরবর্গাছ অর্থশান্ত্রের স্বয়ং অর্থ-সকলন করিবার 'নিমিত্ত, ও অন্যান্য লোকদিগকে তাহার অর্থ विभागवरभ् तुकारं २। मिवात निमिन्त, व्याभनार्दमत সমস্ত জীবন সমর্গণ করিয়াতের। যদি ইংল ও 🙀 দেশের শাসন-প্রণানী জানিতে এইৰপ উৎসুক্র খাকে, ভাষ। হইলে আর এক দিন সেই বিষয় সম্পূর্ণৰূপে বুঝাইয়া দিবার ের্ফা করিব। এখন কেবল কোনু কোন স্থানে বিচার বিতরণ হয়, এবং সেই সেই স্থান কি কি নামে পরিচিত, এই মাত্র विलिश काग्र इरेव।

পার্লেনেন্ট যাহাকে আইন বলিয়া নিবন্ধ করি-লেন, তাহাই দেশের প্রচলিত আইন। সেই অনুসারে সমুদর ন্যায় অন্যায়ের বিচার হয়। সেই সমুদর আইন, ছুই প্রধান ভাগে বিভক্ত। দেওয়ানী আইন, এবং ফে,জদারী আইন; দেও-গানী আইন, সকল, স্থায়ের অস্থাবরাদি রিক্থ এবং

টাকা কড়ি প্রভৃতির মকক্ষমায় হস্ত কেপ করে। কৌজদারী আইন সমূহ, মার পিট গ্রভৃতি অপরাধ এবং অন্যান্য উৎুকট অপরাধের তত্ত্বাবধারণ करत । एए सानी मक क्रमाग्न छूटे अथवा वह मन्द्राक थका, बानी थिष्ठिवानी कंट्य विठातानत्र मञ्ह्टत বিচারপভিদের নিকট বিচার প্রার্থনা করে। को जमाती सकलभात किन्छ मिका नरह। भौरवाङ ব্যবহার সকলে সিংহাসনস্থ রাজ। এক পক্ষ, এবং অপরাধী ব্যক্তিগণ অন্য পক্ষ। পাছে কোন অন্যার হয়, এই আশস্কায় দেশস্ব রাজাই সেই মকদ্দমা সকলের ভার গ্রহণ করেন। কিন্তু রাজা श्वहरत्र मिर्हे भकषमा अपूरहत्र जोत लग विलिहा, ভূমি ইহা মনে করিয়া রাখিও না, যে রাজা ধর্মা-धिकत्रर्भ खन्नः উপস্থিত হইন্না মকদ্দমা করেন। উক্ত কর্ম নির্বাহ করিবার নিমিত্ত উত্তম উত্তম বিধিবিৎ পণ্ডিত নিযুক্ত আছেন। তাঁহারা রাজার হইয়া বিচারপভিদের নিকটে বিচার প্রার্থনা करतन, धवः से मकक्षमा मःकोन्छ स स कार्या করিতে হয়, ভাহাও করিয়া থাকেন।

र्य शार्त शार्लातक-निकांत्रिक आहेन अनू-

সারে ন্যায় কেন্যারের বিচার হয়, তাহাকেই
ধর্মাধিকরণ বা বিচারগৃত্ত বলে। বাঁহারা সেই
সব বিচার করেন, তাঁইছিলগকে বিচারপতি বা
প্রাড়বিবারু কহে। দেশকি রাজাই এই সকল
বিচারালয়ের কর্তা; পাঁটেলমেন্ট এই ধর্মাধিকরণ সমুদয়ের কার্য্যে হস্ত ক্ষেপ করিতে পারে
না।

দেওরানী ও কৌজদারী মকদ্দমা সমৃদারের বিচারের নিমিন্ত বিচারগৃহ সকল নির্দ্ধারিত আছে, এবং ঐ সকল বিচারালয়ে স্বতন্ত্র স্বতন্ত্র বিচারপতি নিযুক্ত আছেন। যত দিন বাঁচিবেন, তত দিন তাঁহারা আপনাদের পাড়বিবাক পদ রাখিতে পারেন। কিন্তু তাঁহারা ঘদি কোন অন্যায় আচরণ করেন, তাহা হইলে পার্লেমেন্টের তুই সমাজ রাজার নিকটে আবেদন করিলে, এবং তাঁহাদের সেই দোষ সপ্রমাণ হইলে তাঁহারা পদ্যুত হইতে পারেন। ইহা বাতীত আর কেহই তাঁহাদিগকে পদক্রই করিতে পারে না।

বংসরে ছইবার, শরংকালে এবং বসস্ত কালে, উল্লিখিত বিচারপতিগণ নির্দারিত বিচারগৃহ

সকল পরিত্যাগ করিয়া গ্রামে গ্রামে ও নগরে নগরে সুবিচার বিতরণ করিবার নিমিও ভ্রমণ করিয়া বেড়ান।

पिंश भी मकक्षमा मकत्न वानी ও প্রতিবাদি-গণ যদি ইচ্ছা হয় স্বয়ং আসিয়া মকদ্মার সমুদ্র ্রিকার্য্য করিতে পারেন; নতুবা উকীল ও কো-**লিলি দ্বারা মকন্দমা ঘটিত যাগ কিছু করিতে** দয়, তাহা করেন। কিন্তু উকীল ও'কৌসিলি षाता नमुम्त्र कार्य। निर्दाह कतारे तीि ।

কেবল বিচারপতিরাই সকল মকদ্মার নিষ্পত্তি করেন না। ভাঁহাকে কতকগুলি উদাসীন মধ্যস্ত ব্যক্তির সাহায্য লইতে হয়। ভাঁহাদিগকে 'জুরি' वत्न ।

মকদ্দমা নিষ্পতি হইলে, বিচারপতিরা যে আজ্ঞা প্রদান করেন, তাহা প্রতিপালন করাইবার ভার, সরিক্ বা দগুনারকের উপর অর্পিড चाट्ड ।

(मंडेशार्नी आहेन दिवस्य संश्किक्ट खदन क्तित्न ; अथन क्येजनाति आहेन मशकि हुई **এक कथा वै**लिहा विव्रष्ठ इरेव ।

ফৌজদারি আইন সম্বন্ধি কোন বিষয় শুনিবার পূর্বে, ফৌজদারি আইন সকল কিবুপ বিষ্
যের ভার গ্রহণ করে, ভাষা জানা আবশ্রক।
উলিখিত আইন সমুদয় অপরাধ সমূহের দওবিধান
করে। কিন্তু অপরাধ কাহাকে বলে, ভাষারও
তত্ত্বাবধারণ করা উচিত। প্রচলিত আইন সমূহের
প্রতিকূলে যে কোন কার্য্য বিহিত হয়, ভাষাই
''অপরাধ'' পদবাচ্য।

অপরাধ সকল অনেক শ্রেণীতে বিভক্ত।
এখন সে সকল উল্লেখ করিবার প্রয়োজন নাই।
অপরাধি ব্যক্তির দণ্ডবিধানের নিমিত্ত যাহা
কিছু বারের আবশ্রক, সে সকল রাজভাণ্ডার
হইতে খরচ হয়।

"আমি আইন জানি নাই বলিয়া, এই দোষ করিয়াছি; এই কর্মা করিলে দণ্ডযোগ্য অপরাধ করা হইবে, ইহা জানিয়া আমি এ দোষের কর্মা করি নাই" এই বলিয়া বিহিত অপরাধের নিক-পিত দণ্ড হইতে কেহ মুক্তি পায় না। সকলকেই প্রচলিত আইন জানিতেই হইবে; না জানিয়া দোষ করিলেও সমুচিত দণ্ডভোগ করিতে হইবে।

কিন্তু সাত বৎসরের ফুলবয়ক্ষ কোন শিশু বিধি-বিহিত কোন অপরাধ করিলে তাচার সে অপরা**ব** অপরাধ বলিয়া গণ্য হইবে না: এবং চত্তর্কশ বংসরের অন্ধিক বয়ন্ধ যদি কোন বাংক কোন অপরাধ করে, এবং তাহার তথন প্যান্ত নায় षम्। दिवंत विष्ठांत्र शक्ति ह त्या माहे नित्रा भाग হয়, তালা হইলে ভালারও অব্যাজে দওমুক্তি হইবে। নিৰু'কি,জড়বুকি, হিতাহিতজ্ঞানসূন্য এবং পরাধীন, প্রভুকর্ত্তক অপরাধ-প্রেরিত ব্যক্তিগণ কোন অপবাৰ করিলে, তাহার। আইন অনুসারে দোষী নতে। কিন্তু কোন ব্যক্তি যদি সুরাপান ক্রিয় হতজ্ঞান হয়, এবং সেই অবস্থায় কোন অপরাধ করে, ভাচা হঠলে তাহাকে দও এইণ করিতে হইবে।

* দেওয়ানী ও কৌজদারি আইন সংক্রান্ত বিষয়ে সজ্জেত্রেপ যাহ। কিছু বলা যায়, ত'হ। ব'ললাম।

বংস! এই খানেই আজি আমাদের কথোপ-কথন শেষ করা যাউক।

रे ल एउत गामन-अवानी।

ৰিভীয় ভাগ।



विधान- मा हिछ।

শিষ্য।——আর্যা! আপনি বলিয়াছিলেন যে অবকাশ পাইলে ইংলণ্ডের শাসন-প্রণালীর অন্তভূত বিধান-সংহিতার সার ভাগ আমাকে বুঝাইয়া দিবেন। ইংলণ্ড দেশে কি কি আইন
প্রচলিত, এবং সেই সেই আইনের মর্ম্ম কিরপ,
তাহা আমার হৃদয়ঙ্গম করিবার নিমিত্ত চেষ্টা
করিবেন, বলিয়াছিলেন। কিন্তু সে জন্যে
মহাশয়ের আর ক্ষী পাইবার প্রয়োজন নাই।
ইংলণ্ডের শাসন-প্রণালী শুনিবার সময়ে আমি
মহাশয়কে যৎপরোনান্তি ক্ষী দিয়াছি। সেই
জনো আমি আপনকার নিকটে অতিশয় লক্ষিত
আছি।

আমারও আর তাদৃশ ঔৎসুকা নাই। ইংল-ণ্ডের শাদন-প্রণালীর বিষয় শুনিতে শুনিতে আমি যেরপ আহ্লাদে বিমোহিত হইয়াছিলাম এখন আর সেকপ নাই। সেকপ আকাজ্জা ও সেৰূপ আগ্ৰহ একেৰারে তিরোহিত হইয়াছে। ঐ সকল বিষয়ে মনোনিবেশ করিতে আর আমার रेष्ट्रा स्टेट्डट्ड ना। जानि महाभारत्रत निक्छे इरेट विक्रिन इरेन्न। व्यवि नाना कार्या वााशृङ হইয়াছিল।ম। এত দিন আমি বিজ্ঞানশাস্ত্রের শার্থা প্রশার্থায় সঞ্চরণ করিতে করিতে অপরি-মেয় আনন্দ অনুভব করিয়াছি। কোন দিন निশीर्थमम्दर क्रांष कोमूनीविक्रमञा इंट्रेल्य নভোমগুল নক ত্রাজিবি ভূষিত হইলে, জগতীস্থ চেতন পদার্থনাত্রে স্বয়ুপ্ত বিঃশক হছলে, এবং বসুন্ধরা এক অনির্ব্রচনীয় রমনীয় শোভা धातन कतित्त, जानि धकाकी पुरतीकन स्टब्स, কোন উচ্চস্থানে অধিষ্ঠান করিয়া, গ্রহ নক্ষত্র প্রভৃতি জ্যোতির্মগুলী পরিহৃত গগনমগুলের পর্যাবেক্ষণ করিয়াছিলাম; নিশানাণ কিরুপে ত্মাপন কন্দায় মৃত্মন্দ সমনে প্রিভ্রমণ করিতে-

ছিলেন, তাহা পরিবীক্ষণ করিয়াছিলাম; জগদী-শ্বরের অপরিমের সৃষ্টিকৌশল নিরীক্ষণ করিয়া, যার পুর নাই হর্ষ প্রাপ্ত হইয়াছিলাম; এবং ধরাতলস্থ সমুদয় পদার্থকে অসার ভাবিয়া, সেই জগৎ কর্ত্তার গুণগান করিতে করিতে দিবাসুখে অবগাহন করিয়া ছিলাম। কোন দিন অণুবী-ক্ষণের অদ্ভুত স্বচ্ছ মুকুর মধ্য দিয়া এক বিস্থ জলকণে এক মূতন পৃথিবী আবিষ্কৃত করিয়াছি ; সহস্র সহস্র জন্তুগণকে তাহার ভিতরে প্রফুল-মানসে সঞ্চরণ করিতে দেখিয়ু। বিস্মন্ন পরিপূর্ন হইয়াছি; এবং কোন দিন বা হরিতশাদলে, প্রক্ষুটিত চম্পক কুস্থমে, ও নরদেহত্ত শোণিত-চক্রে চিন্ত সমাধান করিয়া, বিচিত্র নিগূঢ়ভত্ত্ব সমূহের উপলব্ধি করিয়া প্রীতি-বিক্ষারিত-হৃদয়ে জক্তিরসে কণ্টকিত হইয়াছি। আর্য্য! বলিতে কি, কোন লৌকিক বিষয়ে আমার আর আন্থা নাই। আমি আর অজ্ঞানান্ধ ত্রুপার্তিপরবশ লোকদিগের সহিত সহ্বাস করিব না। আমি সঙ্কপ কুরিয়াছি যে, কোন এক নিভৃত স্থানে এক থানি কুটীর নির্মাণ করিয়া কেবল জনদী-

শ্বরের আরাধনা করিব, বিজ্ঞানশাস্ত্রের আলো-চনা জনিত সুখ সম্ভোগে কাল্যাপন করিব, এবং পলিতকেশ পরিণতবুদ্ধি সাধুজন নির্দ্ধারিত তত্ত্ব সমূহের পর্যালোচনে দিন্যামিনী অভিবাহন করিব। আমি বুঝিতে পারি না, কেন লোকে এৰপ•দিব্য সুখে বিমুখ হইয়া অকিঞ্চিৎকর কর্ম-সমূহে निश्व थात्क, এবং জলবুদ্ধ मृग्य देह-লোকসংক্রান্ত সমৃদ্ধিতে আত্মসমর্পণ করিয়া, অসার সংসারে নিগড়বন্ধ হইয়া আপনাদিগকে প্রতারিত করে। ুসকলে কেন বিজ্ঞান-শাস্ত্রের আলোচনা না করে। ইহাতে যত সুগ, বোধ হয় আর কিছুতেই সেৰূপ নাই। মহাশয়! এৰূপ অমৃত পরিত্যাগ করিয়া আমি আত্মাকে আর প্রবঞ্চিত করিব না।

নিরর্থক ব্যবহার শাস্ত্রের আলোচনায় ফলই বা কি । ইহাতে পরমার্থ বৃদ্ধি হইবে না । ইহার চর্চ্চা করিলে জগদীস্থারের অভিপ্রেড কার্য্য করা হইবে না ; এবং সমুদ্য় বিধান কণ্ঠস্থ করিয়া রাখিলেও দেশের বিশ্বমাত্র উপকারও সমাহিত হইবে না ।

মানুৰিক বিধিসমূহের সহিত নৈস্গিক বিধি ममुनरात किছूमांज मश्क नारे। वेहिक वदः পারত্রিক কার্য্য সমুদয় যেৰূপ পরস্পার ভিন্ন; ঐশিক নৈসর্গিক বিধি এবং মানুষিক কুক্রিম বিধি সমুদয় সেইৰূপ ছুই বিভিন্ন পদার্থ। তবে, যে ব্যক্তি এহিক বিষয়ে লিপ্ত হইতে চাচ্ছে না, যাহার কেবল প্রমার্থ চিন্তায় কালহরণ, করিবার ইচ্ছা, তাহার, মানুষ কপোলকল্পিত নীরস নিয়-মাবলিতে মন অর্পণ করিবার আবশ্যকতা কি 🤉 মকদ্দমা মামলা যাহাদের জীবিকা নির্বাহের উপায় নয়, তাহাদের ওসব বিষয় জানিবার প্রয়োজন কি : ব্যবহারাজীব ব্যক্তিগণ ঐ সকল বিষয় শিক্ষা করুক, যে তাহাদের উপকার হইবে। আমরা কেন এৰপে তুচ্ছ কাজে সময়ক্ষেপ ক-রিব। ততক্ষণ মনোবিজ্ঞান শাস্ত্রের চুই চারি টা কথার আন্দোলন করিলে, অনেক উপকারে আসিবে। ^{খ্}আর যদিও স্বদেশের আইন সকলের স্থলার্থ অবগত থাকিলে কথঞ্জি উপকার হয়, ইংলওের বিধি সমূহের মর্মাগ্রহ করিলে লাভ কি, বুঝিতে পারিতেছি না; কারণ ইংরেজদের

বিধিব্যুহের সহিত আমাদের কোন সম্পর্কই নাই। কিন্তু আমি ক্লতজ্ঞচিত্তে ইহা স্বীকার করিতেছি, যে মহাশর সে দিন যে সকল কথা বুঝাইয়া দিয়া-ছিলেন, তাহাতে আমার অনেক উপকার হই-রাছে। তাহাতে আমার অনেক কুসংস্কার তিরো-হিত হইয়াছে, অনেক জ্ঞানশিক্ষা পাইয়াছি। আমি বতবার ইংরেজ মহাপুরুষদের রাজ্যরচনা বিষয়ে চিন্তা করি, ততবারই তাঁহাদের গুণানুবাদ না করিয়া থাকিতে পারি না। আমি মহাশয়ের মুখ হইতে উহাদের শাসন-প্রণালীর বিষয় শুনিয়া অবধি কত লোকের মূর্যতানিবন্ধন কুসংস্কার সক-লের উচ্ছেদ করিয়াছি। আমি মুক্তকণ্ঠে স্বীকার ক্রিতেছি যে,ওসব বিষয় সকলেরই স্থক্ষানুস্থক্ষ ৰূপে জানা উচিত। আমি কোন কালেই ঐ সকল বিষয়ের আলোচনায় হতাদর হইব না। কিন্তু ব্যবহার শাস্ত্রের গূঢ় কথা সকল শুনিতে আমার ইচ্ছানাই।

গুরু।—বংস। তোমার কথা শুনিয়া আমি বিশিত হইয়াছি। কে তোমার মতে একপ কু-সংস্থার সমূহ নিবিষ্ট করিয়া দিল। তোমার

সেৰপ আগ্ৰহ কোথায় গেল: তুমি সকল জা-নিয়া শুনিয়াও অবোধের মত কথা বলিলে কেন ২ কে তোমাকে বলিল, মানুব বিধি সমূহ জানিলে কিছুমাত্র ফল নাই ? ভুমি কাহার নিকট শুনিলে যে নৈসর্গিক বিধি সমুদয় এবং মানুষিক বিধি পর-ম্পর। ছুই বিভিন্ন পদার্থ । কে তোমাকে, শিখা-हेशा दिल, य मानूयविधान ममूनश, नीतम এवश নিরর্থক ্তুমি কিৰূপে জানিলে যে ইংলণ্ডের আইন সকলের সহিত ভারতবর্ষের বিধিব্যুহের কোন সম্পৰ্ক নাই : তুমি কেন এৰপ অপ্ৰা-মাণিক কথা সকলকে হৃদয়ে স্থান দিয়াছ : যত শীঘ্র পার তাহাদিগকে তথা হইতে বহিদ্ধৃত কব।

আমি অবশ্যই স্বীকার করি, জ্যোতিঃশাস্ত্র
প্রভৃতি বিজ্ঞান শাস্ত্রের আলোচনার অনির্বাচনীর
প্রীতি অনুভূত হয়। বিজ্ঞানশাস্ত্রে যে ভূমি
অনন্যব্যার্থক হইয়া ওরূপ মনোভিনিবেশ করিরাছ, তাহাতে আমি কিছুমাত্র অসম্ভন্ত নাই।
পৃথিবীতে জন্ম গ্রহণ করিয়া-পৃথীকর্তার স্বর্নিত
পদার্থ সকলের পর্যাবেক্ষণ করা, জীবনের এক

সার কর্ম, ভাহার আর কোন সংশয় নাই। বি-জ্ঞান শাস্ত্রের যেৰূপ উন্নতিসাধন হইরাছে, তাহা না হইলে কোনৰূপে পৃথিবীর এৰূপ শ্রীরৃদ্ধি হইত না; সকল লোক অন্ধতমসারত থাকিত, এবং তাহা হইলে সমৃদ্ধ নগর এবং প্রেতনিবাস শ্মশান ভূমি এ সকল বৈলক্ষণা লক্ষিত হইত না। বিধানশাস্ত্রও বিজ্ঞানশাস্ত্রের এক প্রধান শাখা। বিধানশাস্ত্রের তত্ত্ব সমুদয় সমুচিত আন্দোলিত ना इरेलि ७, धेन्य यन ८ थ्वं या महा हिला বংস! ইহা নিশ্চয় বলা যাইতে পারে যে, বিধানসংহিতা না থাকিলে ভূতধাত্রীর কিছুমাত্র 🕮 রুদ্ধি হইত না। বর্বর জাতি এবং সভা জাতি এ ছুয়ের কিছুমাত্র ভেদ হইত না। মানুষ-বিধিব্যহ না থাকিলে সমাজবন্ধন হইত না। সমাজবন্ধন না হইলে প্রস্পরসাপেক্ষ প্রতিক্ষণ প্রয়োজনোপযোগী দ্রব্য সামগ্রীরও অসদ্ভাব হইত। সকলকেই আপন আগন উদর পূরণের নিমিত্ত ব্যস্ত থাকিতে হইত; কাহারও অন্য বিষয়ে মনোনিবেশ করিবার সময় থাকিত না কোথায় বা পদার্থবিদ্যা থাকিত, এবং

কোথায় বা মনোবিজ্ঞান শাস্ত্র থাকিত। ইহার সকলে, বিধানশাস্ত্রের সৃষ্টি হইয়াছিল বলিয়াই এৰপ উচ্চপদবীতে আৰু চুইয়াছে। বিধানশাস্ত্র কি হাহা অবগত না থাকাতেই তোমার ঐ ভ্রান্থি জন্মিয়াছে। বিধানশাস্ত্রের যথার্থ তাংপর্য্য গ্রহ করিলে তুমি ঐ সকল কথা কথন মুখে আনিতে না, এবং ব্যবহার-সংহিত। নিরর্থক বলিয়া তোমার যে প্রতীতি হইয়াছে, তাহা এক ক্ষণের নিমিত্ত তোমার মনে আবিভূতি হইত না।

নৈসর্গিক স্বত্বরক্ষা করাই বিধান সমূহের উদ্দেশ্য।

জগদীশ্র যেমনি মানুষের সৃষ্টি করিলেন, অমনি তাহার সঙ্গে সঙ্গে তাহাকে নিরস্কুশ-ইচ্ছা এবং তত্ত্বনির্নশক্তি প্রদান করিলেন; এবং পৃথি-বীতে আসিয়া তাহারা যাহাতে আপনাদের সুখ সৌভাগ্য রৃদ্ধি করিছে পারিবে, এৰূপ কতকগুলি নিয়মও িরূপিত করিয়া দিলেন। যথা—সকলে সংপথে চলিবে; কেহ কাহায়ত অনিষ্ঠ করিবে না; এবং যাহার যে কর্তুব্য, সে তাহা প্রতিপালন করিবে। এই তিন্টা সনাতন প্রশিক নির্নই মানুষ্

বিধান সকলের অধিষ্ঠান ভূত। কিন্তু এই সকল নিয়ন উদ্ভাবিত করা কিছু সহজ কথা নয়। মনোরতি সকল সম্মার্জিত না হইলে তাহাদের উদ্ভাবনের আর অন্য কোন উপায় নাই। কিন্তু मानूरपता जन्मधर्ग कतियारे किছू मत्नादृष्टि সকলের সন্মার্ক্তন করিতে পারে না। সুতরাং পৃথিবীর প্রথমে মানুষেরা ঐ চিরন্তন নিয়ম সকলের উদ্ভাবন করিতে পারে নাই, এবং তল্লি-বন্ধন নৈসর্গিক স্বত্ব সকলের রক্ষা সম্পাদনে সমর্থ হয় নাই। সকলেই নিরস্কুশ ইচ্ছার বিধেয় হইয়া কার্য্য করিত। ইচ্ছা হইলেই অন্যের প্রাণসংহার করিত; ইচ্ছা হইলেই অন্যাহ্নত ভক্ষ্য দ্রব্যের অপহরণ করিত, এবং ইচ্ছা হইলেই অন্যের বাসস্থান ভূমিথও অধিকৃত করিয়া লইত। এইৰূপে কোন ব্যক্তিই নিৰুপদ্ৰবে নৈসৰ্গিক স্বস্থ সকলের সম্ভোগ করিতে পারিত না। কাল-সহকারে মানুষগণ দলবদ্ধ হইয়া বাদু করিতে লাগিল, এবং হ হ স্বস্থ রক্ষা করিবার মানদে আপনাদের মধ্য হইতেই এক কর্ত্তৃপক্ষ নির্দ্দিষ্ট করিল ; এবং তাঁহার সহিত এই নিয়ম সংস্থাপিত

করিল, যে তিনি তাহাদের মঙ্গলের উদ্দেশে বিধান প্রস্তুত করিবেন, এবং তাহার। তাহাতে কিছুনাত আপতি না করিয়া সেই অনুসারে কার্য্য করিবে। বৎস! এই সমাজবন্ধানের মূল।

কর্তৃপক্ষের। এই রূপ ভার পাইয়া ক্রমে ক্রমে জগদীপরের অভিপ্রেত নিয়মসমূহ উদ্ভাৱিত ক-রিয়া, সেই অনুসারে বিধান সমূহ প্রস্তুত করিতে লাগিলেন।

অতথব বিবেচনা করিয়া দেখ, নৈসর্গিক স্বত্ব-রক্ষা করাই বিধান সমূহের উদ্দেশ্য কি না, এবং বিধান সকল নিরর্থক কি না, এবং নৈসর্গিক বিধানই ভাহার মূলীভূত কি না

বৎস! পাপমতি ছ্রাচার মানুষবর্গের সহবাস পরিত্যাগ করিয়া এক বিজন স্থানে বাস করিবে অরূপ কথা বলিলে কেন: তুমি কি জান না, য়ে মানুষ স্থভাবতঃ অতিশয় সমাজপ্রিয়: তুমি কি জান না, যে সমাজের শীর্জিসম্পাদন করা, জগদী-শ্বরের অভিপ্রেত কর্মা; তুমি কি জান না যে পরি-বারের মুক্লসাধন, সমাজোন্নতি ও দেশোন্নতিই জীবনের প্রধান উদ্দেশ্য: তুমি কি বুঝিতে পারি-

তেছ না, যে নিৰ্জ্জনে থাকিয়া কোন ৰূপে সে সকল উদ্দেশ্য সাধনের উপায় নাই ১ ইহাও বোধ হয় তোমার উপলব্ধি হইয়াছে, যে বিধান সমূহই মনুষ্যসমাজকে নিয়মবদ্ধ করিয়া রাথিয়াছে, এবং বিধান সমূহই মনুষ্য সমাজের এৰপ এীরৃদ্ধি সম্পাদন করিতেছে। সুতরাং বিধানসমূহ সমাক্ ৰূপে হৃদয়ক্ষম না করিলে কোন মতে উপরি উক্ত উদ্দেশ্য সাধনের উপায় নাই। এই কথ:-গুলি বুঝিয়া দেখ, তাহা হইলেই বিধিশাস্ত্রের চর্চ্চা করিলে জগদীশ্বরের অভিপ্রেত কার্য্য করা হয় না এই যে তোমার কুসংস্কার আছে, তাহা একবারে অন্তর্হিত হইবে।

এ কথা সত্য বটে, যে বিধিশাস্ত্র প্রথমে
বড় নীরস। কোন্ শাস্ত্র প্রথমে নীরস নয় ।
মুকল শাস্ত্রেরই প্রবেশদার দুর্গম এবং বিঘুপূর্ণ। একবার দারদেশ অতিক্রম করিতে পারিলেই ভিতরে প্রশস্ত অট্টালিকা লক্ষিত হইবে।
তথন দেখিতে পাইবে, যে সেই অভংলিহ
প্রাসাদটী মনোহর উদ্যানসুশোভিত; সুশীতল
সুগদ্ধ গন্ধবহবীজিত; সুমিশ্ব রমণীয় প্রস্তবণ-

ভূষিত. এবং ऋषয়গ্রাহী অন্যান্য পদার্থ সমূহে অলংকৃত। সকল শাস্ত্রেরই বর্ণমালা শিখিতে কষ্ট হয়। এক বার তাহাতে ব্যুৎপত্তি জন্মিলে সকল কথ্ট অন্তর্হিত হইবে, এবং হৃদয় অমৃতহ্দে অবগাহন করিবে। বোধ হয় আমি যে সকল কথা বলিয়াছি তাহাতেই তোমার উপলব্ধি হইয়াছে যে, কি ধনবান্ কি দরিক্র কি মধ্যাবস্থ কি ব্যবসায়ী লোক সকলেরই বিধিশান্ত্রের মর্শ্মগ্রহ করা উচিত। বংস্য! ইহাও তোমার জানা আব-শ্যক যে, এখন ইংলণ্ডস্থ অনেক আইন, ভার্তু-বর্ষস্থ আইন সকলের অধিষ্ঠানভূত। কেবল দেশ কাল পাত্র বিবেচনা করিয়া কিছু কিছু পরিবর্ত্ত হইয়াছে এই মাত্র।

শিষ্য ।—আর্য্য ! বিধানসমূহের আপনি যে
শ্বপ প্রশংসা করিলেন, তাহাতে আমি সংশয়
করি না, ইহা এক অন্তুত পদার্থ । মহাশয়ের
কথানুসারে আমি দিনকত পদার্থবিদ্যার আলোচনায় বিরত হইব । অননাকর্মা হইয়া বিধিশাস্তের
আলোচনায় তৎপর হইব । ইহাতেও যদি আমার
ব্যবহার শাস্তের উপযোগিতা স্পর্ক প্রতীত না

হয়, তাহা হইলে আর কোন কালেও তাহার নাম করিব না। বিধানশাস্ত্রের উদ্দেশ্য কি, তাহা শুনিয়াছি। এখন কি উপায় অবলয়ন করিয়া সেই উদ্দেশ্যের সাধন হয়, এবং 'বিধান কাহাকে বলে অনুগ্রহপূর্বক তাহা বুঝাইয়া দিন।

ু গুরু।—কর্তুপক্ষের। তাঁহাদের নিরু**ষ্ট** ব্যক্তি-দিগকে যে আদেশ করেন, তাহার নামই বিধি। विधि छूटे क्षकात । जेशिक विधि, जवर मानुषिक विधि। धैर्मिक विधिमभूर, ज्ञेश्वरतत উদ্দেশে, অব্যুরক্ষার নিমিত্তে! এবং প্রতিবেশিগণের সহিত, কিৰূপে ব,বহার করা উচিত, তাহারই অবধারণ করিয়া দেয়। মানুষিক বিধিজাত, আমাদের পর-স্পরের সহিত পরস্পরের কিরূপ আচরণ করা আবশ্যক তাহারই নির্দেশ করে। সুতরাং মানু-বিক বিধান সমুদায়, ঐশিক বিধি সকলের কেবল এক অংশের উপর নির্ভর করে। আমরা পরের অনিষ্ট না করিয়া, যে কোন পাপকর্ম করি না, মানুষিক বিধান সকল, তাহাতে কোন কথাই विभाग विश्व याहार्क शासत अशकात इस,

এৰপ কোন কাৰ্য্য করিবানাত্র মানুষবিধানপরস্পর। অমনি হস্তক্ষেপ করিবে, ঘাছাতে তাহার প্রতীকার হয়, এবং পুনর্বার সেই কর্ম ঘাহাতে বিহিত না হয়, এৰপ চেফী করিবে।

মানুষবিধিপরস্পরা আবার ছুই প্রধানভাগে ব্রিভক্ত। জাতিব্যুহবিধান, এবং দেশবিধান। মান্ধসকল সমাজন্ত হইয়া বাস করে, ইহা পর-रमश्रतंत्र अञ्चरश्रेष्ठ वरहे। किन्नु नकल मानुष्ठे किছू এक शास्त्र, अक नगरत, वा अक स्मर्म बान করিতে পারে না । সুতরাং মানুষেরা ভিন্ন ভিন্ন দেশে বাস করিয়াছে, এবং ভিন্ন ভিন্ন জাতিতে বিভক্ত হইয়াছে। ভিন্ন ভিন্ন জাতির পরস্পরের সহিত পরস্পরের সৌহার্দ রাথা আবশুক; অথব। পরস্পরের মধ্যে কোন এক নিরুম সংস্থা-পিত করা আবশ্যক; তাহা না করিলে, কোন मरक वावमा वाविका প্রভৃতি চলে না। এই নিমিত্ত ভিন্ন ভিন্ন দেশত্ব লোকেরা আপনাদের মধ্যে যে নিয়ম স্থাপিত ক্রিয়াছে, তাহারই নাম জাতিবাহরিখান।

অশিক বিধি সমূহ এবং জাতিবাহবিধি সমুদার,

আমাদের বিবেচা বিষয় নহে। আইস আমর। দেশবিধি সকলের অনুশীলনে প্রবৃত্ত হই।

কর্ভূপকেরা দেশবাসীদিগের লৌকিক আচরণ বিষয়ে যে নিয়ম প্রবর্তিত করেন, তাহার নামই দেশ বিধি।

বংস! দেশ বিধির পরিভাষা করিবার সময়ে,
যতগুলি শব্দের বাবহার করিয়াছি, তাহার সকল
গুলিই সার্থক, একটাও নির্থক নয়। কিন্তু সকল
শব্দ গুলির উপযোগিতা প্রদর্শন করিবার আমার
সমর নাই। আপুনি বিবেচনা করিয়া দেখিলেই
সেই সকলের সার্থকতা বুকিতে পারিবে।

ইংলণ্ডের বিধি সকল ছই প্রধান ভাগে বি-ভক্ত। পরস্পারবিধি এবং আদিষ্টবিধি। পর-স্পারবিধিকে ইংরাজীতে "কমন্ল" বলে; এবং আদিষ্টবিধিকে "ষ্ট্যাটিয়ু ট্ল" কহে। এখন এই ছয়ের ভেদ কি ভাছা বুঝা আবশ্যক।

তোমাকে পূর্বে বিলয়াছি, যে ১০৬৬ খ্রী অফে মর্মানের। ইংলও অধিকার করে। মরমান বংশ

সহত যশোধন প্রথম রিচাড নরপতি যে সময়ে দি-হাসনাথিরোহণ করেন, তাহার পূর্ন ১ইতে স।কেসনু দিনামার প্রভৃতি পূর্বতন ইংল ওবাসী। দেব মধ্যে কতকগুনি আইন প্রচালত ছিল। किन्छ किन्द्रभ । याहेन मकल প্রবৃত্তি হয়. ত'হার কিছুমাত চিহু ন,ই। এই নিনিত,তাহ,-দিগকে অলিখিত বিধি কাছে। পূৰ্বতন শিবাসী-দিগের মধ্যে যে দকল আচার বাব**া**র প্রচলিত ডিল, সেই সকলই বিধিৰূপে পরিণ্ড হইয়াছে। নেই সকল যুক্তিসিদ্ধ আর্ণ তিগ প্রাচীন আচা-রের নামট গরক্ষরবিধি। পরশ্বরবিধি সকল कि, ठाइ। পূর্ব পূর্ব বিচারপতিদের মকদ্দমার রিপোর্টে অর্থাৎ বাবহার বিজ্ঞাণনীতে সুস্পান্ট 'বাক্ত আছে। ইণরেছেনা প্রন্পার বিধির বড় মানন। করে। স্থাবর অস্তাবর সম্পত্তি, এবং দওসংহিত, বিষয়ক আনেক মকদ্দমার নিষ্প্রি পরস্পর্বিধি অনুসাবে হয়।

তোমার মনে ইচা অ্রিত রাখা অতি আবশ্রুক, যে পালেমেন্ট নির্দ্ধিষ্ট বিধি সকলকে কথন পর-ম্পারবিধি বলে না। পার্লেমেন্টের অবধারিত বিধি সমূহ আব পরম্পরবিধি দুট স্বতন্ত্র সামগ্রী। পার্লেমেন্ট নিদ্দিষ্ট বিধানসমূহ অপেকারত আনক অধ্যুক্তি।

প লেমেণ্ট নিৰ্দ্ধিষ্ট বিকি সকলকে আদিষ্ট-বিৰি ৰা লিকিত বিধি হলে।

বংস' তেমাকে ধলিয়াছি শে, প্রজারগের श्व नकालत ता। क्रांगे, चारेन नकालव है ক্ষেতা। কিন্তু সকল স্বয়েরই গ্রার বিশাস সহাবনা। তোমার যে সকলে খব আছে আন। লোকে অনাষাসে তাহা বিনাশ ববিতে পাবে। ভূমি যদি কাহাকেও কোন দুবা বিজয় কর, শাহা হইলে যে ব্যক্তি তাহা ক্রম কবিল, তাহার নিকট হইতে, সেই দ্রব্যের উচিত মূল্য পাইবার, তো-মার শ্বত্ব আছে। বিস্তু ক্রেতা গদি ভোমাকে ক্রীত দ্রবোর মূল্যনা দেশ, তাহা হইলে, সে তোমার স্বত্যের বিনাশ করিল। তোমার নিরুপ: দ্রবে গৃহে বাস কবিবার শ্বহ্ন আছে: যে ব্যক্তি নিকপদ্ৰে তে'নাকে বাস করিতে দিবে না, সে ্র-'ম'র স্থামের সংহার করিল। অতথ্য বিবেচনা

করিয়া দেখিলে, স্বস্তরক্ষা করা যেমন বিধিসমূহের উদ্দেশ্য, তেমনি স্বস্থাত হইবো তাহাতে হস্ ক্ষেপ্ করা, তাহাদেও তেমনি উদ্দেশ্য।

অতএব ভাবিয়া দেখা ইংলাণ্ডের আইন সমুদর ছুই প্রধান ভাগে বিভক্ত। এক ভাগ দেশ্য
লোকদিগের কি কি স্বাহ, ভাহা বলিয়া দেয়;
এবং অপা ভাগ, স্বত্বয়ত কি, ত'হা দিদিন্ট
করে। কি উপায় অবলহন করিলে দেশবাসীদিগের স্বত্ব সকল রক্ষিত হইবে; ছামী লোকে
আনোর যথার্থ স্বত্ব অপহরণ করিলে কি কপে
সেই নই স্বাহের উদ্ধার হইবে, এবং কি প্রকারেই
বা মন্দ লোকে অনোর স্বত্বয়াত কবিতে না
পারে: ইংলাণ্ডেব বিধিদমূহের দিহীয় ভাগ,
ইহাও নির্দারণ করিয়া দেয়।

· বিবেচনা করিরা দেখিলে, ইক্লণ্ড স্পষ্ট প্রতীত হয় যে, স্বন্ধ নানা প্রকার।

সকল মানুষেরই আত্মরকা প্রভৃতি কতকগুলি সত্ম আছে। আপনার শর্নার রক্ষা করা, এবং আপনার, খ্যাতি প্রতিপত্তির প্রতিপালন করা সকল লোকেরই অধিকার। আপন আপন পারি- বার এবং পরিজনের উপরে সকল লোকের কিছু

কিছু স্বাহ্ন নাড়ে। মানুষ্ণাণ যে সকল পদার্থে
বেন্ডিত, সেই সকল স্থাবর অস্থাবন পদার্থেও
তাহাদের কতক গুলি স্বড় আছে। এবং সমাজন্ত বলিয়া অপববিধ কোন কে,ন স্বাহ্ন মায়
বিশ্বসহক্ষ এবা সমাজস্বাহ্ন।
বিশ্বসহক্ষ এবা সমাজস্বাহ্ন।

স্থাত সকলেবও সেইৰপ বিভাগ করা যাইতে পারে।

ই লেডের বিধিসমূহে স্বয়্বাত দুই প্রকাব নিশিষ্ট আছে। যদি কালারও নিকটে ভোমার টাকা পাওনা থাবে, এবং সে যদি ভোমার গাওনা টাকা না দের, তালা কললে সে ভোমার স্বয়্বলাত কবিল। কিন্তু একপ স্বয়্র্যাত কেবল ভোমারেক্ই স্পর্মেণ ; ভোমারই কেবল ভালাতে মন্দ ক্ষ্মেণ ; অন্য কালারও ভালাতে কোন লানি ক্ষম না। এবপ সম্বলাতকে অপকার বলে। কিন্তু যদি

स तः स्कृत्तः कावत प्रवः अकातव मन्त्रा वित्व दिक्षे
 सःसः।

কেহ তোমার টাকা বা অন্য কোন দ্রব্য অপছরণ করে; তাহা হইলে কেবল তোমারই অপকার হইল তাহা নয়; সেরূপ করিলে দেশশুদ্ধ লোকের মন্দ করা হইল; কারণ এরূপ আচরণে সমাজস্থিতি একবারে উন্সূলিত হইবার সম্ভাবনা। এরূপ স্বত্বঘাতকে অপরাধ বলে।

যে সকল সম্মাত কেবল এক জনকে স্পর্শে;
যে সকল সম্মাত করিলে এক জন ব্যতীত আর
কাহারও ক্ষতি হইবে না; সেই সকল সম্মাতের
নামই 'অপকার'। কিন্তু যে সকল সম্মাত
করিলে কেবল এক জনের নয়, সকল লোকেরই
মন্দ হইতে পারে, তাহাই অপরাধপদবাচ্য। তুমি
যদি কাহারও প্রাণ সংহার কর, তাহা হইনে
কেবল সংক্ষত ব্যক্তিরই সম্মান্ত করিলে, তাহা
দয়: তুমি দেশস্থ সমস্ত লোকের সম্মান করিলে।
অতএব এবপ সম্মাতকে অপকার
বলে না; ইহাকে অপরাধ বলে।

অপকার বিষয়ে এবং অপরাধ বিষয়ে আইন একরপুনহে। ছয়ের ভিন্ন ভিন্ন আইন। অপ-কারের প্রতীকার হয়; এবং অপরাধের দণ্ড হয়।

रे जाल्ड मामन श्रवाही ।

এখন পূর্বাপর বিবেচনা করিয়া দেখিলে, ইং-লণ্ডের বিব'নসমুদ্য, এই রপে বিভক্ত হইতে পারে ।

- : অ'রুস্তু;
- ২ গৃহপতিশ্বত্ব
 - ঃ রিকথক্ত।
- ६ नगंकश्रह।
- ৫ ' অপক'র
- ৬। অপরাধ।

এই সকলের মধ্যে, ইংলগুবাসীরা সমাজস্থ নলিষা কি কি স্বায় ভোগ বরে, হাহা বলিয়াছি। পালেমেন্ট প্রভৃতি বিষয়ে যে সফল কথা বলি-হাছি, ভাহাতেই সমাজস্বায় বিষয়ে আনেক কথা বলা হইয়াছে।

এখন ক্রমি ক্রমে অন্য অন্য বিধারে অনু-শীলন করিতে প্রবৃত্ব হটব

১। याज्यस्य।

ইংলণ্ডের বিধানসমূদরকে ছয় অংশে ।বভজ করিয়াছি। এক্ষণে পর্যায়ক্রমে সেই ভিন্ন ভিন্ন অংশের অনুশীলনে প্রবৃত হইব।

সর্ব্ধপ্রমে, আমাদের আত্মস্ত্র কি কি,তাহারই নির্দেশ করিব।

আত্মস্বত্ব প্রত্থিকার। 'আত্মরকা স্বর্থ এবং 'আত্মস্বতিক্রা স্বর্ধ ।

সকল মানুবেরই নিজস্ব ভোগ করিবার অধিকার আছে। জীবন; শরীরত্ব অল্প প্রত্যক্ত;
স্বাস্তা; এবং খ্যাতি প্রতিপতি; এ সকল আমাদের নিজস্ব। আমরা নিরুপদ্রবে এ সকলের
উপভোগ করিব; কেই তাহা নিবারণ করিতে
পারিবে না। সূথ স্বজ্বন্দে এই সকল নিজস্বের
উপভোগ করিবার অধিকারের নামই আত্মরকা
স্বিস্থ

ভূমিষ্ঠ হইবার পূর্বে, গর্নত্ত শিশু যে দিন মাতৃগভে অঞ্সঞ্চারণ করিতে শিথিয়াছে, সেই অবধি সে নিরুপদ্রবে আপুনার জীবন তৌগ করিবার শ্বন্থ প্রাপ্ত হইয়াছে। যদি কেই গর্ভন্থ শিশুর বধ করিবার আশরে, কোন অস্ত্র শস্ত্র প্রয়োগ করে, অথবা গতিনীকে কোন উষধ সেবন করার; এবং গতিনী জীবিত শিশু প্রসব করিলে পর, সেই শিশু সেইরপ অস্ত্র শস্ত্র প্রয়োগ বা ঔষধ সেবন করাইয়াছিল বলিয়াই, প্রাণত্যাগ করে, তাহা হইলে, যে ব্যক্তি ঐরপ গহিত আচ-রণ করিয়াছিল, সে আতভায়ী বলিয়া নির্দ্ধিষ্ট হইবে, এবং অন্যের প্রাণশংহার করিলে যেরপু দগু ইয়, তাহারও সেইরপ দগু হইবে।

ইংলণ্ডের বিধানসমূহ, আমাদের জীবন, এবং শরীরত্ব অঙ্গ প্রত্যঙ্গ, এ সকলের বড় গ্রারব্ব করে। বছযত্ত্ব ইহাদের রক্ষণাবেক্ষণ করে। এ সকলে তোমার যে স্বত্র আছে, কোন মতে অন্য ব্যক্তিকে তাহার বিনাশ করিতে দিলেনা। এনন কি, যদি কেই তোমার প্রাণসংহার করিতে, অথবা তোমার শরীরত্ব কোন অবয়বের বিনাশ করিতে, উদ্যত হয়; এবং ভূমি দেই ছুই বাজির সংহার না করিলে কোন মতে আপনার

জীবন্যকা, বা স্বায়বর্ক কবিতে নাপান, চহ হইলে সাম্রকানানদে সে দুষ্টাভিসন্থির বা করিনে ভূমি আত্তায়ী বলিবা পার্থাণ্ড হইনে না: এবং তোমাব লগুও হইবে না বিধ ন সমূহ ভোমাব ক্ষমা কনিবে।

তেলিন না মৃত্যু হঠবে, তত দিন তংগাও বাসীর নিম্পানের, জীবন প্রভৃতি ভিলেষ্ব উপ তেল করিতে পাবে। ইংলাণ্ডের বিধান জনসাবে, মৃত্যু ডাই প্রকার। স্বাভোবিক মৃত্যু, হবং সামান কর মৃত্যু। বাজান্তোই প্রভৃতি অপরাধ কাবলে, হবং অভতানী হইলে, অর্থাৎ বিদ্বেষ্ব্যু প্রভৃতি কোন উৎকটি অপ্বাধে অপ্যানী হইলে, তাহাব সাফাজিক মৃত্যু হইল। সে বাজি সমাজে অক-লগা হইল। ভাহার মরিয়া যাওয়া, এবং বাঁডিয়া গোকা, ছই সমান। ইংলাণ্ডের বিধানসমূহ, সে বাজির মবণ হইয়াছে বলিয়া কাগনা করিবে।

জগদীশ্বর স্বয়ণ আমাদিগকে, জীবনদান করিয়াছেন, কোন বাজি ইন্ছা করিলেই 'মেই জীবনের বিনাশ বরিতে পারিবে না। কিন্তু
কথন কথন প্রান্দণ্ড বিধান অনুসারে আবশাক
হটণা উচে। কোন লাজি দদি বিদেহবদ পাছতি
কোন উৎকট অপরান করে, তালা হটলে প্রাণ্দণ্ড
অতিশয় আবশাক। তাহাব প্রাণ্দণ্ড না করিলে
লোকন্তিতি একেবারে উন্মূলিত হয়: অতথব
একপান্তলে, আত্তানি বাধিন প্রাণ্নধ নিধি
সম্মান্ত কিন্তু দি আত্তানীর প্রাণ্নধ না করিয়া
অনা কেন প্রকারে কোন উৎকট অপরাধ
নিন'কত হটাতে পারে, তাঞা হটলে ইণ্যাণ্ডর
বিধিসমূহ ক্ষলাপক্ষ আশ্রম করিবে।

কোন অপকলা নিরাকরে রে নিমিক, ই লেওেব বিধান সকল কর্ণজ্জেদন নাসিক জেেদন প্রভৃতি, কেপন কোন অবয়বের বিনাশ করে না। ছরালা। ছরালার নরপতিবাই, এরূপ পাপাচরণ করিয়া অপবাধ নিবারণ করিবার প্রয়াস করে।

কোন বাজি অনাকে এখার করিতে পারিবে না; অস্ত্রাঘাত করিতে পারিবে না; এবং অন্য কোন প্রকারেও তাহার অপমান করিতে পারিবে না। যদি কোন ব্যক্তি অন্যকে কোন প্রকারে আছত করে, বা কোন রূপে অ-ন্যের অবমাননা করে, তাহা হইলে ছুট ব্যক্তির, আইন অনুসারে দও হইবে।

কে'ন ব্যক্তি যাহাতে আনে র স্বাস্থ্যহানি হয়. এৰপ কাৰ্য্য করিতে পারিবে না।

যাছাতে অনোর খ্যাতি প্রতিপত্তির বিনাশ হটতে পারে, কোন বাজিই একপ কোন কাষ্য করিতে পারিবে না।

যথন ব্দাকার ও অগরাধের পর্যালোচন করিব, সে সময়ে শেষোক্ত তিনটা বিধর বিশেব করিয়া বলিব।

ইংলণ্ডের বিধান সমুদয় 'আত্মরকা-ছত্ব' সমু-হের ব্যব্ধ গৌরব করে। আত্মত্বভিত্তারও সেইবর্গ আদর করে।

যে কোন ব্যক্তি, যেখানে ইচ্ছা সেই খানে বাস করিতে পারিবে, এব° যে স্থানে ইচ্ছ। সে স্তানে যাইতে পারিবে; কেহ তালতে হন্তা হটতে পারিবে না। আত্মসঞ্চরণ বিষয়ে ঐরণ আত্ম-বশবর্তিকে আহাস্বাতস্থা বলে।

यपि विधानमञ्रद म्लाकीकाद्व निर्द्धन ना करत. ठाहा ब्हेरल कि बाका कि श्रका, क्वड कान এক জন নিত যু নিঃস্ফল বাল্তিকেও প্রবশ্ব ক্রিতে প্রেরেন না। যদি কর্তুপ্রেকাও বল-পুর্বক অন্যের অব্যরাণ করেন, তার। इटेरल बाद कक्ष वर्ष कुत दे कीन, कारण (मधाई हा. क्षांड विवाद मिर्गत निकटि क्षार्थना कांत्रवासाद, उर-क्रवां प्र क्र काश्र क्र के के अपदि "दिश्व क्र कर् क्रम्" নামে শাসনপত্র অপাং পরওয়ানা, বাহ্মি চং বে। উক্ত শাসন পত্রদ'র। বিচারপ্তিরা দণ্ডনারক-দিগকে এই আছে করেন যে, ভুমি অবিলয়ে উল্লিখিতনামধের অবরুদ্ধ বাক্তিকে, "কুইন্স বেঞ্ নামক বিচারগৃহে উপস্থিত করিবে।" অবরুদ্ধ ব্যক্তি বিচারালয়ে উপস্থিত হইলে, জাহার মব-द्वार्यंत्र बारा जनारत्रत्र विवास इस ।

'হেবিষস্ কর্পস্' নামক শাসন গত্রখনি ইণরেজদের স্বাধীনতার ত্রতেদি তুর্ম স্বর্প। যত দিন 'হেবিয়স্ কর্পস' বিধান প্রচলিত থাকিবে, তত্তি দিন কেছত তাহাদিগকে বিন। কারণে কার কল্প করিতে পারিবে না।

ই॰লেপ্রে বিশি সমূহ আত্ম স্বাত্যসূত্রে রক্তা বিষয়ে এৰপ যত্ন কৰাতে, দেশের অনেক উপকাৰ न्द्रेश्'रह । युक्ति कर्जुलरकात्र' नितुक्कम डेक्ट् -श्रुत्रम् হইবা, নিমা কারণে, কাহাবও অনুসতি অপেকা ন' করিয়া, যাহাকে ইজা ত'চাকেই কারাকন্ধ कतिर्ड भातिर्डन, ठांदा इट्रेंटल देश्लरखंत फ्रस्-শার আর সীমা থাকিত না ' ইংরেজেরা আয়-স্বাচন্ত্রা ভিন্ন অন্য অনা যে যে ক্ষেত্র অংশার ক রেন,সে সমুদর একেবারে নামশেষ হইত। আছ-স্বাতন্ত্র্য আছে বলিয়া ঐ স্বত্ন সমুদর বিধংসিত হর নাই। কাহার ও কাহারও মতে, বলপূর্বক অন্যের প্রাণ সংহার করিলে, অথবা বলপূর্বক অনোর রিক্থ অপহরণ করিলে দেশের যেকপ ক্ষতি হয়; আরু স্বাতন্ত্রা সংহার করিলে, তাহার

সহত্র গুণ অধিক হয়। কর্ত্তৃপক্ষেরা ছ ষ্পারুত্তি-পরতন্ত্র হইয়া যদি অনোর জীবন নাশ করেন, অথবা বলপূর্বক অন্যের দ্রব্যাদির অপহরণ करतन, जाहा हरेला এक मुश्र र्छत मरधा हजुर्फिरन দোরাত্মা শব্দ আঘোষিত হইবে; সকলে সশস্ত্র এবং একবাক্য হইয়া ছুরাত্মার উন্মূলন করিতে উত্যক্ত হইবে, এবং আপন আপন রক্ষার নিমিতে, সতর্ক থাকিবে। কিন্তু যদি ছুরাত্মা কর্তৃপক্ষের। গোপনে গোপনে অনাকে কারাক্তম করিতে পারেন, তাহা হইলে কেহই সেই হতভাগা ব্য-ক্তির অবস্থা জানিতে পারিবে না; কারাগারে নে কিৰপ যন্ত্ৰণা ভোগ করিতেছে, ভাহার বিশ্ছ বিদর্গও অবগত থাকিবে না; সুতরাং দেশস্থ লোকেরা তাহার কিছুমাত্র সাহায্য করিতে পা-রিবে না। ছুরাস্থাদিগের পক্ষে,গোপনে গোপনে প্রজাবর্গের কারারোধ অপেক্ষা, অধিক উপযোগী एख आत नाहै। किन्दु नमदा नमदा, गथन दारकात চতुर्षित् इहेर्ड विश्वम् प्रद्धावना, उथन, এৰপ কারারোধও আবশ্বক হইয়া পড়ে। তথন কিছু দিলের জন্য ক্রেম্ কর্পদ্' বিধান রহিত

হয়; এবং কর্তৃপক্ষেরা যাহাদিগকে তন্ত্রনাশেচ্ছু বলিয়া সন্দেহ করেন, তাহাদিগকে বিচারালয়ে অর্পন্না করিয়া এবং কিছুমাত্র কারণ না দর্শা-ইয়াও কারারুদ্ধ করিতে পারেন। কিন্তু কেমন সময়ে 'হেবিয়স্ কর্পস্' বিধান অনুসারে কার্য্য হইবে না, রাজা তাহা ভির করিতে পারেম না। পার্লেমেন্ট তাহা নির্দ্ধারিত করিয়া দেয়।

ইংলণ্ডের রাজা, দেশস্থ সকল ব্যক্তিকেই আজ্ঞা করিতে পারেন বটে যে, তাহারা তাঁহার অনুমতি না লইরা দেশের বহির্গত হইতে পারিবে না। কিন্তু কোন ব্যক্তিই কাহাকেও দেশের বহির্গত হইতে আদেশ করিতে পারে না। এমন কি, পরস্পরবিধি অনুসারে অপরাধি ব্যক্তিরও নির্বাসন হইত না।

'হেবিয়স্ কর্পস্' বিধান অনুসারে, কোন ব্যক্তি, ইংলগুবাসী কাহাকেও, বন্দী, ৰূপে দেশ-বহিছ্ত করিতে পারিবে না; অথবা এমন স্থানে পাঠাইতে, পারিবে না, যেখানে পরস্পরবিধির ক্ষতা নাই। এৰূপ বন্দীকরণ অবৈধ। শ্লে ব্যক্তি এৰপ অবৈধ কাৰ্য্যের আচরণ করিবে, দে কথন কোন রাজকর্ম করিতে পারিবে না; বিধান সমু-দয়ের অবজ্ঞ। করিলে যেৰূপ দণ্ড হয়, তাহারও দেইৰূপ দণ্ড হইবে, এবং দেশ্যধিপ তাহার সে অপর,ধে ক্ষমা করিবেন না।

আত্মস্বর বলিব'র সমণে আমার ইছাও উল্লেখ করা আবশ্রক. যে ইংলগুবাসীরা আপনাদের রক্ষার নিমিত্তে গৃহে অস্ত্র শস্ত্র রাখিতে পারে, এবং আগ্লরক্ষার্থ আপনার সঙ্গেও অস্ত্র শস্ত্র লইয়া যাইতে পারে।

২। গৃহপতিশ্ব ।

আত্মসম কি কি, তাহা বলিলাম। একণে ইংরেজের। পরিবারমধাত হইয়া কি কি স্বস্থ ভোগ করে, ভাহার নির্দেশ করিব।

অধিকাংশ লোক পরিণয়স্থত্তে বন্ধ হয়। পাণি গ্রহ করিলে পর, ইংলণ্ডের বিধান অনুসারে, পতি ও পত্নী, কোন কোন স্বত্ব প্রাপ্ত হন।

'বিবাহ করিলে সন্থান জনিতে পারে। সন্থান

উৎপন্ন হইলে, সন্থানের প্রতি পিতামাতার, এবং পিতামাতার প্রতি সন্থানের, কি কি কর্ত্তবা ইংলণ্ডের বিধিসমূহে তাহা নির্দ্ধায়িত আছে।

সন্তানের। পূর্ণবয়ক না হইতে হইতে পিতা-মাতা অকালে কাল্আসে পতিত হইতে গ্যারেন। পিতৃহীন অপ্রাপ্তবয়ক সন্থানদিগের রক্ষণাবেক-ণের নিমিত্ত, ইংলণ্ডে রক্ষক নিযুক্ত হয়। রক্ষক ও রক্ষা ইহাদের পরস্পারের প্রতি পরস্পারের কি কি কর্ত্তব্য, ইংলণ্ডের বিধান সমূহে তাহাও নিক্ষপিত আছে।

মানুব একাকী গৃহকার্য্য প্রভৃতি সমুদ্র কার্যা করিতে পারে না। সুতরাং অন্যের সাহায্য গ্রহণ করিতে হয়। ভৃত্যবর্গের সহিত প্রভুগণের কিৰূপ সম্বন্ধ, বিধিসকল ভাহাও নির্ণীত করিরাছে।

অত এব বংস। গৃহপতি হ'ব বলিবার সময়ে উপরি, উক্ত চারি বিষয়ের আন্দোলন করিতে কইবে। যথাক্রমে সমুদয় বলিতেছি

পতিৰত্ব ও পত্ৰীৰত।

বৎস। তুমি ইংরেজদের পরিণর বিষয়ক কথা। শুনিতে অতিশয় ঔৎসুকা প্রকাশ করিয়াছিলে। সে বিষয়ক কথা বলিবার এই উপযুক্ত অবসর।

ইংল্পণ্ডে বহুবিবাহপ্রথা প্রচলিত নাই। বি-ধবা বিবাহ প্রচলিত আছে।

যাহাদের সম্থানোৎপাদনের সামর্থ্য নাই, তা-হারা পরিনয়স্তত্তে বন্ধ হইতে পারে না।

পুরুবেবা চতুর্দেশ বর্য উন্থার্ণ হইলে এবং অবলাগণ ছ'দশবংসর অতিক্রম করিলে, পরিণীত হইতে পারে। যদি বালক ও বালিকা যথ'ক্রমে চতুর্দ্দশ ও ছাদশ বংসর অপেক্ষা ন্যাম বয়সে বিবাহ করে, সে বিবাহ অসম্পূর্ণ হইবে। প্রাপ্ত'বয়দ্ধ হইয়া ইচ্চা কবিলে, তাহার, সে পরিণয়ন্ত্র্য ছিল্ল করিয়া, পুনর্বার বিবাহ করিতে পারে।

জড়বুদ্ধি এবং বাঙুলপ্রভৃতি বিবেকহীন ব্যক্তি-দিগের বিক্সাহের নিবেধ আছে। অবলাগণ, পিতা পিতামহ প্রশিতামহ প্রভৃতি উদ্ধৃতন পূর্বপুরুষদিগাক এবং পুরুষের ডাহিত' দোহিত্রী পৌত্রী প্রভৃতি অধক্ষন অপত্যদিগকে বিবাহ করিলে সে বিবাহ অগ্রান ইউরে।

কেহ,প্রথম-দিতীর- ও-ত্তীয় পর্যায়ত্ত মগন্ধ শব্দিক বিবাহ করিলে, সে বিবাহ দির নয় :
কিন্তু চতুর্গপর্যায়ত্ত সগন্ধ ব্যক্তির সহিত বিবাহ বিধিসন্মত। আমার তলিনী আনহইতে শ্বিতার পর্যায়ত্ত ;
সূত্রাং ই লাণ্ডেব বিধি অনুসারে আমি আমার তনিন করিতে পাবিনা।
তনিনীকনা অথবা ভাহ জন্য তৃতীয় পর্যায়ত্ত ;
সূতর্ণ তাহাদিগকেও আমি বিবাহ করিতে পাবিনা। কিন্তু আমার পুত্র, আমার ভাগিনেগীকে অথবা আমার ভাতুজন্যকে বিবাহ করিতে পাবির।

ইংলতে, পতিরা পত্নীদিনের এবং পত্নীরা পতি-দিনের, দগন্ধ প্রথম-দিতীয়-ও-তৃতীয়পর্যায়ন্থ ব্যক্তিদিগুকেও বিবাহ করিতে পারেন।। কিন্তু

[🛪] ७ व र १ १ देश देश व र १ छिन्।

ভর্তার অধিব। ভার্যাার সগন্ধ ব্যক্তিদিগের সহিত এ নিরমের সম্পক নাই। ই॰লংগুর বিধান অনুসারে ভূমি ভোষার পর্ত্তার ভগিনীকে বিবাহ করিতে পারিবে না; কিন্তু ভোষার ভ্রাতা ভাহাকে বিবাহ করিতে পারে।

ইংলত্তে বিবাহ করিবার সমধে পিত'মাতার অনুমতি অপেকা করে: কিন্তু কোন এ: থব্যক্ষ দম্পতীর পিতামাতা যদি নিবারণ ন, করেন, তাহা হুইলে তাহারা বিবাহ করিতে পারিলে।

কেছ বলপর্বক কাছাকেও বিবাহ করিছে পারিবে না। উদ্বোচা ও উনঃছ্যা ইছাদের অনুমতি না লইয়া পরিণয়-কার্যা সম্পাদন করিলে সে বিবাহ অবৈধ।

ভে'মাকে পূর্বেও ব্লিয়াছি এখনও বলিতেছি বে, ইংলণ্ডের বিধান সমুদর পাতি ও পত্নীর সন্ত। এক বিবেচনা করে। জায়াপতীকে এক ব্যক্তি বলিয়া পরিগণিত করে। এই জন্যে কোন ব্যক্তি ভাষার পত্নীকে কোন সামগ্রীর দান বিক্রয় করিতে বিক্রয় করা ও আপনাকে দান বিক্রয় করা ছই
সমান। কিন্তু পতি তাঁহার পত্নীর উপকৃতির
নিমিন্ত, আনোর নিকটে কোন সম্পত্তি ন্যাসম্বরূপ
অর্থাৎ আমানৎ রাথিতে পারেন; এবং মৃত্যু
সমরে পতি তাঁহার পত্নীর নামে উইল করিয়া,
তাঁহাকে যাহা ইচ্ছা দান করিতে পারেন।

ষত দিন পত্নী জীবিত থাকিবেন, ভত্তদিন ভর্ত্তাকে তাঁহার ভরণ পোষণ করিতে হইবে। यि পত्नी व्यापनात उत्त (पायर । तिमिन्न कारा-রও নিকটে ঝণ করেন, তাহা হইলে ভর্তাকে म अन পরিশোধ করিতে হইবে। উভমর্ন ভর্তার নামে নালিশ করিয়। সে সমুদয় টাকা আদায় করিতে পারে। এমন কি বিবাহের পূর্ব্বেও যদি পত্রী কোন ঋণ করিয়া থাকেন, তাহা ২ইলেও ভর্তাকে সেই ঋণ পরিষ্কার করিতে হইবে। किन्दु का विलया, देश भरत कत्रिए ना, स्थ भन्नी কুলটা হইলেও পতিকে সেই হতভাগার ভরণ পোষণ করিতে হইবে।

(ए अहानी अक्समारक शङ्गी शक्ति श्राम, भ-

ধৰা তাঁহার বিপক্ষে সাগ্য প্রদান করিতে পারে। কিন্তু কে জদারা মকদ্দমাতে, অথবা পতির পর-দারিকত। সপ্রমাণ করিবার সমযে, পার্ত্তী সাক্ষ্যদান করিলে সে সাক্ষা অগ্রাহ্য হটবে।

যদি ভগ্নার সমক্ষে পত্নী কোন উৎকট অপ-রাধের আচরণ করেন, ভাষা ফইলে পর্তার দও হউবে না, ভার্ডার দণ্ড ন্টাবে। প্রাণবধাও রাজ-দ্রোহ খনে এরপে মহে। কিন্তু ভণ্টা যদি আপ-নাকে নির্দ্ধোষ প্রমাণ করিতে পারেন, ভাচা চইলে বিধান সমুদয় ভাঁহাকে কোন কথা না বলিয়। পত্রীর দণ্ড করিবে।

পত্নী পতিব অনুমতি না লট্য়া কাহারও নামে নালিশ করিতে পারেন না। এবং অনা কাদারও, কোন হাতির পতীব নামে নালিশ করিবার আবশুকতা হইলে, তিনি গতি ও পত্নী উভয়ের নামে অভিযোগ না করিলে, সে অভি-যোগ সিন্ধ নয়।

পতির অবর্ত্তমানে পত্রী যত দিন জীবিত থাকি-বেন, তত দিন তিনি তাঁহার স্বামীর স্থাবর রিক্থের এক তৃতীয়াংশের অধিকারী। তিনি নিরুপদ্রবে সেই এক তৃতীয়াংশের উপস্বত্ব ভোগ করিতে পারিবেন।

ইংলণ্ডের বিধান অনুসারে, পতি ও পত্নী
তিন্ন ভিন্ন লোক নন; তাঁহার। ছুই জনে এক
ব্যক্তি। সুতরাং পতি ধর্তমান থাকিতে,পত্নী
নিজস্ব অস্থাবর সম্পত্তিরও দান বিক্রয় করিলে
তাহা অগ্রাহ্ হইবে। কিন্তু পতির অনুমতি লইয়।
তিনি তাঁহার স্থাবর রিক্থের দান বিক্রয় করিতে
পারেন। পতি যেমন মৃত্যু সময়ে পত্নীর নামে
উইল করিতে পারেন, পত্নী সেৰূপ পারেন না।
যত দিন পত্নী বর্ত্তমান থাকিবেন, তত দিন

পত্নীর স্থাবর রিক্থের তত্ত্বাবধারণ করিতে, ও আহার উপস্থার ভোগ করিতে, পতির সামর্থ্য আছে। কিন্তু পতি তাঁহার পত্নীর নিজম্মের দান বিক্রের করিতে পারেন না।

পত্নীর মৃত্যু হইলে, পত্নীর নিজস্ব স্থাবর সম্পত্তি ভাঁহার উত্তরাধিকারিগণ প্রাপ্ত হইবে। পত্নীর মৃত্যু হইলে পতির আর তাঁহার সম্পত্তিতে কোন অধিকার নাই। কিন্তু যদি সেই পত্নীর গর্বে তাঁহার ঔরসজাত কোন পুত্র জন্মে, তাহা হইলে তিনি যত দিন জীবিত থাকিবেন, তত দিন তাঁহার সেই সম্পত্তি ভোগ করিবার শক্তি আছে।

পত্নীর অস্থাবর সম্পত্তিতে পতির একাধিপত্য; তিনি তাহাতে যাহা ইচ্ছা করিতে পারেন।

ইংলত্তে কেহ ইচ্ছা হইলেই পরিণয়স্থত্ত ছিন্ন করিয়া পুনর্কার বিবাহ করিতে পারে না।

পত্না যদি, পতি পরদারিক, অতিশয় নৃশংস, এবং ছই বৎসরের মধ্যে তাঁহার কোন তত্ত্বাবধারণ করেন নাই ও তাঁহাকে অকারণে পরিত্যাগ করিয়াছেন, প্রমাণ করিতে গারেন, তাহা হইলে
তিনি ''বিবাহতত্ত্বাবধায়ক'' নামক বিচার গৃহের
বিচারপতিদের নিকটে প্রার্থনা করিয়া, ও তাঁহাদের অনুমতি লইয়া তাঁহার পতির সহিত
বিভিন্ন থাকিতে পারেন। তথন তাঁহার পতি
তাঁহার পত্নীর সহিত সহবাদ করিতে পারিবেন না, এবং তাঁহার পত্নীর নিজ্নলপত্তির
তিত্ত্বাবধারণ অ্থবা তাহার উপস্বত্ব ভোগ করিতে

পারিবেন না। অবিবাহিতাবস্থায় পত্নীর, নিজ সম্পত্তির উপরে যেৰূপ অধিকার ছিল, বিভিন্ন হইবার পর তাঁহার সেইৰূপ হইবে।

পতিও উপরি উক্ত কারণ সকল দর্শাইয়া, উল্লিখিত বিচারপতিদের অনুমতি লইয়া পত্নী হইতে বিভিন্ন থাকিতে পারেন।

পতি ও পত্নী উল্লিখিত বিচারপতিদের অনুমতি
লইয়া বিভিন্ন থাকিতে পারেন বটে, কিন্তু যত
দিন না তাঁহারা অন্যতরের ব্যভিচারদোঘ সপ্রমান
করিতে পারেন, ততদিন পরিণয়গ্রন্থিছি ছিল্ল করিয়া
পুনস্বার বিবাহ করিতে পারেন না। ব্যভিচার
দোব সপ্রমান করিতে পারিলেই, তাঁহারা সে
পরিণয়স্থত ছিল্ল করিয়া পুনর্বার আপন আপন
ইচ্ছানুসারে বিবাহ করিতে পারেন।

পতি বিভিন্ন হইলে অথব। পরিণয়ক্ষেদ করিলে পতি যত্ত দিন সেই অবস্থায় জীবিত থাকিবেন, তত দিন তাঁহাকে তাঁহার ভরণপোষণ করিতে হইবে।

"বিবাহতত্ত্বাবধায়ক" নামক বিচারগৃকের বি-দেরপতিগণ পরিণ্যুচ্ছেদের আজ্ঞা করিলে, সন্ত্রান্ত সমাজে তাহার আপীল হইতে পারে।

পিত' মাতা এন সন্তানগণের কর্মরা নির্দর্গ।

প্ৰতির ও পর্জাব কি কি স্বস্তু, তাহা শ্রবণ করিলে. এখন পি হামাতার সন্থানের প্রতি, এবং সন্ত্রগণের পিতামাতার প্রতি কি কর্বা ভাই। বলিছোড় ৷

ই॰লপ্তের বিধান অনুসারে সন্থান তুহ প্রকার। ওর্দ এব জাবজ। ধর্মপত্রীগর্বজাত সন্থান দিগকে প্রসমন্তান: এবং উপগ্রা গর্জাত সন্থানদিগকে জারজসন্থান বলে।

প্রথমে উরসসন্থানের প্রতি পিতামাভার কি ক হব্য, তাহারই নির্দেশ করিতেছি।

পিতামাতা স্বভাবতঃ সম্বানগণের প্রতি স্লেহ-প্রব। জগদীশ্বর জনকজননীর চিত্তকোত্রে কি এক অনুময়ে পদার্থ সমাহিত করিয়াভেন, তালার প্রভাবে ভাহার। অনন্ত যাতনা, ভোগ করিবেন.

অস্ত্র্যা ক্ষ্ট সহা করিবেন, তথাপি একক্ষণের নিমিত্তও সন্তানবর্গের মঙ্গলের উচ্চেমে উদাস: অ্বলম্বন করিবেন না। কিসে ত:হারা সুখে থাকিবে, তাঁহারা অহেগরাত্র কেনল এই চিন্তা ক-রেন। সস্থানগণের মুখচন্দ্র স্মিতবিকসিত দেখিলে তাঁহাদের আহ্লাদের আর সীমা গরিসীমা থাকে না। তথ্ন ভাঁহারা আপনাদিগকে চরিতার্থ দ্থান করিয়া আনদে গদাদ হন, এবং প্রীতিতরন্ধিত-হৃদরে জগদীশ্বরের সাধুবাদ করিতে করিতে অমৃতহদে অবগাহন করেন: বিস্কু যদি একবার তাহ'দিণকৈ ছু:খাভিভূত দেখেন, তাহা হইলে प्रक्रियर अक्रुक्टन याजनांत्रन अमिन औरामिनात्क আক্রমণ করে; এবং শত শত স্টাবিদ্ধ ও স্থলস্ক অঙ্গারদগ্ধ হইলেও যেৰূপ ক্ষ ভোগ করিতে না হয়, ভাঁহারা ভাহার সহস্রেগুণ অধিক খাতনা সহ্য করেন। কাহাকেও ওঁহোদিগকে বলিয়া দিছে হয় না. ভাঁহারা আপনাপনি পুত্কন্যার ভরণ ্পোষণ ও রক্ষণাবেক্ষণে সমত্ন হন। কিন্তু একপ পাবাণक्षत्र लाक्ष नमसं नमस लिक्ड इत्र. ষাহারা, ক্লেহাম্পাদ নিংনহার অপত্যগণ, অনাহারে

প্রাণেজ্যাগ করিল, কি সমান্ত্রপে রাক্ষিত না হইযা
নামশেষ হইল, তাহা একবার ফিরিয়াও দেখে
না। এই সকল নরাধম প'পিষ্ঠ লোকদের
শাসন কবিবার নিমিত্তই ইংলণ্ডের বিধান সকল,
সন্তানগণের লালন পালন ও রক্ষণাবেক্ষণ বিষয়ে
হস্তকেপ কবে।

পিতা মাতা অপেন ইচ্ছায় সন্থানদিগকে পুথিবীতে আনিরাছেন। অতএব উল্লাদিগকে সন্থানগণের তরণপোষণ করিতেই হইবে। যদি কেহ
সন্থানসমূহের তরণপোষণ না করেন, তলা হইলে
ইপ্লথের বিধান অনুসাবে হালার দণ্ড হইবে,
তালার সমুদ্য দ্রব্য সামগ্রী রুদ্ধ হইবে, এবং
ভাহাকে কারা বাস করিতে হইবে।

ইংলণ্ডের বিধান অনুসারে, পিতামাতাকে
সন্থানগণের বক্ষণাবেক্ষণ করিছে ছইবে। কিন্তু
এবিষয়ে বিধানসকলকে বড় হস্তক্ষেপ করিছে
ছয় না। ভাঁছার। স্বভাবতঃ ইহাদের রক্ষণাবেক্ষণে একপ সমত্ন, যে ভাঁহারা যাহাতে বাড়া-

ব'ড়ি ন' কবেন, বিধান সকল, তাহ'ৱি চেফী श्रम्।

যদি .কছ সম্থানগণের অনিষ্ট করিবর চেষ্ট করে, ভালা হইলে পিতামাতা সন্থানবর্গার রক্ষার্থ সেই দুষ্ট বা ক্রিকে প্রহার করিলে, অথব কোন প্রকারে তাহাকে আক্রমণ করিলে ভাইটের সে দেশ, দোগ বলিয়া গ্রাম্থ ইইবে না।

পিভামাতার সন্তানগণের প্রতি আব একটা কত্তব্য কর্ম্ম আছে। যাহাতে সন্থানগণেব বৃদ্ধি-রুত্তি সমাক্রপে স্থান্ডিত হয়, যাহাতে চাহারা সমাক্রণে বিদ্যাশিক্ষা ও জ্ঞানশিক্ষ করে, সর্বতোভাবে ভাঁহাদের সে চেফা করা উচিত। পিত। মাতা আমাদিগকে জীবনদান করিয়া আম-দের অনেক উপকার করিয়াছেন বটে: কিছ এই উপকার করিয়াই যদি ভাঁহারা খাল্ড হন, ভাষা হইলে ভাঁহাদের সে উপকার, উপকারই थटः। विमाणिका ना क्यारेल सामदा ल्याकः ममार्कत अमलं मण्णामनं कतिव, चीरारमञ् ष्मभकात्र कतिव, . अवः षाभनारमत ष्मिस्येगाधन করিয়া দুন্তর নবকভোগ করিব। তাঁহারা আমা-मिशक छान शिका ना मिला, **क्वल अम्ब**राई কিল্বিভাগী হুইব তাহা নহে, ভাহাদিগকেও অনন্ত নরক্যন্ত্রণা ভোগ করিতে হইবে। অত-এব সস্তানগণকে মূর্থ রাখ্য তাঁহাদের কোন মতে উ, হৈও নকে। কিন্তু তুমি অ'পন সন্থানকে বিশ্বী শিকা না কবাইয়া আপনি গাপভাগী হও বানী হও. ইংলাভের বিধান সকল ইহাতে কোন কথা বলিবে না। কেবল দরিভ্রগণের সম্বানেরা যাহাতে অকর্মণ্য না হয়, এৰপ এক উপায় করিয়া निवादक ।

সন্তানেরা মতদিন না একবিংশ বর্ষ অহিক্রম করে, তত দিন পিতার সন্থানের উপর, এবং তাহাদের নিজস্ব রিক্থের উপর, সম্পূর্ণ অধিকার। किंद्ध छोह। दिलशा, मन्त्रान क्रुकिशी क क्टेरल वा অন্য কোন গতিত কর্ম্ম করিলে, তিনি তাহার প্রাণ সংহার করিতে পারিবেন না; কিয়া ভাহাকে व्यवहा करो पिटक श्रीतिद्वन ना, এवः मन्त्रानश्रद्धत নিষ্ঠার রিক্থ নাই করিতে পারিবেদ না। পিতাকে তাঁহার সন্তানের নিজসম্পত্তির জবাবদিহি করিতে হইবে।

সন্থান যাহাতে বিশৃপ্থল না হয়, যাহাতে সে আচার শিক্ষা করে, বিনয় শিক্ষা করে, এবং বিদ্যা শিক্ষা করে, পিতা এৰপ চেষ্টা করিতে পারিবেন; এবং সেই জন্যে তাহার যথোচিত শাসনও করিতে পারিবেন।

সন্থানের। একুশ বৎসর বয়সের পূর্ব্বে পিতার অনুমতি না লইয়া কোন মতে বিবাহ করিতে পারে না।

পিতা বর্ত্তমানে মাতার সন্তানের উপর কোন ক্ষমতা নাই। পিতার মৃত্যু হইলে সন্তান যত দিন না এক বিংশ বর্ষ প্রাপ্ত হয়, তত দিন পিতার সন্তানের উপর যেকপ ক্ষমতা ছিল, তাঁহারও সেইকুপ থাকিবে।

সন্তানগণ একবিংশ বর্ষ উত্তীর্ণ হইলে তাহার। প্রাপ্তবয়ক্ষ হয়।

পিতামাতার সন্তানের প্রতি কি কর্ত্ব্য তাহ। শুনিলে.। এখন সন্তানের পিতামাতার প্রতি কি কর্ত্ব্য তাহা শুন এ

যাহাদের প্রসাদে আমর। জন্ম গ্রহণ করিয়াছি; যঁহারা যন্ত্রণকে যন্ত্রণ জ্ঞান না করিয়া আমা-দের নালন পালন করিয়াছেন; যাহার। ছবিষহ ক্ষী ভোগ করিয়া আমাদের রক্ষণাবেল ৭ করিয়া-ছেন, এবং ব'লাদেব প্রসাদে আমরা বসুদ্ধরায অবস্থিত হটয়া অনুৰুসকোহবিমোহিত হইয়া मुश अ्कान जोदनक्षि क्विटिंड : याम'त्नव বালা কারে। 'দি আমরা ত হ'দের অ জা বশবভী না থাকি, গরি-তব্যসে তাহাদিগের ভক্তি, ও মান্ন। ন। ক্রি. এবা ভালাদের রুদ্ধকালে ভ'ল-(দর প্রিচ্য), ও শুশুষা না কবি, তাং। হইলে আমাদেব কদ্বন্য করা হইবেন।; আমা-रमत क्रडरपुत काक कता इहोरव। स्मक्य करिल আমানিগকে ইছ লোকে ডুঃসহ যন্ত্রণ ভোগ করিতে হহবে, সকলেব অবক্তেয় হইযা থাকিতে হউবে, এব॰ প্রলোকে অনন্তনির্যগামী হউতে इंडेर्न ।

ই॰লণ্ডে " দরি দ্বিধান" নামে যে সকল আইন প্রচলিত ইইয়াছে, তদনুসারে: যে সকল সন্তানের সামাধ্য আছে, তাহাদিগকে, তাহাদের, রৃদ্ধ, দরিদ্র, অন্ধ্র, থঞ্জ, ছুর্বল, এবং সামর্থ্যহান পিতা মাতার ভরণ পোষণ করিতে হইবে।

ঔরসমন্তানবিষয়ে যাহ। কিছু বলিবার বলিয়াছি এখন জারজসভানের কথা বলিব।

অবিবাহিত জনক জননীর সন্তানদিগকেই জারজ সভান বলে। ইংলণ্ডে প্রথমে সন্তান জিমিলে, জনকজননী পরে বিবাহিত হইলেও সে সন্তান উরস সন্তান বলিয়া পরিগণিত হইবে না। ফট্লণ্ডে এরপ নহে। দম্পতী পরে বিবাহিত হইলে বিবাহ-পূর্বজাত সন্তানদিগকে উরস সন্তান বলিয়া পরিগণিত করে; এবং সেই সন্তান উরস সন্তানের সমুদয় স্বত্ব প্রাপ্ত হয়। কিন্তু এরপ করিলে পরিণয় গ্রন্থির, আর গৌরব থাকে না। সেই জন্যেইংল্ওে এরপ প্রথা প্রচলিত নাই।

ইংলণ্ডের বিধান সকল, জারজ সক্তমদিগকে
মাতাখনা এবং পিতাখনা মনে করে। তাহারা
যেন খূন্য হইতে পৃথিবীতে উপদ্বিত হইয়াছে।
তাহাদের পিতা নাই, মাতা নাই, বন্ধু নাই, বান্ধব
নাই। ঔরস সন্তানদিগের লালন পালন প্রভৃতি

করা পিতামাতার কর্তব্য: এবং পিতামাতার সেবা শুক্রারা করাও ঔরস সম্ভানের কর্ত্ব্য। কিন্ত জারজ সন্থানগণের পিতামাতার উপর কোন অধিকার নাই, এবং পিতামাতারও তাহাদের উপরে কোন অধিকার নাই।

জাবজ সন্থান সকল পিতা মাভার ধনের উত্তরাধিকারী নহে। তাহারা স্বয়ং যাহা উপার্ক্তন করিবে কেবল তাহাতেই তাহারা অধিকারী, আর কাহারও ধনে তাহাদের কোন অধিকার নাই। জারজ সন্থানের। যদি নিঃসন্তান হইরা লোক্যাত্রা সমূরণ করে, তাহা হইলে দেশের রাজা ভিন্ন অন্য কেহ সে ধনে অধিকারী নহে।

পিতামাতর যে উপাধি জারজ সন্থানগণের উপাধি সেৰূপ নহে। অনা লোকে তাহাদিগে যে উপাধি ছারা আহ্বান করে, সেই তাহাদের উপাধি।

ইংলণ্ডের বিধান সকল জারজদিগকে একবারে নিরাশ্রয় করে নাই। অন্ততঃ যোড়শ বর্ষ বয়স পর্যান্ত মাতাদিগকে জারজ সন্তানদিগের লালন পালন করিতে হইবে। এবং সে জারজসন্তানের

পিত। কে: তাহা হদি কান ৰূপে নিশ্চয় ছান। যায়, তাহা হটলে তাহাকেও তাহাদের প্রতিপাল-নাথে কিছু কিছু আনুকুলা কবিতে হটকে,

ইচ্ছা স্থানেই পালেনেও ঔরস সন্দানিদিরের যে যে স্বায়, জারজনিগানেও সেই সেই স্বায় দিতে পারে।

वक्त ५ वक्ता ।

পুত্র একবিংশতিবর্গ গ্রাপ না হইতে হইতেই
পিতা লোকান্তর গনন করিতে পারেন। একপ
তলে পিতা সন্থানগণের বন্ধণাবেন্দণের নিমিত্ত
রন্ধক নিস্তুক করিতে গারেন। তিনি যদিরক্ষক
নিযুক্ত করিরা শাইতে না পারেন, ভাষা হইলে
দেশের কর্তুপকোরা রন্ধক নিযুক্ত করিয়া দিবেন।
পিতাপুতের যেজপ সম্বন্ধ, রক্ষা যত দিন না
বয়ংপ্রাপ্ত হইবে, তত দিন রক্ষক দিশের সহিত
ভাষাদের সেইজপ সম্বন্ধ।

রক্ষোরা যতদিন না বরঃপ্রাপ্ত হইবে, তাহার।
তত দিন নিজসম্পত্তির দান বিক্রয় করিলে ভাহ।
অগ্রাহ্য হইবে।

রক্ষার: একবিংশতি বর্গ বয়সের সময় প্রাপ্ত-ব্যক্ত হয়। সে সময়ে তাহারা নিজ নিজ সম্প-তির ভার গ্রহণ করিতে পারে।

ध्रञ्ज अज्ञा।

ইংলণ্ডে ক্রীতদাস নাই। আমর; যাহাকে গোলাম বলি, তাহা ইংলণ্ড দেশে নাই। অন্য দেশত ক্রীতদাস যদি একবার ইংলণ্ডে পদার্পণ করিতে পারে; তাহা হইলে সে অর্মন দাসত্ত শুজলা হইতে মুক্ত হইবে। যে ক্ষণ অবধি সেইংলণ্ডের ভূমি স্পর্শ করিয়াছে, সেই অর্থি কেহ ভাহার গাত্রে হস্তক্ষেপ করিতে পারিবে না; বলপূর্বক তাহার রিক্থ গ্রহণ করিতে পারিবে না। ইংলণ্ডের কর্তৃপক্ষেরা যেরূপে পারেন, তাহার রক্ষা করিবেন।

ইংলণ্ডে ভূত্য তিন প্রকার। গৃহপরিচারক, যন্ত্র-ৰ:-ক্ষভূতা, এবং উপদেশ্য।

हेश्ताः ध मकल मामश्री महार्थ । ভृত্যও महे-

ৰূপ মহার্ম। অধিক বেতন না দিলে কেহ ভূত্যত্ব স্থীকার করে না।

কেহু আপন স্বেচ্ছায় ভূত্যত্ব গ্রহণ না করিলে, কোন ব্যক্তি ভাগাকে বলপূর্বক ভ্তা করিছে পারে না। পরিচারকের। বংসর বংসর এত छोकः विक्रम लहेव, ७३ পণে, जातात्र निकटि নিযুক্ত হয়। পরিচারকের। গুহকর্ম করে। পরিচারক ইচ্চা হইলেই প্রভুর কর্ম ছাড়িতে পারে না ; এবং প্রভু ইচ্ছা হ্ইলেই পরিচারককে কর্মচাত করিতে পারেন না। প্রভু পরিচারককে ছাড়াইয়া দিবার ইচ্ছা হইলে, তাহাকে একমাস পূর্বে তাহার সংবাদ দিতে হইবে ; অথবা এক-মাদের অগ্রিম নেতন দিতে ইইবে; এবং পরি-চারক প্রভুর কর্ম পরিত্যাগ করিবার বাসনা করিলে এক মান পূর্বে তাঁহাকে জানাইতে क्ट्रेंदि ।

দিতীর প্রকার ভূতা দিগকৈ কৃষিভূত্য বা যন্ত্র-ভূতা বলে। তাহাদিগকে গৃহ কর্ম করিতে হয় না। তাহাদিগকে হয় কৃষিকর্ম করিতে হয়, নায়

বস্ত্রবয়নযন্ত্র, প্রভৃতি ইংলণ্ডে যে বছবিধ যস্ত্র আছে, তাহাদের কার্য্য করিতে হয়। ইহারাও, প্রতিদিন, প্রতিসপ্তাতে, প্রতিমানে বা প্রতি বং-সরে এত টাকা বেতন লইব ,এই পণে নিযুক্ত হয়। যদি নিগুক্ত করিবান সময়ে কোন স্পষ্ট কথ। না ্বাকে ,ভাজ চইলে, এক বংগর তারাদিগকে বেতন ्रिट इहेर्न '

ভূতার প্রকার ভূতে।ব নাম উপদেশ্র । ইংরো কে'ন বাবসা শিণিবার নিনিত অনোর নিকটে কিছু কলের জনো শিষার গ্রহ, করে। প্রভু-দিগাকে ইয়াদের প্রতিপানন করিতে হয়, এবং যগানাধ্য শিক। প্রদান করিতে হয়।

যাহার, কোন আফীসে কেরাণা হর, বা অন্য বোন ভানে বেহন গ্রহণ করিয়া কোন কার্য্য করে, তহারাও ভূদ্যা সামান্য পরিচারকদিগের ন্যায়, সহাদের প্রভু, একমানের বেতন দিরা বা একমাস পূরের সংবাদ দিয়া, ইহা দিগকে কর্ম-চাত করিতে পারেন ন।।

যত দিন প্রভু ভূত্যকে কর্মচ্যুত না করেন, 'এরং যত দিন ভূত্য প্রভুর কর্মে নিযুক্ত থাকিকে,' ততদিন প্রভুকে ভৃত্যের প্রতিপালন করিতে হইবে; এবং ভৃত্যকে প্রভুর আজ্ঞাবশবর্তী হইয়া চলিতে হইবে। যদি ভৃত্য প্রভুর কার্য্যে অবহেলা করে, তাহা হইলে তিনি তাহার যথোচিত শাসন করিতে পারিবেন। যদি ভৃত্য প্রভুর বিশাসঘাতকতা, বা তাঁহার কোন দ্রব্য স্থাপহরণ করে, তাহাহইলে সে আততায়ীরূপে পরিগণিত হইবে।

প্রভুগণ ভৃত্যদিগের, এবং ভৃত্যেরা প্রভুদের,
শরীর বা রিক্থরকার্থ, যদি কোন অবৈধ কার্য্যের
আচরণ করে, ভাহা হইলে, ভাহারা দোষী বলিয়া
গণ্য হইবে না। যদি কেহ ভৃত্যকে প্রহার করে,
বা ভাহার অঙ্গচ্ছেদ করে, ভাহা হইলে প্রভু সে
ছুষ্ট ব্যক্তির নামে নালিশ করিতে পারেন।

যদি ভ্তারো প্রভুর আজ্ঞাপরবশ হইয়। অথবা প্রভুর কার্য্য করিতে করিতে প্রভুর উপকারার্থে কোন অবৈধ কার্য্য করে, তাহা হইলে ভাহাদের প্রভুদিগকে তাহার জবার্বদিহি করিতে হইবে।

৩। রিক্থসত্ব।

একনে রিক্থস্বত্বের পর্যালোচন করিব।
রিক্থ ছাই প্রকার। স্থাবর ও জন্স।
যে সকল অচেতন পদার্থ এক স্থান হইতে
অন্য স্থানে যাইতে পারে না; যে স্থানে অবস্থিত
আছে, চিরকাল সেইখানেই থাকে, তাহাদিগকে
স্থাবর রিক্থ বলে। যথা, ভূমি, জলাশয়, অরণ্য,
গৃহ, থনি, ইত্যাদি।

দিতীয় প্রকার রিক্থের নাম জঙ্গন রিক্থ। যে সকল চেতন ও অচেতন পদার্থকে, যে খানে লইয়া যাও, সেই খানেই যায়, তাহাদিগকে জঙ্গমরিক্থ বলে; যথা, কুকুর, বস্ত্র, টাকা ইত্যাদি।

স্থাবর ও জন্সম রিক্থে বাঁহাদের অধিকার আছে, সেই সকল ধনস্বামীরা ইচ্ছা হইলেই, আপন আপন সম্পত্তি অন্যলোককে দান করিতে পারেন, এবং বিক্রয়ও করিতে পারেন ৷ অপ্রাপ্ত-ধয়ক শিশু এবং বাতুল প্রভৃতি কতকগুলি লোক ভিন্ন, সকলেই মৃত্যু সময়ে উইল করিয়া, আপন আপন ক্ষমতানুসারে, রিক্থ সমূহ অন্য ব্যক্তিকে প্রদান করিতেপারে।

রিক্ধ বিষয়ক সমুদয় কথা উপলব্ধি করা বছ-আয়াস-সাধ্য। পুঞ্জানুপুঞ্জবপে তোমার সে সব বিষয় জানিবার আবশ্যকতা নাই। ক্রিকপে স্থাবর ও জঙ্গম রিক্থের উত্তরাধিকার নির্ণয় হয়, তাহা বলিয়াই আমি এবিষয় হইতে ক্ষান্ত হইব।

প্রথমে, স্থাবররিক্থের উত্তরাধিকার লইয়া আন্দোলন করিব। তাহার পরে জঙ্গম রিক্থের উত্তরাধিকার-নিরূপণ করিব।

স্থাবর দায়াধিকার নির্ণয়।

ধনস্বামী চরমলেথখুন্য হইয়া লোকান্তর গমন করিলে, কোন্ কোন্ ব্যক্তি তাঁহার স্থাবর রিকথের উত্তরাধিকারী হইবে, এক্ষণে তাহা নির্দাপণ করিতেছি।

্মৃতব্যক্তির স্থাবর রিক্থের উত্তরাধিকার বিষয়ে আটটা নিয়ম প্রচলিত আছে। সেই আট नित्रमा नुमारव अवित्रमारत् । উ छत्। विकारत्त्र कम-নিৰ্ণ হইয়া থাকে। সেই আটটা নিয়ন কি কি তাই। ক্রমে ক্রমে বলিতেছি।

य वाङ्कि खयः धन डेलार्ड्सन क्रियार्ड्स. অনে,র উত্তরাধিকাবী বলিয়া সম্পত্তি প্রাপ্ত হয নাই, ভালকেই আমরা বিব্যস্থামী বা ধনস্থামী বলিৰ।

১ম নিযম। ধনস্বামীর অধক্রন অপত্যগণ, তাহার স্থাবর রিকর্থ প্রাপ্ত হইবে।

- >। পুত্রসন্থান থাকিতে কন্যা সন্থানের। কখন डेखवाधिकावी क्वेरव ना ।
- ়। কোনবাক্তির একাধিক পুত্র সন্থান থা-কিলে, ভ্যেষ্ঠ পুত্রই হঁ'হার উত্তরাধিকারী। জ্যেষ্ঠ বর্ত্তমান থাকিতে কনিষ্ঠদের পৈতৃকরিক্থে অধি-কার নাই। কিন্তু কে'ন নিষ্পাত্র ব্যক্তির একাবিক ক- ্যা থ'কিলে, ক্ম্যাগণ ভাহাদের প্রৈক্ত বিক্

থের সমাণশভাগী। তাহার। সমান অংশে সেই ধন আপনাদের মধ্যে বিভাগ করিয়া লইবে।

মনেকর, কোন একজন ধনস্থানীর, উণিলিয়ম্ এবং জন নামে ছুই পুত্ত, এবং সুসানা ও কাথো-য়াইন নামে ছুই কন্যা আছে। এমতে তৃতীয় নিয়মানুসারে কনিষ্ঠ জন তঁহ'ড় পিতাব হাবর রিকথের একাংশও এথে হইবেন না। দ্বিতীয় নিয়মানুস'রে, ও।হার ভগিনীব উচ্চার অঞ্জ হইতে বয়োজ্যেত হইলেও ভাষারা পিতার ধনে অধিকারী নহেন। সেঠভাতা উয়িলিয়ম্ সেই मञ्जूमरा थन ७१७ स्टेटव । किन्दु यनि উर्यिलयम् লিঃসম্ভান হট্য লে।ক্যাড়া সম্বরণ ক্রেন, ভাষা হুইলে দিতীয় নির্মানুসারে জন সেই বিক্থের উত্তরাধিকারী। ভগিনীগণ এখনও সেই পৈতৃক ধনে অধিকারী নহেন। যদি জন আবার নিঃ-সন্থান হুইয়া নামশেষ হয়, তাহ, হুইলে তৃতীয় नियमानुनारतं ७ शिनीश्रीश्री, नवान अंदर्भ सिहे পৈতৃক ধন বিভাগ করিয়া লইবে।

৪। মৃতব্যক্তির অধস্তন অপত্যেরা ভাঁহার

প্ৰতিৰূপকত্বৰূপ হইবে; অৰ্থাৎ তাঁহার অপ-ত্যেরা তৎস্থানীয় হইবে।

উল্লিখিত উদাহরণে যদি উয়িলিয়মের একটী
পুত্র থাকিত, তাহা হইলে সেই পুত্র তাহার
পিতৃস্থানীয় বলিয়া উল্লিখিত সমুদয় ধনের অধিকারী.হইত। তাহার পিতৃব্য জন, অথবা তাহার
পিতৃস্থা সুসানা এবং ক্যাথারাইন্, সেই ধন
অধিকার করিতে পারিতেন না। যদি আবার,
উয়িলিয়মের একটা পুত্র, এবং একটা কন্যাথাকিত,
তাহা হইলে তাহার ভ্রাতার অবর্তমানে সেই কন্যা
সমুদয় পৈতামহিক সম্পত্তি প্রাপ্ত হইতেন। তাহার
পিতৃব্য অথবা পিতৃস্থসার। তাহা, পাইতেন না।

৫। ধনস্বামীর অধস্তন অপতাগণ, নিংশেবিত হইলে, ভাঁহার উর্দ্ধৃতন, আসমতর, পিতা পিতা-মহ প্রভৃতি প্রভবেরা, যথাক্রমে ভাঁহার স্থাবর রিক্প প্রাপ্ত হইবে।

্ঙ। সর্বাত্যে ধনস্বামীর পিতা, এবং পিতামহ প্রভৃতি পিতৃক পুরুষদ্বাতিত্ব পুংপ্রভরেরাও

তাঁহাদের সন্তানেরা, তাহার পরে নারীজাতিত্ত পিতৃক অপুশ্রভবেরা ও তাঁচাদের সন্তানেরা: ভাহার পরে মাতা, এবং মাতানহ প্রভৃতি মাতৃক পুষ্পাভবেরা ও ভাঁহাদের সম্ভানেরা: এব॰ ভাহার পরে মাতৃক অপুস্পুভবেরা, ধনস্বামীর উত্তরাধি-काती इक्टबन।

৭। ('যাহাদের পিতা ভিন্ন, কিন্তু মাতা এক; অথবা মাতা তিল্ল কিন্তু পিছা এক; যাহাদের পুল্ৰভৰ অথবা অপুল্ৰভৰ ভিন্ন, কিন্তু অপুল্ৰভৰ অথবা পুম্পুতৰ এক, এৰপ একবাক্তিসমন্ধ দায়াদ-দিগকেই অৰ্দ্ধশোণিতভাগী দায়দ কহে। আমার বৈমাত ভ্রাতা আমার অদ্ধশোনিততাগী দায়াদ। আমার পিতামহের মৃত্যু হইলে, আমার পিতামহী ধদি পুনর্বার বিবাদ করেন, তাহা বইলে সেই বিবাহোৎপন্ন সন্তানেরা আমার অর্জনোণিভভাগী দারাদ হইবে। আমার সোদর ভ্রাতা আমার সর্বলোণিতভাগী দায়াদ।')

माथात्व धाउव भूक्षयकाष्टिष्ट स्हेटन, व्यर्क-শোণিকভাগী দায়াদের সমানপর্য্যায়ত্ব সর্বশোণিক- ভানী দায়াদগন অথবা ভাহাদের সন্থান পরম্পর। বভুমান না থাকিলে, অর্দ্ধশোনিতভাগী দায়াদই ধনস্থানীর উত্তরাধিকারী হইবে, এবং সাধারণ প্রভব নারীজাভিত্ত হইলে, ভাঁহাব পরেই অর্দ্ধ-শোনিতভাগী দায়াদের, মৃত্যাক্তির স্থাবর্রক্থে অধিকার স্পার্শিবে।

৮। অন্টম িশন এই যে, পিতৃক অপুস্তুত্তন
দিশের পরিগণনাখলে, দর্বপ্রথমে বিপ্রকৃষ্টতব
পিতৃক পুস্তুত্তবের মাতার গণনা করিতে হইবে;
ধবং মাতৃক অপুস্তুত্তবির গণনার সময়,
সর্বাত্তে মাতৃক বিপ্রকৃষ্টত্তব পুস্তুত্তবের মাতাকে
প্রিগণিত করিতে ইইবে।

জ্জম রিকথ বিষয়ে এসকল নিয়ন খাটিবেক ন।

सम्मन्त्रार शिकाव निर्वत ।

ধনস্থামী মৃত্যুসময়ে উইল অর্থাৎ চরমলেথ করিয়া যাইতে না পারিলে, কর্তৃপক্ষেরা তাঁহার লুসম্পত্তির তত্ত্বাব্ধারণের নিমিত, একজন তত্ত্বাব- ধারক নিযুক্ত করেন। তিনি, মৃতবাক্তির অধমর্ণদিগেব নিকট হুইতে তাঁহার ঋণ আদায় কবেন,
পনস্থানীর উত্তমণগণের ঋণ পরিস্কার করেন;
ধনস্থানী আপনাব উইলে যদি কাহাকেও তাঁহার
কোন সম্পত্তি দিয়া শাইয়া থাকেন, তাহা তাঁহাকে
দান করেন, এবং মৃতব্যক্তির সম্পতির অবশিবীংশ তাহার উত্তরাধিকারিগণের মধ্যে বিতক্ত
করিয়া দেন।

যে ক্যেকটা নিয়ম অনুসারে স্থাব্যরিক্থের উত্তরাধিকার নিণয় হইয়া থাকে; জন্সমারিক্থের উত্তরাধিকার সময়ে, সে নিয়মগুলি থাটে না। কিব্রুপে জন্পমারিক্থের বিভাগ হইয়া থাকে, তাহ। বলিভেছি।

চরমলেথশুনা মৃত ধনস্বামীর জক্ষমরিক্থের একভূতীয়াংশ ভাঁহার বিধবা পত্নী প্রাপ্ত হইবে। অবশিষ্ঠাংশ ভাঁহার পুত্র কন্যা প্রভৃতি সন্থানগণ, অথবা ভাহাদের প্রতিরপকেরা, সমান অংশে ভাগ করিয়া লইবে। যদি সন্তান সন্থতি, অথবা তাহাদের প্রতিরূপকেরা বর্ত্তমান না থাকে, তাহা হুইলে, বিধবা পত্নী অর্দ্ধাংশ, এবং আসমতর দায়াদেরা ও তাঁহাদের প্রতিরূপকেরা অর্দ্ধাংশ, পাইবেন। যদি বিধবা পত্নী জীবিত না থাকেন, তাহা হুইলে ধনস্বামীর সন্তানের। তাঁহার সমুদ্র জঙ্গন রিক্পের উত্তবাধিকারী হুইবে। পত্নী অ-থকা সন্তান কেহুই না থাকিলে, আসম্ভর দায়:-দেরা ও তাঁহাদের প্রতিরূপকেরা স্মাংশে তাহা অধিকৃত ক্রিবে।

দারাদগণের আসমতরত্ব গণনা স্থলে, সর্বাত্রে সন্থানগণ ও ভাহাদের প্রতিকাপক দিগকে পরিক্রে হুইবে; ভাহার পরে জননী; ক জন ভাহার পরে ভ্রান্থা ও ভাগনী; ভাহার পরে পিতামহ ও পিতা-ঘহী; ভাহার পরে পিত্রা ও পিত্রাপত্নী এবং ভ্রাত্তুপত্র ও ভ্রাত্তিকারিকাপে পরিগণিত করিতে হুইবে।

যদি কোন ধনস্থামী মৃত্যুর পূর্বে ভাঁহার হাবর দিক্থের উত্তরাধিকারী তিল অন্য কোন সন্তানকে কোন সম্পত্তি দিরা খাইরা থাকেন, এবং তাহা বদি, অনাান্য প্রত্যেক সন্থান তাঁহার সূত্যুর পরে ভাহার জঙ্গমরিক্থের যে তাগ পাইবে. তাহার সমান হয়, তাহা হইলে সে সন্থান তাঁহার জঙ্গম-রিক্থের আর ভাগ পাইবে না। কিন্তু তাহা যদি অন্যান্য সন্থানের ভাগ অপেক্ষা তুল হয়, তাহা হইলে, আর যত পাইলে অন্যান্য সন্থানের প্রত্যেক ভাগের সমান হইবে, সেই সন্থান তাহার পিতার জঙ্গমরিক্থের তত অংশ প্রাপ্ত হইবে।

মনে কর কোন ধনস্বানীর ক. ঝ, ও গ নামে তিন ভাতা আছে; এবং ভাতাগনের অপেকা। তাঁহার অন্য আসন্নতর দায়াদ নাই। এতলে তাঁহার ভাতা সকলই তাঁহার বিষয়ের উত্তরাধিকারী; তাঁহার। সমান অংশে ধনস্বানীর জ্ঞম-বিক্থ তাগ করিয়া লইবেন। কিন্তু যদি ইহার মধ্যে একজন, (মনে কর ক) বিষয় পাইবার পূর্বে, তিন পুত্র রাথিয়া, এবং আর একজন (ঝ) ছই পুত্র রাথিয়া পরলোক যাত্রা করিয়া থাকেন, তাহা হইলেও ধনস্বানীর ভাতুপ্পুত্রেরা প্রত্যেক

ভাষার ভ্রাতার সমান ভাগ পাইবে না; অর্থাৎ
মূতব্যক্তির জন্তমরিক্থ ছম ভাগে বিভক্ত হইবে
না: ভ্রাতৃষ্পাত্রদের আপন আপন পিতা বর্ত্তমান থাকিলে, ওঁহারা সেই সম্পত্তির যে যে অংশ পাইতেন, ভাষারাও ভাষাই পাইবে, অধিক আর পাইবে না। এম্বলেও ধনস্বামীর জন্মরিক্থ ভিন ভাগে বিভক্ত হইবে। ক য তিন পুত্র এক ভাগ, খার জই পুত্র এক ভাগ, এবা গ অপর ভাগ অধিকার করিবে।

বংস। রিক্থ বিষয়ে যং কিলিং প্রবং, কবিলে, একাণে স্বস্থাতের কথা ভোমাকে বুকাইয়া দিব।

रे व द भागन- थ शानी।

তৃতীয় ভাগ।



অপকার, অপরাধ

V.

ভারত বর্ষ।

ে। অপকার।

আমি তোমাকে পূর্বে বলিয়ছি যে, দেশবাসীদিগের শ্বস্তুরকা করা দেশবিধির যেমন উদ্দেশ্য,
ছফলৈকে অন্যের শ্বস্থাত করিলে সেই নফশ্বস্তের উদ্ধার করা, তাহার তেমনি উদ্দেশ্য।
ইংরেজদিগের শ্বস্তু কি কি, তাহা শুনিয়াছ।
এক্ষণে সেই শ্বস্তু সমূহের নাশ হইলে, কিরপে
তাহার উদ্ধার হয়, তাহা শ্রবণ কর।

আমি বলিয়াছি, স্থাবাত ছুই একার। অপ-কাব ও অপরাধ। আমি ইহাও বলিয়াছি যে, অপকারের এতীকে ব হয়, এবং অপর'থের দণ্ড হয়।

অপরাধসমূহ বর শ্রেণী,তে বিভক্ত, এবং কোন কোন অপর শের কি কি দণ্ড হয়, তাহা পবে বিলিব। এখন ডেবল অপকার সকলের পর্যা-লোগনে প্রবাদ্ধ হয়।

যে সকল স্বাহ্যত কেবল এক বাজিকে স্পর্শে, যে সকল স্বাহ্যত করিলে কেবল এক বাজিকই ম দ কলা হয়, দেশস্ত সমস্ত লোকেব অনিষ্ট করা হম লা, তাহ'কেই অপকার নলে। অপরত বাজি অনিষ্টকারীক লামে অভিযোগ কবিয়া, সে অপ-কানেব প্রত'কার করিতে পারে। অপরত বাজি বিসার'লয়ে নালিশ, বরিয়া, সেই সমুদায় স্বাহ্ পুন, প্রাথ হব। শুলি সেই ন্যাস্ক্র সকল কিরিয়া পাইবার উপায় লা খাকে: যদি সেই স্বাসমুদ্য় একেবারে সংজ্ঞ হইম, শাকে, তাহা হইলে, অপ-ক্র বাজিব তাহ'তে কে বাতি হইলা, বিচ্ছালায় সমৃদ্, অনিষ্টকারক লাক। সে কাতি প্রন্ধার বা ইফা দিবেন। মনে কর কোন ব্যক্তি তোনার নিজপ্থ
ভূমি হইতে তোমাকে বহিষ্ঠ করিয়া দিল।
ভূমি বিচারপভিদের নিকটে সেই বহিষ্কারীর
নামে নালিশ করিয়া সেই ভূমিনাও পুনকার প্রাপ্ত
হইবে। কিন্তু যদি কেহ, চ্মি যে গৃহে বাস কর,
সেই বাসগৃহসী একেবারে সমূলে ভাজিগ্র কেলে,
তাহা হইলে কোন রূপে ভোমাব পূর্ব গৃহটা
কিরিয়া পাইবাব উপ ল নাই ভুমি কেবল
অনিষ্টকারীর নামে ভাভিযোগ বিভিয়া, কাতিকারক
ভারা আপনাব কাতি পূর্ণ করিতে পার।

অপকার সকলের প্রতীকার করিবার নিনিত্ব, বিচারলার সমুদর স্থাপিত হইরাছে। কিন্তু এরপ অনেক অপকার আচে, মকজনা করিরা দালা নিবারণ করিলে অনেক বিলয় হয়, অনুর্থক আনেক বার হয়, আনেক অসুবিধা হয়। এরপ ছলে দেশের বিধান সমুদর, অপারুত ব্যক্তিসকলকে এই ক্ষাতা দিয়াছে যে, তালারা অনিষ্টকারার নামে বিচারালেয়ে নালিশ নাকরিয়াও, স্বর্থ আপনাদের নাইবার স্কুলেকে উদ্ধৃত করিলেও করিতে পারে। কির্দ্ধি স্কুলে অপারুত ব্যক্তি সয়ণ হাপান্ত ক্রিটে

স্বত্বভাতকের প্রতীকার করিতে পারে, প্রথমে ভাহারই নির্দেশ করিব।

আত্মরকা-। যদি কেহ ইংলওম্ব কোন বাক্তিকে, অথবা স্ত্রী পুত্র কন্যা প্রভৃতি তাহার পরিবারস্থ অন্য কাহাকে আক্রমণ করে, তাহা হইলে আক্রান্তব্যক্তি, যে ৰূপে পারে, সে আক্র-মণের নিবারণ করিতে পারে; এমন কি ইহাতে যদি আক্রমণকারীর মৃত্যুও হয়, তাহা হইলেও আক্রান্ত ব্যক্তিকে কোন দোষ স্পর্শিবে না। এম্বলে অপকৃত ব্যক্তি বিচারালয়ে নালিশ না করিয়া, আপনি আপনার অপকারের প্রতীকার করিল।

পুনগ্রহণ-। যদি কেই কোন ব্যক্তির জন্স-রিক্ধ অপহরণ করে, তাহা হইলে অপকৃত ব্যক্তি, ভাহার অনুসন্ধান করিতে পারিলেই সেই সমুদয় রিক্থ পুনর্বার গ্রহণ করিতে পারে। কিন্তু অপ-কুর্ভ ব্যক্তি আপনার অপহৃত দ্রব্য সমূহের অধি-কার করিতে গিয়া দাক। হেক্সাম করিতে পারিবে না। মনে কর ভোমার অশ্ব অপ্রহৃত হইয়াছে। ঘদ্লি ভুমি সেই অপহৃত অশ্বকে হাটে, মাঠে,

অথবা অনা কোন প্রকাশ্য ত।নে. দেখিতে গণ্ড তুমি তংক্ষণাথ সেই অশ্বকে অ'পনাব বলিদ। অধিকার করিতে গণর। বিজ্ঞ যদি কোনমতে জানিতে পাব শে, সেহ অশ্ব অমুক বাজিব অশ্ব-শালাব, বন্ধ অ'ছে: সে স্থলে ভুমি হান, সেই অশ্বশালার দ্বার তথ্য কর্যা, অ পনাব অশ্ব প্রহন ব রিতে পার না: বাবং সেকপ করিলে দাসা ক্ষেমান করিকে ইইবে। এস্তলে তোলাকে বিচাব পুক্ষদিগের সংগতা প্রগন। কবিতে ইইবে।

পুনরবিকার—। দেং রূপ, ইনি কেই তোমাকে তোমাব স্থাবরবিকথ হইতে বহিদ্ভ কবিয়া দেয়, কুমি স্থা শালি ভঙ্গন ক্রিয়া, সেই স্থাবৰ রিকথেন পুনরবাব অধিকাব গ্রহণ কবিতে গার।

কণ্টকোৎসারণ—। যাহা কিছু অবৈধনপে তোমার বিবাক্ত উৎপাদন করে, অথবা তে,লাব কোন ফতি সম্পাদন কবে, তাহাব নামই কণ্টক। তাহা ভুমি স্বরণ, অপস বিত কবিতে পাব। যাদি কেছ আলার গবাকের নিকটে এনপে এক প্রাচীর নির্মাণ করে যে, তহারা আনার গৃহে আলোক প্রবিষ্ট ক্রতে পারেনা, আমি স্বরণ, শান্তিভক্ত না করিয়া, সে প্রাচীর ভাঙ্গিয়া কেলিতে পারি। যদি কেহ রাজপথের মধাস্থলে এক প্রাচীর নির্মাণ করে, এবং ভদ্ধারা আমার গভাগতি বন্ধ হয়, আমি স্বয়ণ সে প্রাচীর নষ্ট করিতে পারি।

দ্রব্যরোধ ও পশুরোধ—। যদি আমার প্রজা আমার ভূমিতে বাস করিয়া, আমার পাঙ্না খাজনা না দেয়, আমি বিচারালয়ে নালিশ না করিয়া ও, যত দিন না তাহা আদায় হয়, ত্রু,দিন তাহার দ্রব্য সামগ্রী কৃদ্ধ রাখিতে পারি। যদি কাহারও গো মেষ উষ্ট্র অস্থ প্রভৃতি কোন পশু আমার ভূমিতে আসিয়া আমার শস্তু ভক্ষণ করে, অথবা অন্য কোন প্রকারে আমার কোন ক্ষতি করে, তাহা হইলে, যত দিন না আমার সেই ক্ষতির পূরণ হইবে, আমি তত দিন সেই পশুকে বন্ধ করিয়া রাখিতে পারি; এবং যদি পশুস্বার্মী আমার ক্ষতিপূরণ অখীকার করে, আমি সেই পশু বিক্রয় করিয়া আপনার ক্ষতিপূরণ করিতে পারি।

যদি আমি আমার অধমর্বের চরমলেও নির্বাহক, জুখবা ভাহার জঙ্গমব্লিক্থের তত্ত্বাবধায়ক, নিযুক্ত হই: এবং আর যদি কাহারও সেই অবমর্ণের নিকটে আমা অপেক্ষা অধিক টাকা পাওনা না থাকে, তাহাহইলে আমি, বিচারালয়ে নালিশ ন। কবিয়া, অধমণের বিষয় হইতে, সর্বাত্যে আমার টাকা ভুলিয়া লইতে পারি।

উপরি উক্ত তল সমূহে অপরুত ব্যক্তি।বিচা-রালয়ে নালিশ না করিয়াও আপনি অপনার সত্ত্বে উদ্ধার করিতে পারে।

বিচাবপতিদের সহায়তা গ্রহণ না করিয়'ও.
অপরত বাজি কোন্ কোন্ স্থলে আপনার স্থা
আপনি প্রত্যানয়ন কবিতে পারে, তাহা শুনিলে।
একণে কোন্ কোন্ স্থলে অপরত ব্যক্তিকে,
অপহত স্থের প্রত্যাহরণের নিমিত্তে বিচারপতিগণের সহায়তা গ্রহণ করিতেই হইবে; আপনি
আপনাব বিচার করিতে পারিবে না; বিচারালয়ে
মকদ্দমা ম'মলা করিয়া, অনাগৃহীত স্থত্বের প্রনরাময়ন করিতে হইবে, তাহা শ্রবণ কর।

শ্বরণ করিয়া দেখ, স্বস্থ নকল চারি অংশে বিভক্ত হ্ইয়াছে। আত্মস্বর, গৃহপতিষয়, রিক্ধ- স্বন্ধ ও সমাজস্বত। স্বত্বাত সকলকেও সেই অনুসারে বিভক্ত করা বিধেয়। ইহার মধ্যে সমাজ্যত্ববাতকে অপরাধ বলে, এবং আত্মন্তব্ যাত, গৃহপতিস্বহ্বাত ও রিক্থস্ত্র্বাতকে, অপ-कांत्र वरत । ममाजयश्रयार्ज्त कथा शरत वनिव ; এখন কেবল, আত্মস্ত্র, গৃহপতিস্তত্ত্ব ও রিক্থস্ত্র বিষয়ক অপকার সকলের নিরূপণ করিতেছি।

২। আত্মস্তব্যতি—। আমি পূর্বে আত্মস্তব সমুদরকে ছুই প্রধান ভাগে নিবেশিত করিয়াছি। আর্রকাম্বর ও আল্মমাতন্ত্রাম্বর। আল্ররকা-স্বয়, আবার চারি অংশে বিভক্ত হইয়াছে। জীবনরকা, অবয়বরকা, স্বাস্থ্যরকা ও খ্যাতি-तका। यथाकरम स्मरे ममुमरसद পर्यातिकिम করিব।

জীবনবিষয়ক অপকার—। দুষ্ট লোকে অন্যের প্রাণসংহার করিতেপারে। কিন্তু অন্যের জীবন नके श्रेटल, रक्वल मः इंड वाक्तित्रे खब्धः म स्रेल, তাহা নহে, দেশত সমস্ত লোকের স্বত্বাতহইল। অতএব এরপ বিষেষ্ব্য, অপরাধ, বলিয়া পরি-ছাণিত হইয়াছে। অপরাধের অবধারণ সময়ে বিদ্বেষ্বধেরও উল্লেখ করিব। এখন বিদ্বেশ্বধের বিশয়ে অধিক কথা বলিবার প্রয়োজন নাই।

ष्यवत्रदिषग्रक ष्यशकात्र—। धनि (कङ. (७) मात अम्राक्ति कतित्व, छोमात्क श्रञ्ज क तित्व, এই ভয় দেখায়, এবং তাহাতে অত্যন্ত ভয়াত্র হইয়া যদি তুমি কোন কার্যা করিতে না পার: তাঙা হইলে যে ব্যক্তি ভোমাকে ঐৰপ ভয় দেখাইল. সে তোমার অঙ্গ এতাঙ্গ বিষয়ে অপকার বারিল। যদি কেছ ভৌমাকে আক্রমণ করে. প্রার্হির করে, অথবা তোমাকে অন্য কোন প্রকারে আহত করে. ভ'হা হইলে একপ আব্রেণকারী ভোমার অবর্ধ বিষয়ে অপকার বরিল। ভুমি অপকারীর নামে নালিশ করিয়া, ঐৰপ অপকার করাতে তোমার যে ক্ষতি হটয়াছে, তারা পুর্ব করিয়া লইতে পার।

স্বাস্থ্যবিষয়ক অপকার—। যদি কেই, ইংলগুরাসী কোন ব্যক্তির স্বাস্থ্যহানি করে, সে
দশুনীয় স্ইবে। মনে কর ক নামে একজন, থ
নামে আৰু একজনকৈ এক অতি অপকৃষ্ট ভক্ষা
মব্য বিক্রম করিল। তাহা আহার করিয়া থয়ের

श्र'श नसे इरेल। त्मक्त श्राष्ट्र नसे इउग्राट খারের যে ক্ষতি হইল, কর নামে নালিশ করিয়া থ তাহা পুর্ণ কবিয়া লইতে পাবে। যদি ক খ্যের গৃহের নিকটে কোন চর্গন্ধ দ্রবা প্রস্তুত করে, এবং সেই ছুর্গন্ধ দ্রব্যের পৃতিগন্ধ চতুর্দ্ধিকে বিকীর্ব ২ইয়া খয়ের গৃহ পাদ ত বায়ুরাশি দুবিত করে ও লালতে ভালর স্বাস্থানি হয়, ত'হা **হুইলে, ক খ্যের নামে ফতিপুরণের নালিশ** করিতে পারে। যদি কোন চিকি-সক অবহেল। কবিয়া, অথব। অনভিজ্ঞতাকেতু ক নামে কোন ব ক্সির স্বাস্থ্যানি করেন, ক চিকিৎসকের নামে ক্ষতিপূরণের নালিশ করিতে পারে।

খ্যাতিবিষয়ক অপকার—। যদি ক বিদ্বেষ
পাবশ হইয়া থর নিখ্যাপবাদ করিয়া বেড়ায়;
অথবা লেখছারা, তিত্রছার বা অন্য কোন প্রকারে,
থব মিখ্যা-কলঙ্ক প্রকাশ কবে; এবং থর যদি
বাস্তবিক ভাষাতে কোন হানি হয়, ও যদি ভাষাতে
শ্বের সকল লোকের নিকটে ঘ্ণাম্পদ হইবার
সম্ভাবনা থাকে; ভাষা হইলে থ কয়ের নামে
সম্ভিপুরণের জনো নালিশ করিতে পারে। যদি

क, अक्जन ठिकिएमकरक किएरेवमा व्यर्थाए বৈদ্যিশান্ত্রে অনভিজ্ঞ : একজন ব্যবহারাজীবকে কুটকার অর্থাৎ প্রবঞ্জ; ও একজন পণাজাব-কে (সওদাগরকে) ঋণশোধনাক্ষম অর্থাৎ দেউ-লিয়া, বলিয়া তাহাদের কলক্ষ রটাইয়া দেয়, তাহা হইলে অপক্লত ব্যক্তিগণ কর নামে ক্ষতি-পুরণের নিমিত্তে নালিশ করিতে পারে। কিন্ত क यमि आवात, जाहाता वाखितिक महे महे অপগুরুত্ত, ইহা প্রমাণ করিয়া দিতে পারে, **डाहा हरे**दन, क मायग्रुक हरेदा। यमि त्कर লেখছারা, চিত্রছারা ভোমার মিখ্যাপবাদ করে, তাহা হইলে তাহা যেমন অপকারৰূপে পরিগণিত হয়, তেমনি অপরাধনপেও নিক্পিত হয়। মৌ-थिक कूछ्मा कथन अभवाधकार निर्मिश रस ना। ক খকে পরদারিক বলিয়। নিন্দা করিলে কর দণ্ড श्हेरव ना।

আত্মস্বাতস্ত্র্য বিষয়ে অপকার-। যদি ক অনায় করিয়া থকে বন্ধ করিয়া রাখে, তাহা হইলে ও কর নামে ক্তিপুরণের নালিশ করিতে भारत ।

২। গৃহপতি স্বত্বঘাত—। যদি ক, বলে ছলে বা কৌশলে খর পত্নীকে হরণ করিয়া লাইয়া যায়, তাঁহার সভীত্ব নাশ করে, বা অন্য কোন প্রকারে তাঁর অবমাননা করে, তাহা হইলে ক খর নামে ক্ষতিপূরণের নিমিত্ত নালিশ করিতে পারে।

পিতা সন্তানগণের প্রভুষৰপ, অতএব যদি ক থয়ের কন্যাকে সন্মার্গ ভাই করায়, অথবা ক থয়েব কোন সন্তানকে প্রহার করে, বা অন্য কোন প্রকারে তাহার প্রতি অসদাচরণ করে, তাহা হইলে, থয়ের "ক আমার মর্য্যাদা অতিক্রম করিয়াছে" এই বলিয়া কর নামে নালিশ করিবার সামর্থ্য আছে। সেরপ মর্য্যাদা ব্যতিক্রম হেতু থয়ের যে হানি হইয়াছে, ককে তাহা পূরণ ক-রিয়া দিতে হইবে।

যদি ক খরের রক্ষাকে অপহরণ করে, বা অন্য কোন প্রকারে তাহার ধর্মণ করে, তাহা হইলে খ করের নামে মর্য্যাদা ব্যতিক্রমের নালিশ করিয়া ক্রতিপরণ করিয়া লইতে পারে।

• যদি ক খারের বেতনগ্রাহী ভূতাকে আপন

কর্মে নিযুক্ত করে, বা লোভ দেখাইয়া প্রভুর কর্মি পরিত্যাগ করায়; অথবা ভৃত্যকে প্রহার করে, বা তাহাকে রুদ্ধ করিয়া রাখে, তাহা হইলে খ করের নামে নালিশ করিয়া আপনার ক্ষতি-পুরণ করিয়া লইতে পারে।

৩। রিক্থস্বত্বাত—। রিক্থস্ব ছই প্রকার নির্দেশ করিয়াছি। স্থাবর রিক্থস্ব ও জঙ্গন-রিক্থস্বত্ব। রিক্থস্বত্বাতও ছই প্রকার; স্থাব-ররিক্থ-স্বত্বাত, এবং জঙ্গনরিক্থ-স্বত্বাত। যথাক্রমে তাহাদের নির্পণ করিতেছি।

স্থাবররিক্থ-স্বত্বঘাত।। ভুক্তিচু।তি—। যদিক
থকে তাহার নিজস্ব ভূমিথও প্রভৃতি স্থাবররিক্থ
হইতে বহিষ্ক ত করির। দিয়া আপনি তাহা অধিকার করিয়া লয়, তাহা হইলে, থ বিচারপতিদের
সহায়তা গ্রহণ না করিয়া, এবং শান্তিভঙ্গ না
করিয়া, হয় স্বয়ং সেই ভূমিথও পুনর্বার গ্রহণ
করিয়া লইবে, নয় অপকারীর নামে নালিশ করিয়া
তাহা পুনুষ্বার অধিকার করিয়া লইবে।

মর্যাদা বাতিকুম-। যদি ক অথবা তাহার

পশু সমুদয় খয়ের বিনানুমতিতে, খয়ের ভূমিতে
প্রবেশ করে. অথবা খয়ের অন্য কোন স্থানীররিক্থ বিষয়ে কোন অপকার করে, তাহা হইলে
ক খয়ের নামে নালিশ করিয়া ক্ষতিকারক দ্বারা
আবনার ক্ষতিপূরণ করিয়া লইতে পারে।

কণ্টক—। কণ্টক কাহাকে বলে তাহা পূৰ্ব্বে विनयाष्ट्रि यनि क कान बार्य थरक विवक्त करत. অথবা খারের অন্য কোন অনিষ্ট করে, তাহা र्ह्सल थ हेव्हा इहेटल खाइ रमहे वित्रक्रकनक দ্রবাকে অপসারিত করিতে পারে, অথবা বিচারা-লয়ে অনিষ্টকারীর নামে ক্ষতি পূরণার্থে নালিশ করিতে পারে। যদি ক খয়ের গৃহের নিকটে শূকর অথবা অনা কোন ইতর জন্তু রক্ষিত করে, এবং যদি ভাহাদের জুর্গন্ধে গৃহে ভিষ্ঠানা না যায়, তাহা হইলে থ হয় স্বয়ং সেই অনিষ্টজনক জস্কু-গণকে তাড়াইয়া দিতে পারে; নয় বিচারপতি-**मिर्**शत निकर्णे **आर्वमन क्**तिशा, स्मिरे मक्ल हेउत জন্তুকে দূর করিয়া দিয়া খ দারা আপনার ক্ষতি-প্রণ করিয়া লইতে পারে।

অপ্রহা- । মনে কর ক, খর নিকট হইতে,

থয়ের এক খণ্ড ভূমি বৎসর কয়েকের নিমিত্ত

ক্রান্ত করিয়া লইয়াছে। যদি ক, সেই ভূমিস্থ
কান সুশোভন রক্ষ পাতিত করে, অথবা ভূমিস্থ
কান গৃহের কোনজপে নাশ করে, তাহা হইলে

থ কর নামে ক্ষতি পূরণের নিমিত্তে নালিশ

করিতে পারে।

ব্যবকলন—। মনে কর, খয়ের প্রতি কয়ের কান কর্ত্তব্য আছে; এবং মনে কর খয়ের নকটে থাজনা পাওনা আছে; এস্থলে যদি ক চর্ত্তব্য প্রতিপালন না করে, অথবা প্রাপ্য থাজনা বা দেয়, তাহা হইলে থ কয়ের নামে নালিশ চরিতে পারে।

বাধা—। যদি ক থকে তাহার স্থাবর রিক্ধ
থিলিক স্বসমূহের নিদ্ধণীকে ভোগ বিধয়ে
কান বাধা দেয়, তাহা হইলে থ কয়ের নামে
ফতিপুরণার্থে নালিশ করিতে পারে। মনে কর
থয়ের একটা বাজার আছে। যদি ক তাহার
নকটে আর একটা বাজার বঁসাইয়া, থয়ের বাজার
চাঙিয়া আনে, তাহা হইলে থর তাহাতে যে ক্তি
হল, থ কর নামে নালিশ করিয়া তাহা পূর্ত্তি

করিতে পারে। মনে কর কয়ের ভূমির উপর দিয়া খয়ের ভূমিতে যাইবার এক পথ আছে। ক যদি সেই পথ বন্ধ করে, তাহা হইলে খয়ের বড় অসুবিধা হয়। এন্থলে থ কয়ের নামে नालिम कतिया श्रूनर्जात (मरे १८५ याहे एक পাইবে।

জঙ্গমরিক্থ স্বস্থাত।। অবৈধ গ্রহণ—। যদি কেহ অন্যের কোন দ্রব্য অন্যায়পূর্বক গ্রহণ করে, তাহা হইলে অপকৃত ব্যক্তি অনিষ্ট-কারীর নামে অভিযোগ করিয়া, সেই দ্রব্য পুনঃ প্রাপ্ত হইবে; এবং সেই ৰূপগ্রহণ করাতে তাহার যে ক্ষতি হইয়াছিল, ক্ষতিকারকদারা তাহা পূরিত করিয়া লইবে।

অবৈধ রোধ—। মনে কর ক থয়ের নিকট হইতে একটী অশ্ব দিন কতকের জন্য ভাড়। করিয়া লইল। এন্থলে অশ্বগ্রহণ বিধিসমাত; কিন্তু নির্দ্ধা-রিত সময় অভিবাহিত হইলেও যদি ক খকে তাহার অশ্ব প্রত্যর্পণ না করে, আপনার নিকটে রাখিয়া দেয়, তাহা হইলে সেরপ রোধ অবৈধ। থ ক্রয়ের নামে অভিযোগ করিয়া, সেই অস্ব

কিরিয়া পাইবে, এবং সেরূপ অবৈধ রোধ করাতে বাইবুর যে ক্ষতি হইয়াছিল, ক ভাহাও পূরিত করিয়া দিবে।

যদি ক কোন কর্ম করিবে বলিয়া, খয়ের নিকটে
মুখে প্রতিজ্ঞা করে, অথবা লেখা পড়া করিয়া
দেয়, এবং পরে যদি ক সেই কর্মা না করে,
তাহা হইলে থ কয়ের নামে নালিশ করিয়া সেই
অঞ্চীকার পালন করাইয়া লইবে; আর যদি
সেই অঞ্চীকার পালন করাইয়ার উপায় নাখাকে,
তাহা হইলে ককে খয়ের ক্ষতিপূরণ করিতে দিতে
হইবে।

এন্থলে আমার ইহাও বক্তব্য যে স্থাবর রিক্ধ বিবরে ও জন্মমরিক্থ বিবরে কেহ কোন অপকার করিলে, অপকৃত ব্যক্তিকে যথাক্রমে কুড়ি ও ছয় বংসরের মধ্যে অপকারীর নামে অভিযোগ করিতে হইবে।

কোন্ কোন্ স্থলে বিচার।লয়ে নালিশ ক্রিয়া আপনার নফী স্বত্বে উদ্ধার হয়, তাহা শ্রুব ক্রিলৈ, এক্ষণে অপরাধের মির্ণয় করিব।

৬। অপরাধ।

যে কোন সম্মাত, দেশবিধি সমূহের প্রতিকূলৈ বিহিত হইয়া, দেশস্থ সমুদ্য় লোকের অনিষ্ট সম্পাদন করে, তাহার নামই অপরাধ। অপরাধ সকল তিন শ্রেণীতে বিভক্ত। রাজদ্রোহ, আত-তারিতা, ও উপাপরাধ। কোন্ কোন্ অপরাধ কোন্ কোন্ শ্রেণীভুক্ত, তাহা ক্রমে নির্পণ করিতেছি। সর্বপ্রথমে রাজদ্রোহ কাহাকে বলে তাহার নির্ব করিব।

রাজদ্রোহ—। যদি কেই বিদ্বেশনবর্তী ইইয়া দেশস্থ রাজাকে, রাজমহিনীকে, অথবা জ্যেষ্ঠ-রাজকুমারকে, বধ করে, বধ করিবার চেম্চা করে, অস্ত্রাহত করে, কারাক্রন্ধ করে, অথবা অন্য কোন প্রকারে তাঁহাদিগকে লজ্জন করিবার প্রয়াস পার; আর যদি কেই কর্তৃপক্ষদিগের সহিত সম্ভাম করে, ইংল্ওস্থ শক্রবর্গের সহায়তা করে, অথবা দেশের তত্ত্রস্থিতি উন্মূলিত করিবার উপক্রম করে, তাহা হইলে, সে ব্যক্তি রাজদ্রোহী বলিয়া গারিগণিত ইইরে; এবং তাহার প্রাণদণ্ড হইরে। বিষেষ্বধ—। কেহ দ্বেপরতন্ত্র হইয়া অন্যের প্রান্ধ সংহার করিলে তাহার প্রাণদণ্ড হইবে।

প্রমাদ-বধ—। বিদ্বেষশূন্য, আকস্মিক, অনিচ্ছাক্রত, নৃহত্যার নাম প্রমাদ-বধ। প্রমাদবধের অবস্থা তেদে দণ্ডের তারতম্য হয়। * যদি
প্রমাদ-ঘাতক প্রমাণ করিতে পারে যে, মে দ্বেদপরবশ হইয়া হত ব্যক্তির প্রাণসংহার করে নাই,
অকস্মাৎ ক্রোধনীপ্ত হইয়া, মৃত ব্যক্তিকে আঘাত
করিবামাত্র তাহার প্রাণ নাশ হইয়াছে, তাহা
হইলে প্রমাদ-ঘাতকের কোনমতে প্রাণদণ্ড হইবে
না। স্থল বিশেষে দণ্ডের ন্যানাধিক্য হয়।

আত্মহত্যা—। যে ব্যক্তি আত্মহত্যা করে, তাহার সমুদয় রিক্থ রাজতাগুরিষাৎ হয়।

বংগাদাম—। যদি কোন বাজি, গুলিকাকেপ্
দ্বারা, বিধ দ্বারা, অথবা অস্ত্রাঘাত দ্বারা, কোন
মানুষের প্রাণবিনাশ করিবার উপক্রম করে, তাহা
হইলে অপরাধী আততায়ীরূপে গৃহীত হইবে,
এবং তাহার প্রাণদণ্ডের আঁজ্ঞা হইবে। কিন্তু
বাস্তবিক্-তাহার প্রাণদণ্ড হয় না। পূর্বে পূর্বে
অন্যবধোদ্যত বাজি তৈল দ্বারা ভার্জিত হইত।

কেই, অঙ্গহীন বা অঞ্চবিক্তত করিবার মানসে কোন ব্যক্তিকে অন্তাবাত করিলে; তাহ্ঠিক লক্ষ্য করিয়া গুলিকাক্ষেপ, অথবা কোন আশু-দাহ্য দ্রব্য নিক্ষেপ করিলে; বিচারপতিরা ইচ্ছা হইকে সেই দোষী ব্যক্তির প্রতি কারাবাস ও কঠোর পরিশ্রমের অনুমতি করিতে পারেন, অথবা তাহাকে কিছুকালের জন্যে আপরাধিক দাসত্ব অর্থাৎ জহন্য ক্রীতদাসের ন্যায় আচরণ করিতে আজ্ঞা করিতে পারেন।

বলাংকারাভিগম—। বলাংকার পূর্বক কাহা-রও সভীত্ব নাই করিলে, পূর্বে এই নরাধমের প্রোণদণ্ড হইত, এখন তাহাকে আপরাধিক দাসত্ব ভোগ করিতে হয়।

প্রসভহরণ অর্থাৎ ডাকাইভি—। যদি কেই বলপূর্বাক, অথবা বলাৎকারে তর দেখাইয়া, অন্যের কোন দুবা অপহরণ করে, ভাহা হইলে সে ব্যক্তিকে হয় কারাবাস ও কঠোর পরিশ্রম করিতে হইবে, নতুবা জন্মনা ক্রীতদাসের ন্যায় আচরণ করিতে হইবে।

নকং গৃহভেদ অর্থাৎ সিঁধচুরি—। যদি কেই

রাতি নয়টা হইতে প্রাতঃকাল ছয়টা পর্যান্ত.
এই নময়ের নগ্যে, অন্যের দ্রব্য অপহরণ
করিবার মানসে কাহারও গৃহদ্বার উদ্ঘাটিত করে,
গৃহতিতি তেল করে; অথব। যদি কেহ কোনকপে কাহারও গৃহে প্রবিষ্ট হইয়া, গৃহস্থ দ্রব্য
সামগ্রী আরসাং করে ও গৃহতেদ করিয়া বহির্গত
ইয়ি, তাহা হইলে দেই জুয়্ট ব্যক্তিকে কারাবাস
করিতে ইইবে, কঠোন পরিশ্রম করিতে ইইবে,
এবং জঘন্য ক্রীতদাসের নায় আচরণ করিতে
হইবে।

দিবা গৃহতেদ—। দিনের বেলায় ঐকপ অপরাধে অপরাধী হইলে, হয় আপরাধিক দাসত্ত্ব, নয় কঠোর পরিশ্রম ও কারাবাস করিতে হইবে।

কূটলেখ—। যদি কেছ ব্যাহ্বনোট্, চেক্, উইল, সই মোহর প্রভৃতি জাল করে, অথবা প্রতারণ-মানসে বিধান সংক্রান্ত কোন প্রকৃত লেখ্যের কোন অংশ পরিবর্ত্তি করে, ভাহারুও ঐকপ দণ্ড হইবে।

কুটলৈপ চালন-চেকা—। জাল কাগজ পত্ৰ-কে জাল জানিয়াও, যে ব্যক্তি ভাহা প্ৰকৃত বলিয়া প্রচলিত করিবার চেষ্টা পায়, সে ঐৰপ দণ্ডভোগ করিবে।

বছবিবাহ—। পতি অথবা পত্নী ব্রন্থমান থাকিতে, যদি কেং পুনর্বার বিবাহ করে, বিচার-পতিরা ভাহাকেও উক্তরণ দণ্ড গ্রহণ করিছে আজ্ঞা করিতে পারেন।

मञ्जूक्ट रेश वर्शाः वरशिक्षानिति—। मृन् দ্রস্থ অর্বপোত গৃত করিয়া, তালা কুটতে দ্রন্ সামগ্রী অপহরণ করার নামই সমুদ্রচৌর্যা বলাৎকার পূর্বকে এই গহিত কর্ম আচবর্ণ क्तित्त, व्यन्तांभीत अन्न ७ व्ट्रेंद । किस् बनार-কার পূর্বক একপ স্থাস্পদ কর্মানা করিলে, অপরাধী ব্যক্তির প্রাণদণ্ড হইবে না, ভাছাতে কঠোর পরিশ্রম ও কারাবাস অথবা আপরাধিক দাসক্রদণ্ড ভোগ করিতে হইবে।

অগ্নি-দান-। কেহ অন্যের ঘরে, কাহাজে, অংবা ভূণরাশিতে, অগ্নিপ্রদান করিলে, ভাহার প্রতি বিচারপতিরা আপরাধিক দাসত্ব ও কারা-বাস এ ছুয়ের অন্যতর দত্তের অনুমতি করিতে पाट्डम ।

কুটমুদ্রা-নির্দ্যিতি—। তোমাকে বলিয়াছি, যে
টক্ষণালা নির্মাণ করিয়া মুদ্রা প্রস্তুত করা কেবল
বাজারই অধিকার। যদি রাজা তিল্ল অার কেছ
মুদ্রা প্রস্তুত করিয়া প্রচাবিত করে, তাহার আগ্ররাধিক দাসত্ব অথবা কঠোর পরিশ্রম ও কারাবাস
দপ্ত হইবে।

। ক্ষেয়, অর্থাৎ চুরি—। কেহ অন্যের দ্রব্য অপহরণ করি:ল, তাহাকে কঠোর পরিশ্রম ও কারাবাস ভোগ করিতে হইবে। কিন্তু এই অগ রাধের অবস্থা তেদে দণ্ডের তারতমা হয়।

লোপু-এছ—। 'এই দ্রবা গুলি স্বপক্ত দ্রবা', ইছা জানিয়াও যে তাহা গ্রহণ করে, তাহা-রও উক্তরূপ দণ্ড হইবে।

নিহরবাপহার, অর্থাৎ তহবিল ভাঙ:—। যদি করের নিকটে খয়ের তহবিল থাকে, এবং ক তাহা আত্মসাৎ করে, তাহা হইলে ক ঐরপ দণ্ড গ্রহণ করিবে।

যদি কেহ দাঙ্গা হেজাম কঁরে, এবং ভাহাতে ব-লাৎকার-প্রযুক্ত করে,ভাহারও ঐত্বপ দও হইবে,। কারাগৃহ ইইতে পলায়ন—। দও ঐত্বপ। কারারুদ্ধ র্যক্তির পলায়ন বিষয়ে সহায়তঃ করণও আততায়িতা শ্রেণীভুক্ত।

আমি যে যে অপরাধের উল্লেখ করিয়াছি. হাহা ভিমও অনেক অপরাধ এই শ্রেণীর অন্তর্গত। আমি কেবল এই শ্রেণীগত প্রধান প্রধান অপ-রাধের নাম নির্দ্ধেশ করিয়াছি।

ওক্ষণে কোন্কোন অগ্রাধ উপাপ্রাধ শ্রে-ণীর অন্তর্ভি, তাতা বিক্তিভি 🕮। ক্ষ

মৃথা ভাষণ—। যে রাক্তি মুখ্যা শপীথ গ্রহণ করে, তাহাকে আপর থিক দার্মী ও কঠোর গরিশ্রম-সহিত-কারাবাস, এই ছয়ের অনুত্র দণ্ড ভোগ করিতে হইবে।

ছল—। প্রতারণ করিয়া ক্রন্যের টাকা বা দ্রব্য লইলে, ঐরপ দণ্ড হয়।

অভিত্রোহ—। অন্যায় পূর্বক, স্কুন্যকে আক্র-মণ করিলে, অগরাধী ব্যক্তির হয় অর্থদণ্ড, নয় কারাবাস দণ্ড হয়। এসলে বিচারপতিরা অপ-রাধীর প্রতি, কারাগারে কঠোর পরিশ্রমের আজ্ঞা ক্রিতে পারেন, নাও পারেন। ষত্যন্ত—। কোন অবৈধ কর্মের, অথবঃ অবৈধ উপারে, কোন বৈধ কর্মের, আচরণ করিবার মিমিত তুই অথবা বহুলোকে সমবেত হুইলে, তাহাদেরও ঐনপ দণ্ড হুইবে।

কুটমুদ্রা-চালনচেষ্টা—। দণ্ড কারাবাস ও কঠোর পরিশ্রম।

লেখ-কলক্ক-প্রচারণ—। যদি কেহ লেখছাব',
চিত্রছারা অথবা অন্য কোন প্রকারে,অন্য কাহারও মিখ্যাপবাদ করে, তাহার প্রতি হয় করে বাসের,
নয় অর্থদণ্ডের, নতুবা কারাবাস-ও-অর্থদণ্ডের
অনুমতি হইবে।

কেই দ্যুক্তনী দা করিলে, দ্রবোর উচিত শুক্ত প্রদান না করিলে, এবং কৃটতুলার বাবহার করিলে, সে বাজিও উপাপরাধকর্তা বলিয়া পরিগণিত হইবে, এবং অবস্থাতেদে তাহাকে হয় অর্থদণ্ড দিতে হইবে, নয় কারাতোগ করিতে ইইবে, নতুবা আপরাধিক দাসত্ব দণ্ড গ্রহণ করিতে হইবে।

স্নাত্তায়িতাশ্রেণীস্কুক্ত কোন অপরাধ বিহিত করিবার উপক্রম করিলেও তাহা উপাপরাধ বলিয়া পরিগণিত কটবে। এ সকল স্থানে প্রায় ছুট বংসরকাল কারাবাসের অনুমতি হয়। কিন্তু বিচারপতিরা অবস্থাতেকে দক্ষের ন্যুনাধিকা করিতে পারেন।

ইংলাণ্ডে এখন নির্বাদন দণ্ড রহিত হইখাছে।
স্থান্ত করিয়া দেখা, তোনাকে পূর্মে বলিরাতি,
যে অভিজ্ঞান্ত লোগ-কলার হালে, অপরুত্ত
ব্যন্তির হয় অধারাধার লানে কে, মদ রি আদালতে
নালিশ করিতে গারে, নয় দেওয়ানী আদালতে
অপরাধী া নামে ক্তিপুরণার্থে নালিশ করিতে
গারে।

যদি দুই অথব। বছকোক একত্রে কোন অণরাধ করে,তাহাদের সাচলকে দপুতোগ করিতে হইবে। সাহার। কোন অপনাধ বিহিত হইবার পূর্বে, বিহিত হইবার সময়ে, অথব। বিহিত হইবার পরে, অপরাণী ব্যক্তিদিগের কোনকুপে সহায়তা করে, তাহারাও দপুতাগী হইবে।

অপরাধা ব্যক্তির বিচার হইবার সময়ে বার জন অপক্ষপাতী প্রতিবেশীকে জুরীকুপে উপ-হিত থাকিতেই হইবে।

এস্থলে তোমার মরণ করিয়া দেওরা আবশ্যক য়ে বিচারপতিরা অপরাধীর প্রতি দণ্ডের আজা প্রদান করিলে পর রাজা মুনে করিলেই ভাহাকে দওমুক্ত করিতে পারেন।

বংস! আজি আর একটা কথা বলিয়াই আমাদের কথোপকথন শেব করিব।

रेश्न ७ (मध्यानी ७ (क्राजमाती प्रकल्मा সকলের তত্ত্বাৰধারণ করিবার নিমিত চারিটা সর্বার্থান বিচারগৃহ আছে। "কোর্ট অন্ এক্স্চেকর," "কোট অব্ কমন্ প্লিস্" "কোট অব্ কুইজ বেঞ্' এবং "কোর্ট অব্ চ্যান্সরি"।

''কোট অব্ চ্যানসরি'' কেবল 'একুযুটী' অর্থাৎ नाम विषयक मकल्यारिक इस्टरक्रश करत । अहे ধর্মাধিকরণের প্রধান বিচারপতিকে "লউচ্যান্স-লর কহে। ভাঁহার বার্ষিক বেতন, এক লক টাকা। আইন সংক্রান্ত বিষয়ে লর্ড চ্যাপলরের পদ অপেকা অধিক গৌরবযুক্ত উচ্চ পদ আর নাই ৷ প্রধান বিচারপতির সহায়তা করিবার নিমিত, আর ছয় জন সহকারী নিযুক্ত আছেন ৮ একজনকে 'মাউর অব্ রোল্স,' তিন জনকে 'ভাইস চ্যান্সলা,' এবং অপর চুই জনেব প্রত্যে-ককে 'ল র্জন্ফিম্ কুচে'।

প্রথমোক স্থাই বিচাবালয় এব॰ কোর্ট অব্কুইন্স্ বেঞ্চের এক ভাগ কেবল দেওয়ানী
মকদ্মার নিম্পত্তি করে। কুইন্স বেঞ্চের অপর
ভাগ সমুদয় ফে জদারী মকদ্মার ভত্ত্বাবধার্ট্রী
করে। কোর্ট অব্ একেস্চেকর বিচার গৃহে
সমুদয় রাজস্ব ঘটিত মকদ্মা ও অন্যান্য দেওয়ানী মকদ্মা হয়। কোট অব্ ক্মন্প্রিস্ বিচারালয়ে রাজস্বঘটিত ভিন্ন সমুদয় দেওয়ানী
মকদ্মার নিম্পত্তি হয়। এব॰ কোর্ট অব্ ক্মন্
প্রিস্ নামক ধর্মাধিকরণের ও দেওয়ানী ভাগে স্থাবররিকথ বিষয়ক মকদ্মা, ভিন্ন দেওয়ানী মকদ্মা।
সমূহের নিণয় হয়।

কোর্ট অব্ চ্যান্সরি ভিন্ন প্রত্যেক বিচারগৃহে পাঁচ পাঁচ জন বিচারপতি আছেন। "কুইন্স বেঞ্চ" এর প্রধান বিচারপতি আশি হাজার টাকা, এবং অপর তুই বিচারগৃহের বিঢ়ারগৃতিরা প্রত্যেকে সত্তর হাজার টাকা বার্বিক বেতন পান। প্রত্যেক সহকারী বিচারপতির বর্ষিক বেতন, পঙ্কাশ হাজার টাক।।

অপরাধ বিষয়ে আর যাহ। জানা আবশ্যক ইংলভের শাসন প্রথ লী বুঝাইয়া দিবরে সময়ে তাহা বলিয়াছি।

বৎস! তুনি আদ্যোপান্ত শ্রবণ করিলে। অ'মি
সংশার করি না, বিধান সংক্তি। শুনিবার সয়য়ে,
ভানে ভানে ভোনার অতিশয় কয় চইয়াছে।
কিছু ভোনার সুখভঞ্চী দেখিয়' আমি নিশ্চম
বলিতে পারি, তুমি অতিশর আনন্দিত চইয়াছ।

ভারতবর্ষ ৷

ইংগ্রের সহিত ভাবতবর্ষের সমল্প িরপণ।

শিষ্য—। আর্যা আপনার নিকটে ক্রমা প্রার্থনা করিতেছি। আমি না জানিয়া শুনিয়াই বিধানশাত্রের প্রতি ওকপ অবজ্ঞা প্রকাশ করিয়া-ছিলাম। বিধান-শাস্ত্র যে একপ সুন্দর সাম্প্রী তাহা আমার বোধ ছিল না। উহাতে যে এত বৃদ্ধি কৌশল প্রযুক্ত হইয়াছে, তাহা আমি মনে করি নাই। ব্যবহার সংহিতার প্রতি আমার যে বিদ্বেব ছিল, ভাহা অন্তৰ্হিত হইয়াছে। আমি অন্য অন্য শান্তের যেরপ চর্চ্চা করিব, বিধান-শান্তেরও छाहा जरभका मान इहेरव ना। हेश्लट ७ व विधान-সংহিতা যে এক চমৎকার পদার্থ, তাহা আমার क्रमग्रक्रम इरेग्राटह। कि चान्ध्या। हेश्टलक्रत যে কর্মে হস্তক্ষেপ করে, ভাহার একন্থেৰ না कतिशा कथन कान्ड इश ना। य निर्ण नयन वि-ক্ষেপ করি, সেই দিগেই উহাদের বিদ্যা, বৃদ্ধি, সাহাস, পরাক্রমের নিদর্শন প্রাপ্ত হই। আমার এখন বোধ হইতেছে, যে স্থানাদের বড় ভাগ্য যে অন্য কোন চুর্জান্ত জাতি ভারতবর্ষের জয় না করিয়া, ইংরেজেরা ভারতভূমির অধিকার করিয়াছে। ইহা আমি অবশ্র স্বীকার করি, যে ইংবেজরাজ্যে অনেক অত্যাচার হয়। ভারত-বর্ষবাসীদের যে পরিমাণে সুথবাচ্চন্দ্য রুদ্ধি হওয়া উচিত, এখনও তা হয় নাই। আমাদের বাসস্থান জন্মভূমি ইংলওবিজিত হইয়া পাদনিশিস্ট

হইতেছে, আমরা আজি পর্যান্ত ইহা ভুলিতে পারি নাই। আমরা স্বাধীন নহি, কোথা হইতে কতকগুলি খেতকায় পুৰুষ আসিয়া, আমাদিগকে শৃখলাবদ্ধ করিয়া, আমাদের উপরে প্রভূত্ব করিতেছে, স্বর্ণমর ভারতভূমির অধিপতি হই-श एक कई व्यक्तक जीवन। मन्द्रा मन्द्रा व्यापा-দিগকে অতিশয় যাতনা দেয়। কিন্তু ইহা বিবেচনা कता डिन्डि, रर गाहाता পाशिक्षेत्रांशलव॰रमंत्र म मृत्न डेब् नन क्रियार इ. याहाता इष्ट्राक्रियात्र इ মহারাম্চী য়দিগের কবল হইতে ভারতবর্ষ বিমুক্ত করিষাড়ে, তাহাদের নিকট হইতে আনাদের কভ উপকার হইয়াছে। মুসলমানদের রাজত্ব সময়ে কাছারও ধন প্রাণ মান রক্ষা হইত না, ইহা কা-হার অবিদিত আছে। তাহারা দেবতোগা ভারত ভূমিতে একেবারে ছার কার করিয়াছে, ইহাকে না জানেন। ধন প্রাণ মান রক্ষার নিমিকে। मर्जना मकलक ममक थाकिए श्रेष । हेशब्रकः রাজো যে সেৰপ নাই, প্রতিমুহুর্তে আমরা কার্যর ভূরি প্রমাণ পাইছেছি। আমি মুক্তকতে ইংরেড়দের সাধুবাদ করিতেছি।

আর্ঘ্য! আমার বাচাল্ড য় মহাশ্য় বিবত্ত **इहेटबन ना ! आगि हेल्ट्स जटन**स मञ्जूनस ट्रिसी শুনিয়া কে'ন মতে বাক্রোধ করিতে পারিলাম ন। ইংলণ্ডের শাসন-প্রনালী প্রভৃতি সমুদয় বিষয় বুঝাইয়া দিয়া আনার যে উপকার করিয়া-ছেন, আমি কোন কালে তাল বিশ্বত হুইবু না। আৰ্য্যা ইংৱেজেৱা কিৰূপে ভাৰতভূষিতে আৰি-পত্য স্থাপনের সূত্রপাত বরেন, কি প্রণালী অব-লম্ম করিয়া ভারতবর্ষ শাসন করেন, ইহা জানিতে আমার অতিশয় ঔংসুক্য হইতেছে ৷ যাদ অব-কাশ থাকে, অনুগ্রহপূর্বক মহাশয় ত(হ) আমাজ बुत्राव्या निम्।

শুরু—। তুনি যে বিষয় জানিতে উংসুক হইরাছ, ঠাহা বুকাইরা দেওয়ানিতান্ত সহজ কথা নয়।
সংক্রেপে ই॰লণ্ডের শাসন-প্রণালী বলিতে যত
সমর লাগিয়াছে, যদি তত সময় আবার এবিষয়ে
ঝাপুতে করা যায়, চাহা হইলেও সমুদয় কথা বলা
হইবে না। যাহা হউক, তুনি যাহা জানিতে এরপ
কৌ তুকাবিষ্ঠ হইয়াছ, সে বিষয়ের স্থল স্থল কথা
বুকাইয়া দিতে আনি সাধ্যানুসারে চেষ্টা করিব।

ইউরোপায় জাতিদিগের মধ্যে সর্বপ্রথমে ইংরেজের। ভারতবর্ষে পদ পণ করেন ২:ই। সমুদ্রপথে ভারতবর্ষে আগমন কর। থায়, ইয়ু-'রোপদেশীয় লোকের ইহা প্রথমে অবগত ছিলেন না। আফ্রিক, মহাগণ্ডের দক্ষিণ উত্যাশ। অন্থ-রীপ স্পর্শ করিয়া কলপথে ভাবতবর্ষে আসা শ্য. পোর্টুগাল দেশ র লোকেবা সর্বাত্রে ইর্ অ'বিষ্কত করেন। পোটুগাল দেশীয় বিংগাত র্নৌবিদ্যাবিশারদ ভাগ্কোডিগাম। এবং ভাঁকার সহচরের৷ ১৪৯৮ খৃ অব্দেব মে মাসে, ভারতবর্ষের পশ্চিম উপকূলস্থিত ক্যালিকট্ নগরে পদার্পণ করেন। নানা বিবাদ বিসম্বাদের পর পোর্ট্গাল-দে বাসী লোকের: ভারতবর্ষে আসন এং৭ করিলে ওলনাজের। এখানে উপস্থিত হন। পোর্টুগাল দেশস্থ লোকেরা এবং ওলন্দ জেরা আপনাদের বানিছা বিস্তার করিতেছে, মহা-ममृक्षिणाली व्हेरलह, प्मण विस्तर्भ, जाननाद्गत কীন্তি প্রখ্যাপিত করিতেছে, ইহা দেখিয়া ইংরে-জেরা আর ত্রির থাকিতে পারিলেন না। ভাহা-দিথেরও বাণিক্রা-আকাক্ষা উদ্দীপ হইয়া উঠিলু।"

১৫৯৯ খৃঃ সাবে কতকগুলি লোক দলবন্ধ হইয়'. ছব লক আশী হাজার টাকা সাগ্রহ করিল: এক স্বলেশস্থ কর্ত্বাক্ষদিগের নিকটে ভারতবর্ষে বাণিজ্য করিবার প্রজ্ঞাশায় আবেদন করিল। সে সমবে মহার'ণা এলিজেবেপ্ সিংল'সনে অপিকঢ় হিলেন। আবেদন পত্রের মর্ম অবগত হইয়া मह'तानी कि कविरवन, अथरम डेड खित कतिरड েরেন ন'ই। পবে অনেক ভাবিয়া চিকিয়া ১৬০০ थुः व्यरकत जित्मध्त भारम এই मकल व-िकानिश्रानिश्रानिधार पश्चिमाय शृत कवितनः . ইছার, পদর বংসর কলৈ ভারতবর্ষে বাণিজ্ঞ করিবার সমন্দ প্রাপ্ত इटेल। সমন্দ্রপ্রাধীর অপনাদের অভিলয়িত সিদ্ধ দেখিয়া, চারি খানি পিনেশ্মামে কৃষ তরী বাণিজাদ্রো পূর্ণ করিয়া ভারতবর্ষাভিমুখে য'ত্র করিল। এই সমবেত লোকেরাই ইফ্ট ইডিয়া কোল্সানী নামে খ্যাত रहेबाट्ड ।

মুসলমানদিগের রাজ র সমযে সেঁ রাষ্ট্র নগর এক অতি সমৃদ্ধ বন্দর ছিল: যে সকল মুসলমান

যাত্রী মেক্কা যাইবার ইচ্চ। করিত, তাহারা সৌ-রাষ্ট্রনগরে উপস্থিত হইয়া সেই খানে জালালে আৰু চইত। এই নিমিত্ত সৌরাষ্ট্রনগর অতি-শার প্রসিদ্ধ ও ঐশ্বর্যাশালী হইয়া উঠিয়াছিল। हे॰ রেজেরা সর্ব প্রথমে সৌবাফী নগরে বাণিজ্য গৃহ স্থাপন করিয়াছিলেন। কিন্তু সেথানে তাহ। দিগকে খনেক দিন তিন্ঠিতে হয় নাই। পোট্ৰগাল-দেশীর লোকেরা ভাঁহাদের অতিশয় বিপক্ষ হইয়া উঠিল। তুই পক্ষে গণ্ডগোল উপস্থিত হইল। ক্রনে এত সর হই রা উঠিল, যে অবশেষে ইংরেজদিগকে সৌরাষ্ট্র নগর পরিত্যাগ করিতে হইয়াছিল।

১৬৪০ খৃঃ অবেদ কর্ণাটদেশীয় এক জন হিন্দু রাজা, এখন যেখানে মান্দ্রাজ নগর অবস্থিত. দেই স্থান ক্রয় করিতে অনুসতি দেন। প্রথমে ইংরেজেরা যথন সেখানে "কোর্ট সেন্ট্ জর্জ" নামক জুর্গ নির্মাণ করিতে আরম্ভ ক্রিয়াছিল্লেন, তথন তথার লোক জনের প্রায় বাস ছিল না। কেবল ছয় মংস্কাবী, এবং এক জন করাশী পাদ্রি, সেখানে বাস ক্রিতেন। কিন্তু বংসুর কয়েকের মধ্যে মান্দ্রাজ নগরের অতিশয় জীর্ন্ধি হুইয়া উটিল।

এই ব্যাপারের প্রায় কুড়ি বৎসর পরে, দ্বিতীয় চার্লস্ নামে ইংলণ্ডের মরপতি স্পেনের রাজকুমারীকে বিবাহ করেন। তিনি স্পেনের রাজার
নিকট হুইতে বয়ে নগর এবং তংসন্নিহিত ভূমি
সমুদয় যৌতুক স্বৰূপ প্রায় হন। স্কুছে রাখিতে
গোলে অনুনক বা্য হয় দেগিয়া, তিনি ভাহার
দৌতুক ভূমি সমুদর ইফ্ ইডিলা কোন্পানীর
শাসনে অবস্থাগিত করিনেন।

এদিগে, লক্ষীর আবাসভূমি সমৃজিপূর্ণ বঙ্গদেশ একবারে উপেকিত হয় নাই। ক্রমে ক্রমে
ওলনাজেরা, পোর্টু গিজেরা, এবং ইংরেজেরা
ছগলি নগরে এবং তংগলিহিত স্থান সমুদ্যে
আগুন আপন বাণিজ্য কুঠা স্থাপন করিয়াছিল।
কিন্তু ইংরেজদিগকে অধিক দিন নিরুপ্তরে
ছগলিতে বাস করিতে হর নাই। তাঁহারা, মোগলদিগের এক ধানি নৌকা রুদ্ধ করিয়া, ছগলির

কর্ত্তপক্ষদিগকে অতিশয় ক্রোধোদ্দীপ্ত করিয়া-ছিলেন। কর্তৃপক্ষেরা এরপ জুদ্ধ হ্ওয়াছে সেখানে অবৃত্তি করা তাঁহাদের আর শ্রেয়ন্দর 'হইয়া উঠিল না। তাঁহারা হুগলি পরিতাগ করিয়া সুভানটীতে উপস্থিত হইলেন।

ইংরেজেরা কথন নিরীহ হইয়া থাকিতে পা-(तम मा। मकलात मक्क उँ। हाएन कल इ इ हे ए লাগিল। ক্রমে ক্রমে এত দূর হইয়া উঠিল, যে ভারতবর্ষের অধিপতি মোগলবংশীয় তুর্দান্ত অরঙজীব বাদশাহ ইংরেজদিগের বিরক্তিকর আচরণে অতিশয় অসম্ভর্ফ হইরা উঠিলেন; এরং हेश्द्रक्रिनिश्दक जाश्मात जिथकात हरेएक नृत করিয়া দিতে আজ্ঞা প্রদান করিলেন। ইংরেজ বণিকেরা এই ছ্বার্ডা অবণ করিয়া চতুর্দিক অন্ধকার দেখিল, ভাঁহার পদানত হইয়া পড়িল, এবং দীন ও বিনর বচনে ভারতবর্ষে পুনরবার অবস্থিতি করিতে প্রার্থনা করিল। ইংরেজদের তুঃসময়ে হিন্দুর্৷ তাঁহাদের অতিশয় সাহায্য করি-মাছিল। যাহাতে বাদশাহের ক্রোধ শান্তি হুর; ভাঁচারা সে বিষয়ে শৃৎপবোনান্তি চেন্টা করিতে বিছুমাত্র ক্রটি করেন নাই। বাদশাহ, ইংরেজ-দের বিনয়ৰাক্যে শাস্ত হইয়া, বার্ষিক কর নির্দ্ধা-রিভ করিয়া, স্থতানটীর যে স্থানে ইংরেজদের কুঠা অবস্থিত ছিল, সেই স্থান টুকু, ১৯৯৮ খৃঃ व्यक्ति, डाइकिंगरक क्षमान कतित्वन । देश्टरकारा এই অবসর পাইয়া, সেই খানে 'কোট উইলিয়ম্' নামক দুর্গ নির্মাণ করিল; এই ছুর্গ নির্মাণ করিবার পর তৎসন্মিবর্তী স্থান সমুদয় ঐশ্বর্যাপুর্র হট্য; উঠিল। এখন সেই স্থান সকল কলিকাত। নামে থাতে হইয়াছে। কলিকাভার মত কোন স্থানই দেড় শত।কার নধে। এৰপ ধনপূর্ণ ইইয়া উঠে নাই। কলিকাভাকে এখন সকলে "প্রাসাদ मश्रव" वटन ।

এই বাপে "ফোর্ট উইলিরম," "ফোর্ট সেন্ট জর্জ" এবং বয়ে, এই সকল স্থানে ইংরেজের। অবস্থিতি করে। প্রথমে এই তিন স্থান পরস্পার বিভিন্ন ও নিরপেক্ষ হইয়া আপন জাপন -কর্ম ক্রিত। এখন এই তিন স্থান ভারতবর্ষত তিন প্রেসিডেন্সির তিন প্রধান নগর হইর' উঠি-য়াছে।

ভারতবর্ষে বাণিজ্ঞা করাই প্রথমে ইংরেজদের অভিপ্রেত ছিল। দেশজয় করিয়া ভারতবর্ষে আধিপতা স্থাপন কর: তালদের উদ্দেশ্ম ছিল না। দেশজয় করা দূরে থাক, ইংরেজেরা আপনা-দিগের ধন প্রাণ রক্ষার নিমিত্তে সর্বুদা সশস্ক ধাকিতেন। বর্গীর হেঙ্গাম হইতে কলিকাত। রক্ষিত করিবার আশিয়ে তালারা মলারাই থাত ধনন করেন।

কিন্তু মানুষের মন সর্বদা একরাপ নছে। যেমন অবস্থাতেদ হয়, মনেরও সেইরপ পরিবর্গ হয়। ক্রমে ক্রমে ইংরেজেরা যেমনি বাণিজ্যবিধয়ে সিদ্ধ-কাম হইতে লাগিলেন, তেমনি ভাহার সঙ্গে সঙ্গে ভাঁহাদের ছুরাকাজ্জাও প্রস্থানিত হইয়া উঠিল।

ইণরেজের। একেবারেই ভারতবর্ষের চক্রবৃত্তি-পদে অধিরোহণ করেন নাই। অনেক ভুমুল সংগ্রাম, করিতে হইয়াছে, অনেক শোণিতনদী প্রবাহিত করিতে হইয়াছে, অনেক ধন উৎসূর্গ করিতে হইয়াছে, তবে ই হারা ভারতবর্ষের অধী-শ্বর হইয়াছেন। জগদীশ্বরের ছর্ম্বোধ অক্তি প্রায়ের ভিতর প্রবেশ করা কাহার সাধ্য! ইংরেজেরা প্রবল প্রভাপশালী মোগল অধিপতির मुখপ্রেকী इहेन्ना कालयाপন করিত; যে ইংরে-জের। নানাবিধ বছ্মূল্য দ্রব্যজান্ত উপহার প্রদান ক্রিয়াও মোগলরাজের প্রসাদ প্রাপ্ত হইত না, এখন সেই ইংরেজেরাই সেই মোগলরাজেরই সিংহাসন গ্রহণ করিয়াছে; তাঁহার বংশধরদিগকে পদতলম্ব করিয়াছে, কুপণবেশে নির্বাদিত করি-য়াছে, এবং আপনারা রাজ্যেশ্বর হইয়া তাহাদের করুণ স্বরকেও কর্ণ কুহরে স্থান দান করিতেছে না। এখন ব্রিটানিরা দেবীর কৃতক্তা তনরেরা ভারত-বর্ষস্থ সমুদর বিপক্ষ পক্ষ বিনাশ করিয়া, হিমালয় অবধি কুমারিকা অন্থরীপ পযান্ত, এবং ব্রহ্মপুত हरेट त्रिकुननी পधान, त्रभूनत ভाরতবর্ষে निक-ন্টক্রে রাজ্যভোগ করিতেছে। ভারতবর্ষে এখন আর এমন কোন রাজাই নাই, যে ইহাদের তুলা व्यञ्चिननी इहेशा हेशाएत मटक मः आत्म व्यइष হয়, একথা বলিলে নিভান্ত অসঙ্গত হয় না।

আনি তোমাকে বলিতে ভুলিয়া নিয়াছি, যে করাশীরাও ইংরেজদের নায় ভারতবর্ষে বাণিজ্য করিবার নিনিত্তে এক কোম্পানী সংস্থাপিত করিস্মাছিল; এবং ভারতভুমিতে আধিপতা স্থাপনের
নিমিত্ত যথেষ্ট প্রয়াস করিয়াছিল। কিন্তু করাশীরা এ বিষয়ে কৃতকার্যা হনতে পারেন নাই।

করাশীর। এবং পোর্টুগিজেরা এখনও ভারত-বর্মণ্ড কোন কোন স্থান অধিকার করেন। দিনা-মারদিগের এখন ভারতবর্ষে একটা স্থানও নাই।

১৭৫৭ খৃঃ অকের ২৩এ জুন তারিখে ইংরেজ সেনাণতি ক্লাইব্ সাহেব, মুরশিদাবাদের ত্রায়া নবাব সেরাজক্দৌলাকে, পলাশীর যুদ্দে পরাজিত করিয়া বাঙ্গলা, দেশ করতলম্ভ করেন। ইংরেজ-দিগের ভারতবর্ষে সাদ্রাজ্য স্থাপনের সেই এথম স্ক্রপাত।

বংস। ইংরেজেরা ভারতবর্ষে কি প্রণালী অব-লয়ন করিয়া শাসন কার্যা নির্দ্ধাং করেন, ভাং। সংক্রেপ বলিয়া দিব। কিন্তু এবিষয় শুনিবার পূর্বে সমুদর ভারতবর্ষ কি প্রকারে বিভক্ত হই-রাছে, তহা এক বার স্মরণ করিয়া দেখ, তাহা না হইলে সমুদর কথা স্পষ্ট করিয়া বৃঝিতে পারিবে না।

সমুদর ভারতবর্ষ কিছু ইংরেজদের অধিকৃত নহে! ভারতবর্ষে এখনও কতকগুলি স্বদেশী সাবিন রাজা আছেন। কতকগুলি স্থান করাশী-দের এবং কতকগুলি স্থান করাশী-দের এবং কতকগুলি স্থান করদ এবং মিত রাজ্য বলিহা পরিগণিত, এবং অপর সমুদয় স্থান ইংরেজদের অধিকৃত। প্রথমোক্ত রাজ্য সমূহ আনাদের বিবেচা বিষয় নহে।

ভারতবর্ষের যে সমুদ্য স্থান ইংরেজদের অধিকারে আছে,তাহা তিন প্রধান ভাগে বিভক্ত, এক এক ভাগকে এক এক প্রেসিডেন্সি কলে। বাঙ্গলা প্রেসিডেন্সি, মাদ্রান্ত প্রেসিডেন্সি, এবং বয়াই প্রেসিডেন্সি। বাঙ্গলা প্রেসিডেন্সির আরো ছই অবান্তর ভেদ আছে, আগ্রা প্রেসিডেন্সি এবং পঞ্জাব প্রেসিডেন্সি। অধেষ্যা, বাঙ্গলা প্রেসিডেন্সির অন্তগত।
কিন্তু বাঙ্গলা প্রেসিডেন্সির অন্য অন্য স্থানে যে
সকল আইন প্রচলিত, অন্যোধ্যায় সেরূপ নহে।
গৈজন্য অযোধ্যাকে "বেবন্দোবন্তি দেশ" সলে।
পঞ্জান দেশও অনেক অনোধ্যার মত: কিন্তু এ
ত্যুরে কিছু ভেদ আছে। ভারতবর্ষের অন্য অন্য কোন কোন স্থানও অযোধ্যার মত "বেব্দোবন্ধি"
আছে।

এফাণে ভ'রতবর্ষের শাসনকায়। কিনপ, তাতা শ্রুবং কর।

পূর্বে ''কোম্পানীর' হতে ভারতবর্ষশাসনের
তার ছিল এখন মহারানী সেই ভারএছন করিয়াছেন। ভারতবর্ষের কার্যা সমূহের ভত্তাব্ধারন
ববিবার নিমিত্র ইংলত্তে এক সভা সংস্থাপিত
হটয়াছে, তাহাকে "ইণ্ডিয়ান কাউন্সিল" অর্থাৎ
'ভারতসভা,' বলে; এবং এই সভার সভাপ হিকে
'সেকেটরি অব্ ফেট্ ফর্ ইণ্ডিয়'' কছে। এই '
সভার প্রের জন সভা। অধিকাংশ সভাদিগকে
একপ ইইছে হইবে যে, তাঁহার। অন্যুন দশ বংস্ক

কলৈ ভারতবর্ষে বাস করিয়াছেন। ভারতবর্ষ
কিরপে শাসিত হওয়। উচিত, তাহা পার্লেমেন্ট
স্থির করেন, এবং এই সভা তদনুসারে কার্য্য
করেন। ভারতবর্ষের শাসন বিধয়ে, এই সভার
অধিকাংশ সভারা যাহা স্থির করেন, তাহাই
কর্তবা, বলিয়া নির্দ্ধারিত হয়। সভাপতিকে
পার্লেমেন্টে, ভারতবর্ষ সুশৃত্থলা পূর্দাক শাসিত
হইতেছে কি না ইহার, জবাবদিহি করিতে হয়।
"ভারতসভার" আজ্ঞানুসারে কার্য্য করিবার
নিনিত্ত এক জন প্রধান শাসনকর্তাকে নিমুক্ত করেন।
মহারানী সেই প্রধান শাসনকর্তাকে নিমুক্ত করেন।

গবণর জেনেরল বাহাদ্যরের সহায়তা করিবার নিমিত্ত এক সতা আছে, তাহাকে "গবর্ণর জেনে-রলের সতা বলে। এই সভার সভ্যক্তপে ভারত-বর্ষের সেনাপতি শুদ্ধ ছয় জন অমাতা নিযুক্ত হই(বন। ঘাঁহার। অন্ততঃ দশ বৎসর কাল ভারত-বর্ষে বাস করিরাছেন, তাঁহার। ভিন্ন আর কেহই এই সভার সভ্য হইবে না। কিন্তু সেনাপতির প্রতি এ নিয়ম খাটিবেক না।

সেই শাসনকর্তাকে 'গবর্ণর জেনেরল' কছে।

শাবর্ণর কেনেরল্ বাহ. ছার এবং ভাঁলার অমাত্যেরা সমবেত হং য়। যে সভা হয়, তাহালে
"গবর্ণর জেনেরল্ ইন্ ক'টিলিল্" বলে । সদ্ধি
বি গ্রহাদি সমুদ্য় বিষয় এই সভাব অনুমতি ভিন্ন
কথন সংখাদিত হয় ন' । এই সভাব সমুদ্য
সভোৱা বেতনভোগী । গবনর কেলেবেল্বাহাল
কব ভারতবর্ষের নথা খেখানে ইছ্যা ভাইবেন; এবং
খেখানে ইছ্যা সেই খানে ভাহাদিগকে সভা করিতে
বলিতে পারিবেন ।

ভারতবর্ধের আ ইন সমুদ্য প্রস্তুত করিবাব নিমিত্র এক অভিনব সমাজ সংহাপিত হইবে, ভির হইয়াছে। গবণর ক্রেনেরল্ বালজর এই সমাজের সভাপতি ইইবেন; এব ভালার আমা-ভোরা ইহার সামাজিককপে পরিগণিত ইইবেন। অন্যুন ছয় জন এবং অনুর্জ্ব বার জন, এই সমাজের সামাজিক নিযুক্ত হইবেন। এই মুনা-জের অর্জেক সামাজিক গদ গবণর জেনেরল্ বাহাছ্র, চিহ্নিত কর্মচারী ভিন যালাকে ইক্ষা প্রদান করিতে পারিবেন। কি ভারতবর্ষবাসীঃ

कि देश्दाक, कि यमा काछि, मकन वाक्तिके এখন এই সমাজে সামাজিক আশন গ্রহণ করিতে পারিবেন। সামাজিকেরা কেবল ছুই বৎসর কাল অপনাদের সামাজিকপদ রাখিতে পারিবেন। এই সামাজিকেরা যাহা আইন বলিয়া নির্দারিত কবিৰেন, ভাছাই দেশের প্রচলিত আইন হইবে 🖟 কিন্তু এই সমাজ যাহা আইন হইবে বলিয়া স্থির করিবেন, গবর্ব জেনেরল্বাহ ছুর তাহাঞ্চ সম্মতি না দিলে তাহা আইন বলিয়া পাঁরিগণিত इंडेर्ड मा

অত্যন্ত আৰখ্যক হইলে গবর্ণর জেনেরল বা-হাত্তর, কাহারও অনুমতি অপেক্ষানা,করিয়া, স্বয়ণ কোন কোন আইন ক্রিটে পারিবেন।

মান্ত্রাজ এবং বোদাই প্রেসিডেন্সির, শাসন করিবার নিমিত্ত, গ্রণ্র জেনেরল বালাছুরের অধীনে, এক এক শাসনকর্ত্তা নিযুক্ত আছেন। ভাঁহাদিগকে ''গবর্ণর " বলে। শাসনকায়ো ভাঁহা-দিগকে সাহায্য করিবার নিমিত্ত তাঁহাদিশের এক এক সভা আছে। ভারতবর্ষের সেনাপতি শুদ্ধ

তিন জন অমাত্য এই সভার সভ্যরতে নিযুক্ত আছেন। ভাঁহারা সকলেই বেতনভোগা

বাঙ্গালা আত্রা এব° বস্থে প্রেসিডেন্সির শাসন-ভার ''লেফটেনেন্ট '।বর্ণর'' নামে এক এক জন শাসনকর্তার উপর অর্পিত আছে।

উপবি উক্ত গ্ৰণ্র এব' লেফ্টেনেন্ট গ্ৰণ্র-দিগের অধিকার মধ্যে আইন প্রস্তুত করিবাব নিমিত্ত এক এক ব্যবস্থাসমাজ স্থাপিত চ্টবে।

গবর্ণরদিগের অধিকার মধ্যে যে বাবস্থাপক সমাজ স্থাপিত হইবে, তাহাতে অন্যান চারি জন এবং অনুর্দ্ধ্ আট জন, সামাজিক নিযুক্ত হইবে।

লেক্টেনেন্ট গবর্ণরদিগের অধিকারের মধ্যে যে যে ব্যবস্থাপক সমাজ সংস্থাপিত, হইবে, তা-হাতে কত জন সামাজিক হইবে, তাহা এখন পর্যান্ত জির হয় নাই। কিন্ত, ইহা স্কির হইয়াছে বে, লেক্টেনেন্ট গবর্ণর সেই সমাজের এক ভূতীয়া॰শ সামাজিক গদ চিহ্নিত কর্মাচারী ভিন্ন নে কোন উপযুক্ত ব্যক্তিকে দিতে পারিবেন।

বন্ধে এবং মাজ্রাজ ে সিডেন্সির ব্যবস্থাপর্ক সমাজ, এবং লেফ্টেনেন্ট গ্রব্যর্নিগ্রের ব্যবস্থা-প্রক্রান্য জ, এ চুয়ের কিছু ভেদ ফার্চ্চে ।

পূর্দ্ধে ক সমুদদ বাবাং। শেন সদাজে যাত।
আইন হইবে বলিয়। স্থিনিক্ত হইবে, গবণব
জেনেরল বাহাত্তর ভাহাতে সম্বতি না দিলে, ভাহা
আইন বলিয়া প্রিগণিত হইবে ন।

গ্ৰণর জেনেরল্ বাহাছ্র, গ্ৰণ্র, এবং লেফ্টেনেন্ট গ্ৰণ্রেরা পাচ বংসর কাল আপ-নালের শাসনকত্বপদ র থিতে পারেন। কিন্তু গ্রণ্র জেনেবল রাহাছ্যরিদিগকে পাঁচ বংসর অপেক্ষণ্ড অধিক সময়, ভারতবর্ষের শাসনকর্ড। ৰূপে থাকিতে দেখিতে গাওয়া যায়।

গবর্ণব এব॰ লেফ্টেনেন্ট গবর্ণর ভিন্নও অ-

নেক র'জকর্ম্মচারী অ'ছে: তাংনিগের কথা অতি সংক্ষেপে বলিতেছি।

ভারতবর্ষের রাজক্ম চারীর; তুই প্রধান অংশে চিক্তিত, এবং ভাচিক্তিত। যাহার। ইংলণ্ডে নির্দ্ধারিত পরীক্ষা প্রদান করিয়া ভারত-বর্ষে রাজকর্ম করিতে আগমন করিয়াছে,ভাহারাই 'চিক্লিড' কর্মচারী বলিয় পরিচিত। পূর্বাবধি এই প্রধা চলিয়া আসিতেছে যে, যাহারা চিব্লিত কর্মচারীৰূপে পরিগণিত হইতে ইচ্ছা করে, তাহা-দিগকে লেখাপড়া করিয়া দিতে হইবে যে, তাহারা সমুদর আজ্ঞা প্রতিপালন করিবে, আপনাদের সমুদয় ঋণ পরিশোধ করিবে, এবং ভারতবর্ষবাসী-দিগৈর সহিত সন্ধ্যবহার করিবে। 'চিক্লিড' কর্ম-চারীই রাজ্যের প্রধান প্রধান গদে নিযুক্ত হয়।

এক্ষণে স্থির হইয়াছে যে পূর্বের কেবল চিছিত কর্মাসারীরাই যে সকল কর্মে নিযুক্ত হইতেন, তাছার মধ্যে কতক গুলি কর্মে, (পবর্ণর ক্রেনে-রল্প বাহাছর এবং 'সেক্রেটরি অব্ ফেট্ কর্ ইপ্রিয়া' ইহাঁদের উচিত বোধ হইলে) অচিছিত কর্মাসারীও নিযুক্ত হইতে পারিবে।

'চিক্লিড' কর্মচারিগণের মধ্যে কতকগুলি 'ম্যা-जित्छ हैं अरे नाम धार्म कतिया, कोकमाती মকদন। সমূহের তত্ত্ববিধারণ করেন। ক্তকগুলি কালেক্টৰ নাম ধারণ করিয়া রাজস্ব আদায় ক-বেন। কতকগুলি, কমিসানর পলে নিযুক্ত হইয়া রাজকর ঘটিত ও অন্যান্য ব্যাপারে হস্তকেপ কবেন। এবং জজু নামধার। কৃতক গুলি কর্ম্চারীর উপর দেওয়ানা এবং ফৌজদার্র্য মকক্ষম সমূ ছের তত্ত্বাবধার। র ভার আছে। সদরআমীন, এবং প্রিন্দিপাল সদর আমীন, প্রভৃতি নিমুতর विधानशक्तिमत निक्छे इहेट कार का निक्रि আগীল হয়। কিন্তু সদর দেওয়ানী আদালত, ভারতবর্ষের মধ্যে শেষ আগীলস্থান।

প্রত্যেক প্রেসিডেন্সিতে এক এক সদর আদালত ,আছে। পঞ্জাবে এবং অযোধ্যায় সদর আদালত নাই।

সদর আদালত ছই ভাগে বিউক্ত। এক ভাগে সমুদ্য দেওরানী আপিলী মকদ্দমার নি-স্পাত্তি হয়, এবং অপর ভাগে কৌজদারী সকদ্দমা সমূদের বিচার হয়। দশ হাজার অপেকা অধিক টাকার মকজনা হইলে তাহার আবার বিলাত আপীল হয়।

কলিকাতা, মান্দ্রাজ, এবং বয়ে, এই তিন নগরে, ইংলগু দেশের আইন প্রচলিত; এবং এই তিন নগরে 'সুপ্রীমকোর্ট' নামে এক এক ধর্মা-ধিকরণ আছে। ইংলগুষরী এই বিচারালয় সমূহের বিচারপতিদিগকে নিযুক্ত করেন। একণে সুপ্রীমকোর্ট এবং সদর আদালত ভিন্ন ভিন্ন না ধাকিয়া, এক হইয়া যাইবে।

বংস। ভারতবর্ষের শাসন-প্রণালী বিষয়ে অভি
সংক্ষেপে অবসরোচিত তুই চারিটা কথা বলিলাম। এখন ভারতবর্ষের শাসন-প্রণালী এবং
ইংলণ্ডের শাসন-প্রণালী এ ছই তুলনা করিয়া
দেখ, ভাহা হইলে উভয়ের দোধ গুণ বুঝিতে
পারিবে।

শিষা — আৰ্ঘ্য ! আমি কেবল ঐ বিষয়ই চিষ্টা কৃষিতেছি। ইংলতের শাসন-প্রণালী এবং ভারতবর্ষপ্লকডিত শাসন-প্রণালী, এই চুই তুলফা

করিয়া দেখিয়া আমার নিশ্চয় বোধ হইতেছে যে. পূর্বোক্ত শাসন-প্রণালী, ভারতবর্ষের শাসন-व्यनाली जरभका महञ्रखन उँ दक्षी। डेश्लरखन শাসন-প্রণালী একবার স্মরণ করিলে, অমনুভূত-পূর্ব বিশায়বদে জন্ম উচ্চলিত হয়. এবং আদর ও গে'রব হৃদয়কে বিলোড়িত করে। এৰপ চমংকার তন্ত্রস্থিতিই ইছাদিগকে একপ বীঘ্যবান্, এৰপ স্বৰ্ণীন, এবং এৰপ প্ৰহ্ৰপলালী করি-রাছে। একপ স*ক্*ঞে**সুন্দ**র তন্ত্রস°তা না থ'কিলে ইহারা কণ্ডই সসাগরাধরণ তে আধিপত্য বিস্তার করিতে পারিত না। কিন্তু হাম। তাহারাও মানুষ, আমরাও মানুষ। কেন কেবল তাহারাই এরপ তেজস্বী হইয়'ছে, ধরাত্রত সমুদয় জাতিকে করতলত করির।ছে, সর্বা আদৃত হইতেছে, বিজ্ঞানশাস্ত্রের জয়পতাক৷ উত্তীন করিতেচে, এবং স্বদেশে শান্তিস্থাপন করিয়া সুখসম্ভোগে কালাতিবাহন করিতেছে। অমরা কেন না ভ'হাদের অনুসরণ করি। মহাশয়! আমার বোগ হয়, ভারতবর্ষের অবস্থা অভি জঘন্য বলি-ब्रोक्ट, के जरून महाशुक्रस्यतः वशास हेल्ला उत

ন্যায় তন্ত্রস্থিতি প্রবর্ত্তিত করিতেছেন না। কেনই বা ভারতবর্ষের অবস্থা এত মন্দ। আমাদের দেশের লোকদের কি কিছুমাত্র লক্ষ্যা বোধ হই-তেছে না। তাঁহাদের মনে কি ঘুণার লেশমাত্র নাই। তাঁহারা কেন না সাধুজনকুণ্ণ এৰপ সহজ পথ অবলয়ন করিয়া মুক্তকঠে ইংরেজদের সাধ্-বাদ করিতে করিতে সুথধামে যাইতে চেই। करतम मा? आर्या! अश्रीश्रत यि आमा-কে বাঁচাইয়া রাথেন, আমি কায়মনোবাক্যে ভারতবর্ষের মঙ্গল চেষ্টা করিব, এবং আমার সহচরদিগকে আমার সার্থ করিব।

ट मटमास्य मुक्तवर्ग । य यथारन थाक, आमात বাকা অবহিত হইয়া শ্রবণ কর।

আহার, বিহার, শয়ন, উপবেশনই কিছু জीवत्नत्र উटल्क्ष्ण नटक्। वार्थनिष्णामनशत्रवारे কিছু জ বনের উদ্দেশ্য নহে। ধন-পিশিত-वात्र-गृथुकोहे किছू कीवरनंत छेएकश्च नेरह। निवर्गक्त मूथे किছू जीवरनव উष्मिश्च नरह। আত্মোংকর্ষবিধান, পরিবারের মঞ্চল, সমাজো-মতি ও দেশোরতিই জীবনের উদ্দেশ্য। তবে কেন

ভোমরা নিশ্চিন্ত রহিয়াছ। বয়স্যবর্গ! ভোমা-দের উপর কিৰূপ ভার অর্পিত আছে, তাহা একবার বিবেচনা করিয়া দেখ। ঝঞ্চাবাতের পৃষ্ঠারোহণ করিয়া নভোমগুল হইতে, নক্ষত্র' উৎপাটিত করিতে হইবে—ভোমাদিগকে ভারত-বর্ষের, পুনক্জজীবন করিতে হইবে। তোমরা যদি মনোরুত্তি সকলকে সম্মার্ক্তিত না কর, ভোমরা যদি শরীর সবল করিতে চেষ্টা না পাও, তাহা হইলে কোন মতে হিস্ত্বংশের নাম রাখিতে পারিবে না। তোমরা সামানা কুলে জন্মগ্রহণ কর নাই—তোমরা আর্য্যবংশসম্ভূত। সেই কালের खांत्ररञ्ज, हेश्लटखत ७ कथारे नारे, यथन मिनत-(मनीय ब्रह्थकाय अञ्चरकम खड मकल, जील-নদের প্রতি অবনত মুখ হইয়া হাস্য করে নাই— যথন অধুনাতন সভ্যমগুলীর আদর্শ স্বৰূপ গ্রীশ দেশ স্তিকাগৃহে ছিল, — যথন সর্বগুণালকৃত হান্ত্রিল-পবিত্রীকৃত কার্থেজ, বাল্য জীড়া করিত —যখন দিখিজয়ী রোমও মাতৃগর্ভে ছিল, তাহার পুর্বেও আ্নাদের ভারতভূমি সৌভাগ্য-শালী হইয়াছে, একাধিপত্য করিয়াছে, বর্ষর-

দিণের অঙ্গ স্বৰূপ হইষাছে, মহাজনদিগের मन प्रांनात्लाकनीक्ष कतियार्ह, भिन्दाविनान्, প্রচার করিয়াছে, অকাশের গ্রামন্ত্রপণ করি বছে, এব' লক্ষ লক্ষ বে ছানে ' বি স্বভ চন্দ্ স্থায়র ও এলণ গণনা কবিষাছে। কিন্তু লায়। "তে হি নো দিবস। গত।-" * একবার নেয়ে।-না'লন করিয় দেখ, সেই ভারতভূমির কিৰু ' তু দশ হউয'ছে। আমাদের গিভামহের ফে সকল প্রসাক্দিগকে পাদাহত করিতেন, এব য শর্ম বন্ধ প্রেলি হইয়া ও হাদের মুগপ্রেকী হ÷া, থাকিত, তাহাদের গুণ*স্পদ সেই সকল বিজ্ঞানীয়েয়াও স্বাধানতা তেগে কবিতেছে. অ পন্দের দেশকে প্রথম গণ্য করিয় ছে, যথন কিন। সর্বমূল ভারতব্বীদের। কন্ধানশেব ও र्गलम्मतिष्ठ इष्टेश्न', वर्षतिष्ठित्रत्र भागत्तव्य कति ্তেছ, এবং আপনাদের দেশকে উৎসন্নারত भावता अ केक्ट्रम निका य केटक्ट ।

^{*} चा म (प्रट :र सरल अम र र एहं।

হা অয় বসুস্করে! তোমার প্রিয়তম তন্য়াকে বিধবা ও নামশেষা দেখিয়া, ভোমার কি কিছু कर्षे इट्रेट्ट मा । একবার স্মরণ করিয়া দেখ, তোমার দৌহিত্রদের পূর্বেই বা কিৰূপ সমৃদ্ধি ও আধিপতা ছিল, এখনই বা কিৰূপ হইয়াছে। এককালে কালিদাস, ভবভূতি; আর্য্যভট্ট, ভাস্করা-ঢার্য্য; বুদ্ধদেব, শঙ্করাচার্য্য; গেতিমদেব, দৈপা-য়ন; যুধিছির, রামচন্দ্র; অর্জুন, কর্ণ; বিক্রমাদিত্য, চন্দ্রগুপ্ত; চাণকা, কামন্দক প্রভৃতি মহামহো-পাধ্যায়, মহাবীর, মহোদয়গণ, তোমার এই তন-রার গর্ভেই জন্ম গ্রহণ করিয়া, মহা মহা অবদান সম্পাদিত করিয়া, এই পুণাভূমি ভারতভূমির মুখ উজ্জ্বল করিরাছিলেন। এককালে এই দেশ হইতেই সভ্যতাকিরণ চতুর্দ্দিকে বিকীর্ণ হুইয়া-ছিল ; এককালে দিন্দিগন্তন্তিত অসুরকার পুরু-বেরা, আমাদের নিকট হইতেই রাজনীতি শিক্ষা ক্রেড, যুদ্ধবিদ্যা অভ্যাস করিত, এবং সামাজিক আচার ব্যবহার সকলের অনুকরণ করিতে চেষ্টা করিত। এখন আর তাহার বিল্ফু বিসর্গত নশই। ্রামাহ নিদ্রায় অভিভূত হইয়া, এবং প্রমাদশ্যায়

শয়ান হইয়া, ইহারা কেবল অন্যের গলগ্রহ

হইয়া জীবনযাত্রা নির্বাহ করিতেছে"। এখন
উহারা অধ্যবসায়কে বিস্মরণ করিয়াছে, এবং
আজন্মপরিচিত, বালসুহৃদ্ অস্মা সাহসের নামও
করে না। এখন কেবল তাহারা বাগাড়য়রপরায়ণ

হইয়া আপনাদের সর্বনাশ করিতেছে।. উঃ!
ঐ সকল স্মরণ করিলে আমার সর্বশরীরের শোণিত শুদ্ধ হইয়া যায়। পূর্বতন অবস্থা, এবং
ইদানীত্তন অবস্থা স্মরণ করিলে কোন্পায়াণহৃদ্য়ের হৃদয় না বিদীর্ণ হয়!

হা জননি! কেন তুমি একপ কলবতী, একপ
মধুরাকৃতি হইরাছিলে। কেন তুমি এত সমৃদ্ধি
এবং এত ঐশ্বর্যার প্রস্থৃতি হইরাছিলে। তাই
জন্মেই ত পদে পদে তোমার এত বিপত্তি ঘটে।
তাই জন্মেই ত বিদেশস্থ নরপতিরা লোলজিহর
হাইরা, গৃধ্বের ন্যায়, ব্যাঘ্রের ন্যায়, তোমার
আমিষ ভক্ষণে একপ আকাজ্জা করে। তুমি যদি
সেই স্থানের মত, যেখানে প্রচন্তস্থ্যিকিরণোভাপিত, উৎকট-ঘূর্ণা-বাত্যোথিত বালুকারাশি,
অনবর্ত চতুর্দিক্ অন্ধকার করিয়া রাথিয়াতুহ,

সেই আফ্রিকাদেশস্থ সাহারা মরুভূমির ন্যায়, ফলহীন, জলহীন, এবং তৃণশূন্য হইতে, তাহা হইলে কোন ব্যক্তিই স্মিতবিক্ষিত আননে তোমার নিকটে আদিয়া, তোমার প্রশ্রর পাইয়া, তোমার সর্ব্নাশ করিত না। যদি তুমি লাপ্লাও দেশের ন্যায় চির্দিন তুষার্রাশিপরির্ভ খা-কিতে, তাহা হইলেও কেহই তোমার সমীপবর্তী হইত না। তাহা হইলে তোমার সন্তানদিগকে कांनकार्तरे चाठबामूरथ कनाक्षित पिरठ रहेउ না। এখন ভাগ্য করিয়া মান, যে এখন যাঁহারা ভোমার উপভোগ করিতেছেন, তাঁহারা পূর্বশ্রুত শাসন-প্রণালী-সুখীক্কৃত ব্রিট্যানিয়া দেবীর বং-শোদ্ভব। পূর্ব্ব পূর্ব্ব পাপাত্মাদের মত, ভাঁহারা তোমার সহিত ব্যবহার করিবেন না। তুমি যাহাতে স্থা হও, তাঁহারা সর্বতোভাবে তাহার চেষ্টা করিবেন। কিন্তু তাঁহারা তাঁহাদের কর্ত্তব্য কর্ম[ি] করিবেন বলিয়া, আমরা নিশ্চিন্ত থাকিব কেন ্ কেন আমরা আমাদের আলস্যপূর্ণ ভ্রাতৃ-গণের ন্যায় নিছা কুথায় কালক্ষেপ করিব।

• অ্যসর হও। মোহনি<u>দা পরিত্যাগ[®] কর।</u>

পশ্চাৎ আর দৃষ্টিক্ষেপ করিও না। সমুদ্র উদ্বেল হইয়া পৃথিবীকে উদরস্থই বা করুক,—প্রলয়প-র্জ্জন্য সকল একত্রীক্কত হইয়া, যোরতর সিংহনাদই ষা করুক—পৃথীতলস্থ গ্রুকখনিসমূহ উদ্ঘাটিত হইয়া ভূতধাত্ৰীকে দগ্ধাবশেষই বা কৰুক— পৃথিবী কক্ষাভ্রম্ট হইয়া সৌরজগৎকে ছিন্ন ভিন্নই বা করুক, তথাপি কোন মতে স্থলিতপাদ হইও না। আপনার লক্ষ্যের প্রতিধাবমান হও। রুথা-অর্ণারোদনে ফল কি : "তে নির্যাম্ভ ময়া সহৈক-ননসো যেষামভীষ্টং যশঃ''*। এস আমরা অনন্য-ব্যাসক্ত হইয়া, এবং মিথ্যামাহাল্য্য-গব্ধিত না হইয়া, আপনাদের বুদ্ধিবৃতি উৎকর্ষিত করি, শরীর সবল করি, মন উন্নত করি, তাহা হই-লেই আমাদের দেশ সকল দেশের শিরোরত্ব হইবে, তাহা হইলেই আমাদের দেশে এৰপ শাসন-প্রণালী প্রচলিত হইবে, তাহা হইলৈই আমরা ঐশ্বপ রাজ্যন্থিতি নিবন্ধন অবিচ্ছিন্ন সুখ

[🌟] যুহি:দের কীর্ত্তিলাভের বাসনা থাকে, ভাহার। অংমার সহিত বহির্গত হউক।

ভোগ করিরা ইংরেজ মহাজনদিগের গুণোৎকীর্ত্তন করিতে করিতে আপনাদের মাহাল্য বিস্তার
করিব; এবং ভাহা হইলেই আমরা ইংরেজদের
প্রসাদে স্বাধীনভার কিরূপ অনির্বাচনীয় সুথ ভাহা
অনুভব করিতে পারিব:

मच्युर्व ।